রাজ্যোপলব্ধির্দশমে স্থিতস্য
বিলগ্নগস্যাপ্যথবা দশায়াম্।
তয়োরভাবে বলশালিনো বা
সন্রাজ যোগা যদি জন্ম কালে ॥ ৪৭০

ইতি ঢুণ্ঢিরাজ মতে জাতকাভরণে রাজ যোগাধ্যায়ঃ।

---

## অথ রাজযোগ চিহ্ন সামুদ্রিকে।

প্রসূতি কালে প্রবলা যদি স্যুর্নৃপাল যোগাঃ পুরুষস্য যস্য।
সম্রাজ চিহ্নানি পদে তদীয়ে ভবন্তি বা পাণিতলে প্রদিষ্টাঃ ॥ ১॥
অনামিকা মূল গতা প্রশস্তা সা কীর্ত্তিতা পুণ্যবিধান রেখা।
মধ্যাঙ্গুলে যা মণিবন্ধমাপ্তা রাজ্যাপ্তয়ে সা চ কিলোর্দ্ধরেখা।২
বিরাজ মানং যবলাঞ্ছনশ্চেদঙ্গুষ্ঠমধ্যে পুরুষস্য যস্য।
ভবে যশস্বী নিজবংশ ভূষা ভূষাবিশেষৈঃ সহিতোবিনীতঃ॥৩॥
চেদ্বারণো বাজুপরাবণঃ বা বৈসারিণঃ পুষ্করিণী স্বর্ণিকা।
বীণাচ পাণৌ চরণে নরাণাং তেস্যুর্নরাণামধিপা বরেণ্যাঃ ॥ ৪ ॥
আদর্শমালা করবালশৈল হলাশ্চ যৎ পাণিতলে মিলন্তি।
স্যান্মাণ্ডলীকোঽবনিপালকো বা কুলে নৃপালঃ কিলতারকঃস্যাৎ ৫
চেদ্যস্য পাণৌচরণে চ চক্রধনুর্দ্ধরাজব্যজনাসনানি।
রথাশ্ব দোলাঃ কমলাবিলাসাঃ তস্যালয়েস্যুর্গজবাজি বাসাঃ ॥ ৬॥
স্তম্ভোঽপি কুম্ভস্য তরুস্তরঙ্গো গদা মৃদঙ্গোঽঙ্ঘ্রি কর প্রদেশো।
দণ্ডোঽথবা খণ্ডিত রাজ লক্ষ্মীঃ স্যান্মণ্ডিতঃ পণ্ডিতশৌণ্ডিকৈর্ব্বা ৭
নরস্য নাসা বিততাহি যস্য বক্ষস্থলং বাপি শিলাতলাভম্।
নাভির্গভীরোঽতি মৃদুর্ভবেত্তামারক্ত কর্ণৌ চরণৌ চ ভূপঃ ॥ ৮॥
প্রশস্ত মূর্ত্তি সমুদার চেতা বংশাভিমানঃ সুখভাক্ বিনাশঃ।
অনীতি ভীরুর্গুরু সাধু নম্রঃ সম্রাজ্য লক্ষ্মীং লভতে মনুষ্যঃ ॥ ৯
করতলে নসু যস্য তিলোভবেদবিরলঃ কিল তস্য ধনাগম।
পদতলে চ তিলেন সমন্বিতে নৃপতি বাহন চিহ্ন সমন্বিতঃ ॥ ১০
এতৎ ফলং রাজ কুলোদ্ভবানাং স্যান্মাবানাং মুনয়ো বদন্তি।
প্রকল্পয়েদস্য কুলোদ্ভবানাং ন্যূনং তদূনং স্বকুলানুমানাৎ ॥ ১১ ॥
চিহ্নানি যানি প্রতিপাদিতানি ব্যক্তানি সংপূর্ণ ফল প্রদানি।
বামে তরেঽঙ্ঘ্রি চ করেনরাণাং ধন্যানি বামেথলু কামিনীনাং ॥১২

ইতি সামুদ্রিকে রাজ যোগ চিহ্ন।

## অথ ঢুণ্ঢিরাজ মতে রাজযোগ

ভঙ্গঃ।

শত্রুক্ষেত্রগতৈঃ সর্ব্বৈর্বর্গোত্তমগতৈ রপি।
রাজযোগো বিনশ্যন্তি বহুভির্নীচগৈগ্র হৈঃ ॥ ১ ॥

গ্রহগণ বর্গোত্তমগত হইয়াও যদি শত্রুগৃহে কিম্বা স্বীয় নীচভবনে থাকেন, তাহা হইলে রাজযোগ ফলপ্রদ হইবে না। ১

চন্দ্রং বা যদি বা লগ্নং গ্রহো নৈকোঽপি বীক্ষতে।
তথাপি রাজ যোগানাং ভঙ্গমাহ পরাশরঃ ॥ ২

মহানুভাব পরাশর বলেন, যদি লগ্নে বা চন্দ্রে কোন গ্রহেরই দৃষ্টি না থাকে, তাহা হইলে রাজযোগ ভঙ্গ হয়। ২

স্বাংশে রবৌ শীতকরপ্রদৃষ্টে পাপৈশ্চ দৃষ্টে শুভ দৃষ্টি হীনে।
কৃত্বাপি রাজ্যঞ্চবলে মনুষ্যঃ পশ্চাৎ সুদুঃখং লভতে হতাশঃ॥৩

রবি স্বীয় নবাংশে অবস্থিতি করিলে যদি তাহতে চন্দ্রের ও পাপগ্রহের দৃষ্টি থাকে ও শুভগ্রহের দৃষ্টি না থাকে তাহা হইলে মনুষ্য প্রাপ্তরাজ্য হইতে ভ্রষ্ট হইয়া বনে বনে বিশেষ দুঃখ ভোগ করে। ৩

উল্কা ব্যতীপাতদিনে তথৈব
নৈর্ঘাতিকে কেতু সমুদ্ভবে বা।
চেদ্রাজযোগেঽপি চ যস্য সূতি
র্নরো দরিদ্রোঽতিতরাং ভবেৎ সঃ ॥ ৪ ॥

উল্কা ও বজ্রপাত দিবসে, ব্যতীপাতযোগে কিম্বা ধূমকেতুর উদয়কালে যাহার জন্ম হয়, সেই ব্যক্তির রাজ-যোগ থাকিলেও অতি দরিদ্র হয়। ৪

তুলায়াং নলিনীনাথঃ পরমং নীচমাশ্রিতঃ।
নির্দ্দিষ্ট রাজযোগানাং দলনায় ভবেদলম্ ॥ ৫ ॥

যদি রবি পরম নীচ অর্থাৎ তুলার দশমাংশে অব-স্থিতি করেন, তবে নির্দ্দিষ্ট রাজযোগ থাকিলেও তাহা ভঙ্গ হয়। ৫

মৃগলগ্নে সুরাচার্য্যঃ পরমং নীচমাশ্রিতঃ।
রাজযোগোদ্ভবস্যাপি কুরুতেঽতি দরিদ্রতাম্ ॥ ৬ ॥

যাহার জন্মকালে বৃহস্পতি পরম নীচ অর্থাৎ মকরের পঞ্চমাংশে অবস্থিতি করেন, সেই ব্যক্তি রাজযোগে জন্ম গ্রহণ করিলেও অতি দরিদ্র হয়। ৬

বাচস্পতিশচাস্ত মিতো গ্রহেন্দ্রাস্ত্রয়স্তু নীচেষু যটে বিলগ্নে।
একোপিনোচ্চে দশমেঽপি পাপা ভূপালযোগা বিলয়ং প্রয়ান্তি ॥৭

কোন ব্যক্তির কুম্ভলগ্নে জন্ম হইলে যদি বৃহস্পতি অস্তগত থাকেন, ও তিনটী গ্রহ স্বীয় স্বীয় নীচ গৃহে অবস্থিতি করে এবং একটী গ্রহও উচ্চ স্থানে না থাকে, ও দশম স্থানে পাপগ্রহ থাকে, তাহা হইলে জাতব্যক্তির রাজযোগ বিফল হয়। ৭

প্রসূতো দানবাচার্য্যঃ পরমং নীচমাশ্রিতঃ।
করোতি পতনং নূনং মানবানাং মহাপদাৎ ॥ ৮ ॥

যাহার জন্মকালে শুক্র রমণীর অর্থাৎ কন্যার ২৭ অংশে অবস্থিতি করেন সেই ব্যক্তি রাজপদাভিষিক্ত হইলেও পদচ্যুত হয়। ৮

যদি তনয় গৃহস্থো রাহুরিন্দু প্রদৃষ্টঃ
সহজ রিপুভবস্থা ভানুমন্দাবনেয়াঃ।
শুভবিরহিত কেন্দ্রৈরস্তগৈর্ব্বাপি সৌম্যৈঃ
ভবতি নৃপতি যোগোব্যর্থভাবোপি চিন্ত্যঃ ॥ ৯ ॥

যদি পঞ্চম স্থানে রাহু অবস্থিতি করেন ও তাহার প্রতি চন্দ্রের দৃষ্টি থাকে এবং তৃতীয় স্থানে রবি, ষষ্ঠ স্থানে শনি ও একাদশ স্থানে মঙ্গল থাকেন এবং কেন্দ্র ভবনে কোন শুভগ্রহ না থাকিয়া অস্তগত হন, তাহা হইলে রাজযোগ বিফল হয়। ৯

কেন্দ্রেষু শূন্যেষু শুভৈর্নভোগৈরস্তংগতৈ নীচগৃহস্থিতৈর্ব্বা।
চতুগ্রহৈর্ব্বাপ্যরিমন্দিরস্থৈর্নৃপাল যোগা বিলয়ং প্রযান্তি ॥১০

যদি কেন্দ্রস্থানে কোন গ্রহের অবস্থান না থাকে ও শুভগ্রহগণ অস্তগত কিম্বা নীচ গৃহস্থিত হন অথবা চারিটী গ্রহ শত্রুগৃহে অবস্থিতি করেন, তাহা হইলে রাজযোগ বিফল হয়। ১০

সর্ব্বেঽপি পাপা যদি কণ্টকেষু
নীচারিগা নো শুভদৃষ্ট যুক্তাঃ।
রন্ধ্রারি রিপ্পেষু চ সৌম্য সংজ্ঞা
রাজ্ঞো হি যোগা বিলয়ং প্রযান্তি ॥ ১১ ॥

যদি সকল পাপগ্রহ কেন্দ্রস্থানে, নীচগৃহে কিম্বা শত্রু ভবনে অবস্থিতি করেন তাহাতে কোন শুভগ্রহের যোগ বা দৃষ্টি না থাকে এবং অষ্টম, ষষ্ঠ ও দ্বাদশ স্থানে শুভ গ্রহ থাকে, তাহা হইলে রাজযোগ বিফল হয়। ১১

ইতি ঢুণ্ঢিরাজমতে রাজযোগ ভঙ্গঃ।

অথ বৃহজ্জাতক মতে নাভস যোগঃ।

নবদিগ্বসবস্ত্রিকাগ্নিবেদৈগুর্ণিতা দ্বিত্রিচতুর্বিকল্পজা স্যুঃ।
যবনৈস্ত্রিগুণা হি ষট্‌শতী সা কথিতা বিস্তরতোঽত্র তৎসমাসঃ ।১

যবনাচার্য্য নাভসযোগের অন্তর্গত আকৃতিযোগ ২০, সংখ্যাযোগ ৭, আশ্রয়যোগ ৩, দলযোগ ২, সাকল্য বত্রিশ ৩২টী যোগ উল্লেখ করিয়া দ্বাদশ রাশি ও গ্রহসংস্থান প্রভেদে অষ্টাদশশত ১৮০০ যোগ নির্দ্দেশ করিয়াছেন তৎসমুদায় ক্রমশঃ বিবৃত হইতেছে। ১

রজ্জুর্মুষলং নলশ্চরাদ্যৈঃ সত্যাশ্চাশ্রয়জান্ জগাদ যোগান্।
কেন্দ্রৈঃ সদসদ্যুতৈর্দলাখ্যৌ স্রজসর্পৌ কথিতৌ পরাশরেণ।২

আশ্রয়যোগ তিন প্রকার, যথা, রজ্জুযোগ, মুষলযোগ ও নলযোগ। সমস্ত গ্রহ চররাশিতে থাকিলে রজ্জুযোগ, স্থিররাশিস্থ হইলে মুষলযোগ ও দ্ব্যাত্মক রাশি গত হইলে নলযোগ হয়।

মহামুনি পরাশর বলেন যে, দলযোগ দুই প্রকার, যথা, মালাযোগ ও ব্যালযোগ। তিনটী কেন্দ্রগৃহে শুভগ্রহ অর্থাৎ বুধ, বৃহস্পতি, শুক্র ও চন্দ্র থাকিলে মালাযোগ, আর অশুভগ্রহ অর্থাৎ রবি, মঙ্গল, ও শনি থাকিলে সর্পযোগ হয়। ২

যোগা ব্রজন্ত্যাশ্রয়জাঃ সমত্বং
যবাব্জবজ্রাণ্ডজগোলকাদ্যৈঃ।
কেন্দ্রোপগৈঃ প্রোক্তফলৌ দলাখ্যা
বিত্যাহুরন্যেন পৃথক্ ফলৌ তৌ ॥ ৩

কোন কোন গ্রন্থকার পূর্ব্বলিখিত রজ্জু ও মুষলাদি আশ্রয় যোগ পৃথক্ স্বীকার করেন না যেহেতু উক্ত যোগ সকল পশ্চাদুক্ত যবযোগ ও অব্জযোগ প্রভৃতি আকৃতি

যোগের সহিত তুল্য। ইহার বিশেষ পরে প্রকাশিত হইবে।৩

আসন্নকেন্দ্রভবনদ্বয়গৈর্গদাখ্য
স্তুযস্তগেষু শকটং বিহগঃ খবন্ধোঃ।
শৃঙ্গাটকং নবমপঞ্চমলগ্নসংস্থৈ
র্লগ্নান্তগৈর্হলমিতি প্রবদন্তি তজ্জ্ঞাঃ ॥ ৪

বিংশতি প্রকার আকৃতিযোগের নাম ও লক্ষণ বলা যাইতেছে। যথা, গদাযোগ, শকটযোগ, বিহগযোগ, শৃঙ্গাটকযোগ ও হলযোগ। পরস্পর নিকটবর্ত্তী দুইটী কেন্দ্র স্থানে সমস্ত গ্রহ থাকিলে গদাযোগ হয়। ইহাতে ঐ গদাযোগ চারি প্রকার হইল। লগ্নে ও চতুর্থ স্থানে সমস্ত গ্রহ থাকিলে এক প্রকার, চতুর্থে ও সপ্তম স্থানে সমস্ত গ্রহ থাকিলে দ্বিতীয় প্রকার, সপ্তম ও দশম স্থানে সমস্ত গ্রহ থাকিলে তৃতীয় প্রকার, দশম স্থানে ও লগ্নে সমস্ত গ্রহ থাকিলে চতুর্থ প্রকার গদাযোগ জানিবে। লগ্নে ও সপ্তম স্থানে সকল গ্রহ থাকিলে শকট যোগ, দশম ও চতুর্থ স্থানে সকল গ্রহ থাকিলে বিহগযোগ, লগ্নে, নবম স্থানে, পঞ্চম স্থানে সকল গ্রহ থাকিলে শৃঙ্গাটকযোগ হইবে। দ্বিতীয় স্থানে, ষষ্ঠ স্থানে ও দশম স্থানে কিম্বা তৃতীয় স্থানে, সপ্তম স্থানে ও একাদশ স্থানে অথবা চতুর্থ স্থানে, অষ্টম স্থানে ও দ্বাদশ স্থানে সকল গ্রহ থাকিলে হলযোগ হয়। ৪

শকটাণ্ডজ বজ্রভাশুভৈর্ব্বজ্রং তদ্বিপরীতগৈর্যবঃ।
কমলং তু বিমিশ্রসংস্থিতৈর্ব্বাপীতদ্ যদিকেন্দ্রবাহ্যতঃ। ৫

লগ্নে ও সপ্তম স্থানে সমস্ত শুভগ্রহ এবং দশমে ও চতুর্থ স্থানে সমস্ত পাপগ্রহ থাকিলে বজ্রযোগ, তদ্বিপরীত অর্থাৎ লগ্নে ও সপ্তম স্থানে সমস্ত পাপগ্রহ এবং দশমে ও চতুর্থ স্থানে সমস্ত শুভগ্রহ থাকিলে যবযোগ হয়। যদি কেন্দ্রে অর্থাৎ লগ্ন চতুর্থ, সপ্তম ও দশম স্থানে সকল শুভাশুভ গ্রহ থাকেন তাহা হইলে কমলযোগ হইবে। আর যদি দ্বিতীয়, তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, অষ্টম, নবম, একাদশ ও দ্বাদশ স্থানে সকল গ্রহ অবস্থিতি করেন তাহা হইলে বাপীযোগ হয়। ৫

পূর্ব্বশাস্ত্রানুসারেণ ময়া বজ্রাদয়ঃ কৃতাঃ।
চতুর্থে ভবনে সূর্য্যাজ্জ্ঞসিতৌ ভবতঃ কথম্ ॥ ৬

গ্রহ সংস্থানের নিয়মানুসারে সূর্য্য হইতে চতুর্থ স্থানে বুধ কিম্বা শুক্র থাকিতে পারে না। সুতরাং পূর্ব্বোক্ত যব-যোগ ও বজ্রযোগ অসম্ভব। বৃহজ্জাতককার পূর্ব্বতন মুনি-দিগের মতানুবর্ত্তী হইয়া উক্ত দুইযোগ লিখিয়াছেন। ৬

কণ্টকাদি প্রবৃত্তৈস্তু চতুর্গৃহগতৈর্গ্রহৈঃ।
যুপেষুশক্তিদণ্ডাখ্যা হোরাদ্যৈঃ কণ্টকৈঃ ক্রমাৎ ॥ ৭

যদি লগ্ন, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ এই চারি গৃহে সকল গ্রহের অবস্থিতি হয় তাহা হইলে যূপযোগ ; চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম এই চারিটী গৃহে সকল গ্রহ থাকিলে ইষু-যোগ ; সপ্তম, অষ্টম, নবম ও দশম এই চারি গৃহে সকল গ্রহ থাকিলে শক্তিযোগ ; দশম, একাদশ, দ্বাদশ ও লগ্ন এই চারিটী গৃহে সকল গ্রহ থাকিলে দণ্ডযোগ হয়। ৭

নৌকূটচ্ছত্রচাপানি তদ্বৎসপ্তর্ক্ষসংস্থিতৈঃ।
অর্দ্ধচন্দ্রস্তু নাবাদ্যৈঃ প্রোক্তস্ত্বন্যর্ক্ষসংস্থিতৈঃ ॥ ৮

লগ্ন, চতুর্থ, সপ্তম ও দশম হইতে একাদিক্রমে সাতগৃহে সকল গ্রহ থাকিলে ক্রমশ নৌ, কূট, ছত্র ও চাপ যোগ হয়। লগ্ন হইতে ক্রমশ সাতগৃহে অর্থাৎ লগ্ন, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম এই কয়েক গৃহে সকল গ্রহ থাকিলে নৌযোগ এইরূপ চতুর্থ হইতে সাতগৃহে সকল গ্রহ থাকিলে কূটযোগ, সপ্তম হইতে সাত গৃহে সকল গ্রহ থাকিলে ছত্রযোগ, এবং দশম হইতে সাতগৃহে সকল গ্রহ থাকিলে চাপযোগ হয়। কেন্দ্র ভিন্ন অর্থাৎ দ্বিতীয় তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, অষ্টম নবম, একাদশ, ও দ্বাদশ, স্থান হইতে সাতগৃহে সকল গ্রহ থাকিলে অর্দ্ধচন্দ্রযোগ হয়। এই যোগ অষ্ট প্রকার, যথা দ্বিতীয় হইতে সাত গৃহে সকল গ্রহ থাকিলে একপ্রকার, এইরূপ তৃতীয় হইতে সাত গৃহে থাকিলে দ্বিতীয়প্রকার ; পঞ্চম হইতে সাত গৃহে তৃতীয়প্রকার ; ষষ্ঠ হইতে সাতগৃহে চতুর্থপ্রকার ; অষ্টম হইতে সাতগৃহে পঞ্চমপ্রকার ; নবম হইতে সাতগৃহে ষষ্ঠ-প্রকার ; একাদশ হইতে সাতগৃহে সপ্তমপ্রকার ও দ্বাদশ হইতে সাত গৃহে সকল গ্রহ থাকিলে অষ্টমপ্রকার অর্দ্ধচন্দ্রযোগ হইবে ॥ ৮

একান্তরগতৈরর্থাৎ সমুদ্রঃ ষড়্‌গৃহাশ্রিতৈঃ।
বিলগ্নাদিস্থিতৈশ্চক্রমিত্যাকৃতিজসংগ্রহঃ ॥ ৯

দ্বিতীয়, চতুর্থ, ষষ্ঠ, অষ্টম দশম ও দ্বাদশ এইছয় গৃহে সকল গ্রহ থাকিলে সমুদ্র যোগ ; এবং লগ্ন, তৃতীয়, পঞ্চম, সপ্তম, নবম ও একাদশ এই ছয়গৃহে সকল গ্রহ থাকিলে চক্র যোগ হয় ॥ ৯

সংখ্যা যোগঃ সপ্তসপ্তক সংস্থৈঃ
রেকাপায়াদ্বল্লকী দামিনীচ।
পাশঃ কেদারঃশূলযোগো যুগঞ্চ
গোলশ্চান্যান্ পূর্ব্বমুক্তান্ বিহায় ॥ ১০

সপ্ত প্রকার সংখ্যাযোগের নাম ও লক্ষণ বলা যাইতেছে। যথা বল্লকী, দামিনী, পাশ, কেদার, শূল, যুগ ও গোল এই সাত প্রকার সংখ্যাযোগ। যে কোন সাতগৃহে সকল গ্রহ থাকিলে বল্লকী যোগ ; ছয়গৃহে সকল গ্রহ থাকিলে দামিনী যোগ ; পাঁচগৃহে সকল গ্রহ থাকিলে পাশ যোগ ; চারি গৃহে সকল গ্রহ থাকিলে কেদার যোগ ; তিনগৃহে সকল গ্রহ থাকিলে শূলযোগ ; দুইগৃহে সকল গ্রহ থাকিলে যুগযোগ ও একটী গৃহে সকল গ্রহ থাকিলে গোল যোগ হয়। যথন পূর্ব্বোক্ত যোগের মধ্যে কোন এক যোগ, ও সপ্ত সংখ্যাযোগের মধ্যে কোন এক যোগ, এই উভয় যোগের সম্ভব হইবে তথন সংখ্যা যোগ গ্রাহ্য না হইয়া পূর্ব্বোক্ত যোগ আদৃত হইবে ॥ ১০

ঈর্ষ্যুর্ব্বিদেশনিরতোধ্বরুচিশ্চরজ্জ্বাং
মানী ধনী চ মুষলে বহুকৃত্যশক্তঃ
ব্যঙ্গস্থিরাঢ্যনিপুণোনলজঃ স্রগুত্থো।
ভোগান্বিতো ভূজগজো বহুদুঃখভাক্ স্যাৎ ॥ ১১

নাভস যোগের অন্তর্গত যোগ সকলের নাম ও লক্ষণ কথিত হইল এইক্ষণ উক্তযোগ সকলের ফল বর্ণিত হইতেছে। যে ব্যক্তির রজ্জু যোগে জন্ম হয় সে ব্যক্তি ঈর্ষাশীল, বিদেশীও পথ পর্য্যটক হয়। মুষল যোগে জন্ম হইলে, মনুষ্য মানী ও ধনী হয়। নল যোগে জন্মিলে মানব বহুকার্য্যাসক্ত বিকলাঙ্গ, দৃঢ়প্রতিজ্ঞ, ধনবান্ ও কার্য্যনিপুণ হয়। মালাযোগে জন্ম হইলে ভোগবান্ এবং সর্প যোগে জাত মনুষ্য বহু দুঃখভাগী হয়। ১১

আশ্রয়োক্তাস্তু বিফলা ভবন্ত্যন্যৈর্ব্বিমিশ্রিতাঃ।
মিশ্রা যৈস্তে ফলং দদ্যুরমিশ্রাঃ স্বফলপ্রদাঃ ॥ ১২

যদি আশ্রয় যোগ, অন্যযোগের সহিত মিশ্রিত হয় অর্থাৎ কোন ব্যক্তির জন্ম কালে আশ্রয় যোগ এবং নাভসযোগের অন্তর্গত অন্য কোন যোগ এই উভয়ই থাকে, তাহা হইলে আশ্রয় যোগ ফল প্রদ হয় না। যে যোগের সহিত মিশ্রিত থাকে তাহারই ফল হইয়া থাকে। যখন একমাত্র আশ্রয় যোগ সম্ভব হয়, তখনই স্বীয় সম্পূর্ণ ফলপ্রদান করে ॥ ১২

যজ্বার্থভাক্ সততমর্থরুচির্গদায়াং
তদ্বৃত্তিভুক্ শকটজঃ সরুজঃ কুদারঃ।
দূতোটনঃ কলহকৃদ্বিহগে প্রদিষ্টঃ
শৃঙ্গাটকে চিরসুখী কৃষিকৃদ্ধলাখ্যে ॥ ১৩ ॥

গদা যোগে জাত ব্যক্তি সর্ব্বদা যজনশীল, ধনবান ও অর্থোপার্জ্জনে উদ্যোগী হয়। শকট যোগে জন্ম হইলে মনুষ্য শকট ব্যবসায়ী, রোগী ও কুভার্য্য হয়। বিহগযোগে জন্মিলে মানব দূত, গমনশীল, ও কলহকারী হয়। জন্মকালে শৃঙ্গাটক যোগ থাকিলে চিরসুখী ও হলযোগে জন্মিলে কৃষি ব্যবসায়ী হয় ॥ ১৩

বজ্রেঽন্ত্য পূর্ব্বসুখিনঃ সুভগোঽতিশূরো
বীর্য্যান্বিতোঽপাথ যবে সুখিনো বয়োঽন্তে।
বিখ্যাতকীর্ত্যমিতসৌখ্যগুণশ্চপদ্মে
বাপ্যাং তনুস্থিরসুখীনিধিকৃন্নদাতা ॥ ১৪ ॥

বজ্রযোগে জাতব্যক্তি বাল্যকালে ও বৃদ্ধ বয়সে সুখভোগ করে, এবং সর্ব্বজনপ্রিয়, যুদ্ধকুশল হয়। যবযোগে জন্ম হইলে মনুষ্য পরাক্রমশালী ও বয়সের শেষ ভাগে সুখী হয়। পদ্মযোগে জন্মিলে কীর্ত্তিমান্ অপরিমিত সুখভোগী ও গুণবান্ হয়। বাপী যোগে জাত মনুষ্য চিরকাল অল্প সুখভোগী হয় এবং ভূগর্ত্তে ধন সঞ্চিত করে, ও অদাতা হয় ॥ ১৪

ত্যাগাত্মবান্ ক্রতুবরৈর্যজতে চ যূপে
হিংস্রোঽথ গুপ্ত্যধিকৃতঃ শরকৃচ্ছরাখ্যে।
নীচোঽলসঃ সুখধনৈর্ব্বিযুতশ্চ শক্তৌ
দণ্ডে প্রিয়ৈর্ব্বিরহিতঃ পুরুষোঽন্ত্যবৃত্তিঃ ॥ ১৫ ॥

যূপযোগে জাত ব্যক্তি দাতা, প্রমাদী, ও যাজ্ঞিক হয়। শরযোগে জন্ম হইলে মনুষ্য হিংস্রক, দুর্গরক্ষক ও বাণ

নির্ম্মাণ কর্ত্তা হয়। শক্তি যোগে জন্ম হইলে মনুষ্য অলসযুক্ত নীচাশয়, নির্ধন ও অসুখী হয়। এবং যাহার দণ্ডযোগে জন্ম হয়, সে ব্যক্তি পুত্রাদি প্রিয় বিহীন হইয়া দাস্য বৃত্তি অবলম্বন করিবে ॥ ১৫

কীর্ত্যাযুতশ্চলসুখঃ কৃপণশ্চনৌজঃ
কূটে নৃতপ্লবন বন্ধনপশ্চ জাতঃ।
চ্ছত্রোদ্ভবঃ স্বজনসৌখ্যকরোঽন্ত্যসৌখ্যঃ
শূরশ্চকার্ম্মুকভবঃ প্রথমান্ত্যসৌখ্যঃ ॥ ১৬ ॥

নৌ যোগে জাতব্যক্তি কীর্ত্তিমান্ কদাচিৎ সুখী কদাচিৎ দুঃখী ও কৃপণ হয়। কূট যোগে জন্ম হইলে অসত্যভাষী, বন্ধন রক্ষক হয়। ছত্র যোগে জন্মিলে স্বজনের সুখকারী ও বয়সের শেষ ভাগে সুখ ভোগ করে। চাপ যোগে যাহার জন্ম হয়, সেই মনুষ্য যুদ্ধপ্রিয় এবং বাল্যে ও বৃদ্ধ বয়সে সুখী হয় ॥ ১৬

অর্দ্ধেন্দুজঃ সুভগকান্তবপুঃ প্রধান
স্তোয়ালয়ে নরপতিপ্রতিমস্ত ভোগী।
চক্রে নরেন্দ্রমুকুটদ্যুতিরঞ্জিতাঙ্ঘ্রী
বীণোদ্ভবশ্চ নিপুণঃ প্রিয়গীতনৃত্যঃ ॥ ১৭ ॥

যে ব্যক্তির অর্দ্ধচন্দ্রযোগে জন্ম হয়, সে ব্যক্তি সর্ব্বজন প্রিয়, সুন্দর ও সকলের পূজ্য হয়। সমুদ্রযোগে জাত মনুষ্য রাজসদৃশ ও ভোগবান্ হয়। চক্রযোগে জন্ম হইলে মানব রাজাধিরাজ হয়। এবং বল্লকীযোগে জন্মিলে নৃত্যগীত প্রিয় হইবে ॥ ১৭

দাতান্যকার্য্যনিরতঃ পশুপশ্চ দাম্নি
পাশে ধনার্জ্জনবিশীল সভৃত্য বন্ধুঃ।
কেদারজঃ কৃষিকরঃ সুবহূপযোজ্যঃ
শূরঃক্ষতো ধনরুচির্বিধনশ্চ শূলে ॥ ১৮ ॥

যাহার জন্মকালে দামিনীযোগ থাকে, সেই মনুষ্য দাতা, পরোপকারী ও পশু রক্ষক হয়। যে ব্যক্তির পাশযোগে জন্ম হয়, সেই ব্যক্তি সভৃত্যবান্ধবে সৎকার্য্য দ্বারা ধনোপার্জ্জন করে। কেদারযোগে জাত ব্যক্তি কৃষি ব্যবসারী, পরোপকারী হইবে। শূলযোগে জন্ম হইলে মনুষ্য যুদ্ধপ্রিয়, ক্ষতশরীর, অর্থপ্রিয়, ও দারিদ্র হয় ॥ ১৮

ধন বিরহিতঃ পাষণ্ডী বা যুগেত্বথগোলকে
বিধনমলিনোঽজ্ঞানোপেতঃ কুশীলোঽলসোটনঃ।
ইতি নিগদিতা যোগাঃ সার্দ্ধংফলৈরিহনাভসানি
যত ফলদাশ্চিন্ত্যাহ্যেতে সমস্তদশাস্বপি ॥ ১৯ ॥

যুগযোগে জন্ম হইলে মনুষ্য নির্ধন ও বেদাচারবিহীন হয়। এবং গোল যোগে জাতব্যক্তি দরিদ্র, মলিনশরীর, মূর্খ, কুশীল্পী, অলসী, ও গমনশীল হইবে। নাভস যোগ ও তাহার ফল কথিত হইল, এই যোগঘটক গ্রহগণের দশাও অন্তর্দ্দশা সময়ে ফল হইয়া থাকে। ১৯

ইতি নাভস যোগাধ্যায়ঃ।

---

### অথ চন্দ্রপ্রভাযোগঃ

পুণ্যাধিপঃ পুণ্যগৃহে চ কেন্দ্রে চন্দ্রপ্রভাযোগ ইহ প্রণীতঃ।
রাজাধিরাজো গুণবান্ বিলাসী গঙ্গাজলে মুঞ্চতি জীবনঞ্চ ॥

জন্মলগ্নের নবমাধিপতি যদি নবমস্থানে অথবা লগ্নে চতুর্থ স্থানে, সপ্তম স্থানে বা দশম স্থানে অবস্থিতি করেন, তাহা হইলে জাতব্যক্তির চন্দ্র প্রভাযোগ হয়। এই চন্দ্র প্রভাযোগে জন্ম গ্রহণ করিলে, সে ব্যক্তি রাজাধিরাজ, গুণবান্ ও সুখভোগী হইয়া মৃত্যুকালে গঙ্গাজলে জীবন পরিত্যাগ করে।

### ক্ষেত্রসিংহাসনযোগঃ।

দশমভবননাথঃ কেন্দ্র কোণে ধনে বা
বলবতি যদি জাতঃ ক্ষেত্রসিংহাসনে বা।
স ভবতি নরনাথো বিশ্ববিখ্যাতকীর্ত্তি
র্মদগলিতকপোলৈঃ সদ্গজৈঃ সেব্যমানঃ ॥

জন্মলগ্নের দশমাধিপতি যদি কেন্দ্র স্থানে অর্থাৎ লগ্নে, চতুর্থে, সপ্তমে বা দশম স্থানে, ত্রিকোণ অর্থাৎ নবম স্থানে বা পঞ্চম স্থানে অথবা ধন স্থানে অবস্থিতি করিলে ক্ষেত্র সিংহাসন যোগ হয়। এই ক্ষেত্র সিংহাসন যোগে জন্ম গ্রহণ করিলে জাত ব্যক্তি জগদ্বিখ্যাত কীর্ত্তিবিশিষ্ট রাজা হয় ও মত্ত হস্তি দ্বারা সেবিত হইয়া সুখে কালযাপন করে।

নিশাশঙ্কাযোগঃ।

জীবে ভার্গবসোমসূর্য্যশশিজক্ষ্মাজার্কজৈর্বীক্ষিতে।
ভূপালো নৃপবংশবংশতিলকঃ প্রখ্যাতকীর্ত্তির্ভবেৎ ॥
সেনায়াং গজবাজি লোক চরিতৈরুদ্ধূতধূলীবৃতং।
দৃষ্ট্বামুঞ্চতি কামিনীমপিরবিং চক্রো নিশাশঙ্কয়া ॥

জন্ম কালে রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, শুক্র ও শনি যদি বৃহস্পতিকে অবলোকন করে, তাহা হইলে নিশাশঙ্কা যোগ হয়। এই যোগে জন্ম গ্রহণ করিলে, জাত ব্যক্তি রাজ কুলের শ্রেষ্ঠ রাজা ও অতুল কীর্ত্তি বিশিষ্ট হয়, এবং তাহার হস্তী ঘোটকাদির গমন কালে উড্ডীয় মান ধূলি দ্বারা সূর্য্যকে আবৃত অবলোকন করিয়া রাত্রি বোধে চক্রবাক স্বীয় কামিনীকে পরিত্যাগ করে।

সর্ব্বগ্রহৈঃ সুরগুরুর্যদি দৃষ্ট মূর্ত্তি
ভৃগ্বত্রিগর্গকথিতো নৃপযোগ এষঃ।
দৈবাৎ পুনঃ স যদি পশ্যতিতান্ গ্রহেন্দ্রান্
ভূয়াত্তদা নরপতিঃ প্রথিতঃ শতায়ুঃ ॥

জন্ম কালে বৃহস্পতিকে সকল গ্রহ দর্শন করিলে, রাজযোগ হয়, ইহা ভৃগু, অত্রি ও গর্গ মুনি কহিয়াছেন। দৈবাৎ যদি সেই বৃহস্পতি সকল গ্রহকে অবলোকন করেন, তাহা হইলেও রাজযোগ হয়, এবং জাত ব্যক্তির একশত বৎসর পরমায়ু হয়।

ধনবান্ যোগঃ।

সিংহে ধনুষি মীনে চ মেষকর্কটবৃশ্চিকে।
রবিণা সহিতো ভৌমো নরং কুর্য্যাৎ ধনেশ্বরং ॥

যাহার জন্ম কালে সিংহ, ধনু, মীন, মেষ, কর্কট ও বৃশ্চিক রাশিতে রবি ও মঙ্গল একত্রে অবস্থিতি করে, সে ব্যক্তি ধনবান্ হয়।

অথ জীবযোগঃ।

জীবাত্তু সপ্তমে চন্দ্রোঽপ্যথবা জীবসংযুতঃ।
জীবযোগোঽয়মিত্যাহুর্জ্যোতিঃশাস্ত্রপরায়ণাঃ ॥
বহুধনপরিপূর্ণো দানশীলো গুণজ্ঞো।
ভবতি চ নৃপ পূজ্যো মানবো জীবযোগে ॥

যদি বৃহস্পতি হইতে সপ্তম গৃহে চন্দ্র অবস্থিতি করেন, কিম্বা চন্দ্র ও বৃহস্পতি একগৃহস্থ হন, তাহা হইলে জীবযোগ হয়।

উক্ত জীব যোগে জন্ম হইলে মনুষ্য ধনবান্, দাতা, গুণজ্ঞ ও রাজপূজ্য হয়।

অথ চতুঃসাগর যোগঃ।

মেষে চ কর্কটে চৈব তুলায়াং মকরে তথা।
চতুঃসাগরযোগোঽয়ং দেবানামপি দুর্লভঃ ॥
চতুঃসাগরযোগে তু জাতঃ সর্ব্বগুণাকরঃ।
রাজবংশোদ্ভবেদ্রাজা নীচঃস্যাৎ খণ্ডলেশ্বরঃ ॥

মেষে, কর্কটে, তুলাতে ও মকরে গ্রহগণের অবস্থিতি থাকিলে চতুঃসাগর যোগ হয়। এই চতুঃসাগর যোগ দেবতাদিগেরও দুর্ল্লভ।

চতুঃসাগরযোগে জন্ম হইলে মনুষ্য গুণবান্ হয়। যাহার কোষ্ঠীতে চতুঃসাগর যোগ সম্ভব হয়, সেই ব্যক্তি রাজবংশোদ্ভব হইলে রাজা ও অন্যবংশীয় হইলে কতিপয় গ্রামের অধিপতি হইবে।

অথ সিংহাসনযোগঃ।

মীনে মেষে বৃষে চৈব তুলায়াং গ্রহ সংস্থিতে।
এষ সিংহাসনো যোগো যোগো রাজ্য প্রদো ভবেৎ ॥

মীনে, মেষে, বৃষে ও তুলাতে গ্রহগণ অবস্থিতি করিলে সিংহাসন যোগ হইবে। উক্ত সিংহাসন যোগে জন্ম হইলে মনুষ্যের রাজ্য লাভ হয়।

কনকদণ্ডযোগঃ।

যোগঃ কনকদণ্ডাখ্যঃ কন্যালৌ বৃষভে ঝষে।
তস্মিন জাতো নৃপশ্রেষ্ঠো জায়তে গুণবত্তরঃ ॥

যদি কন্যাতে, বৃশ্চিকে, বৃষে ও মীনে গ্রহগণ অবস্থিতি করেন, তাহা হইলে কনক দণ্ড নামক যোগ হয়। এই যোগে জন্ম হইলে মনুষ্য গুণবান্ ও প্রধান রাজা হইবে।

অথ মতান্তরে রাজ যোগঃ।

যদা চ সৌরিঃ সুররাজ মন্ত্রী পরস্পরং পশ্যতি পূর্ণদৃষ্ট্যা
তদা সমগ্রাং বসুধামুপৈতি কিং বাধমেনাপি গুণেন কিং বা।

যাহার জন্ম কালে শনি ও বৃহস্পতি পূর্ণ দৃষ্টিতে পরস্পর-পরস্পরের প্রতি দৃষ্টি করেন। সেই ব্যক্তি নীচ কুলোদ্ভব বা নির্গুণ হইলেও সসাগরা পৃথিবীর অধিপতি হয়।

অথ রাজ হংসযোগঃ।

মেষে চৈব হরৌ চাপে তুলায়াঞ্চ গ্রহস্থিতে।
রাজহংসো ভবেদেব রাজ্যাস্পদসুখপ্রদঃ ॥
রাজহংসে তু যো জাতো নৃপতুল্যো ন সংশয়ঃ ॥

মেষে, ধনুতে, সিংহে ও তুলাতে গ্রহগণ অবস্থিতি করিলে রাজহংস যোগ হয়। এই যোগে জন্ম হইলে, মনুষ্য রাজতুল্য ও সুখী হয়।

অথ একাদি স্বগৃহস্থিতফলম্।

কুলতুল্যঃ কুলশ্রেষ্ঠো বন্ধুমান্যো ধনী সুখী।
ক্রমান্নৃপ সমো ভূপ একাদি স্বগৃহেস্থিতে।

যাহার জন্ম কালে একটী গ্রহ স্বক্ষেত্রে থাকিবে, সেই ব্যক্তি স্বীয় বংশের উপযুক্ত পাত্র হইবে। দুইটী গ্রহ স্বক্ষেত্রে থাকিলে কুলশ্রেষ্ঠ, তিনটী গ্রহ স্বক্ষেত্রে থাকিলে স্বীয় বন্ধুবর্গের মাননীয়, চারিটী গ্রহ স্বক্ষেত্রে থাকিলে ধনী, পাঁচটী গ্রহ স্বক্ষেত্রে থাকিলে, সুখী ছয়টী গ্রহ স্বক্ষেত্রে থাকিলে মনুষ্য রাজতুল্য এবং সাতটী গ্রহ স্বক্ষেত্রে থাকিলে মনুষ্য ভূপতি হইবে।

-----

## বৃহজ্জাতকে কর্ম্মাজীবাধ্যায়ঃ।

অর্থাপ্তিঃ পিতৃপিতৃপত্নি শত্রুমিত্র
ভ্রাতৃস্ত্রীভৃতকজনাদ্দিবাকরাদ্যৈঃ।
হোরেন্দ্বোর্দশমগতৈর্ব্বিকল্পনীয়া
মেন্দ্বর্কাস্পদপতিগাংশনাথবৃত্ত্যা ॥ ১

লগ্ন ও চন্দ্রের দশম স্থানে যে গ্রহ থাকিবে, সেই গ্রহ দ্বারা অর্থ প্রাপ্তির কল্পনা করিতে হইবে। যদি লগ্ন ও চন্দ্রের দশমস্থানে রবি অবস্থিত থাকেন, তাহা হইলে মনুষ্য পিতৃধন প্রাপ্ত হয়। যদি চন্দ্র থাকেন তাহা হইলে মাতৃধন প্রাপ্ত হয়, যদি মঙ্গল থাকেন তাহা হইলে শত্রুর নিকট হইতে, বুধ থাকিলে মিত্রের নিকট হইতে, বৃহস্পতি থাকিলে ভ্রাতৃর নিকট হইতে, শুক্র থাকিলে স্ত্রীর নিকট হইতে, শনি থাকিলে ভৃত্যের নিকট হইতে, অর্থপ্রাপ্তি কল্পনা করিতে হইবে।

যদি লগ্ন ও চন্দ্রের দশম স্থানে কোন গ্রহ না থাকে

তাহা হইলে লগ্ন, চন্দ্র ও সূর্য্যের দশমাধিপতি গ্রহ যে, নবাংশে অবস্থিতি করিবেন, সেই গ্রহের রাশির অধিপতি গ্রহের বৃত্তি অবলম্বন করিয়া ধনোপার্জ্জন নির্ণয় করিবে। ১

অর্কাংশে তৃণকনকোর্ণভেষজাদ্যৈ
শ্চন্দ্রাংশে কৃষিজলজাঙ্গণাশ্রয়াচ্চ।
ধাত্বগ্নিপ্রহরণসাহসৈঃ কুজাংশে
সৌম্যাংশে লিপিগণিতাদিকাব্যশিল্পৈঃ ॥ ২

রবির নবাংশে অবস্থিতি করিলে তৃণ অর্থাৎ সুগন্ধি দ্রব্য, সুবর্ণ, পশম ও ঔষধ ব্যবসায় দ্বারা জীবিকা নির্ব্বাহ করে।

চন্দ্রের নবাংশে অবস্থিতি করিলে কৃষিকর্ম্ম, জলজ-দ্রব্য ব্যবসায় দ্বারা ও স্ত্রীলোকের আশ্রয়ে জীবিকা নির্ব্বাহ করে।

মঙ্গলের নবাংশে থাকিলে, ধাতু ও মৃত্তিকা ব্যবসায়, অগ্নি ক্রিয়া দ্বারা অস্ত্র ব্যবসায় দ্বারা ও সাহসিক কার্য্য দ্বারা অর্থ লাভ করে।

বুধের নবাংশে অবস্থান করিলে লিপিব্যবসায় অথবা শিল্পকার্য্য দ্বারা অর্থোপার্জ্জন করে ॥ ২

জীবাংশে দ্বিজবিবুধাকরাদিধর্ম্মৈঃ
কাব্যাংশে মণিরজতাদিগোমহিষ্যৈঃ।
সৌরাংশে শ্রমবধভারনীচ শিল্পৈঃ
কর্ম্মেশাধ্যুষিতনবাংশকর্ম্মসিদ্ধিঃ ॥ ৩

বৃহস্পতির নবাংশে থাকিলে, মনুষ্য দ্বিজকর্ত্তব্য যাজন-ব্যবসায়, দেবসেবায় ও খনিজাত-দ্রব্য-ব্যবসায় দ্বারা ধন-লাভ করে।

শুক্রের নবাংশে থাকিলে রত্নব্যবসায়, রৌপ্যব্যবসায় ও গো মহিষ্যাদি ব্যবসায় অর্থোপার্জ্জন করে।

নবাংশাধিপতি শনি হইলে বহু পরিশ্রম বধকার্য্য, ভার বহন, নীচকর্ম্ম ও শিল্পব্যবসায় দ্বারা জীবন যাত্রা অতিবাহিত করে। কর্ম্মাধিপতি যে নবাংশে থাকিবেন, সেই গ্রহের দশা ও অন্তর্দ্দশাতে কার্য্যের সিদ্ধি হয়। ৩

মিত্রারিস্বগৃহগতৈর্গ্র হৈস্ততোঽর্থাং
স্তুঙ্গস্থে বলিনি চ ভাস্করে স্ব বীর্য্যাৎ

আয়স্থৈস্কন্দয়ধনাশ্রিতৈশ্চ সৌম্যৈঃ
সংচিন্ত্যং বলসহিতৈরনেকধা স্বং ॥ ৪

নবাংশাধিপতি মিত্র গৃহে অবস্থান করিলে মিত্র হইতে, শত্রু গৃহে থাকিলে শত্রু হইতে, স্বগৃহে থাকিলে নিজ হইতে অর্থ লাভ করে। এবং সেই গ্রহ তুঙ্গস্থ হইলে নিজ বাহুবলে, অর্থোপার্জ্জন স্থির করিবে।

বলবান্ শুভ গ্রহ একাদশ স্থানে, লগ্নে, ও ধন স্থানে থাকিলে, নানাপ্রকার অর্থলাভ হইবে। ৪

ইতি বৃহজ্জাতকে কর্ম্মাজীবাধ্যায়।

---

## বৃহজ্জাতকে অনিষ্টাধ্যায়ঃ।

লগ্নাৎ পুত্রকলত্রভে শুভপতিপ্রাপ্তেঽথবা লোকিতে।
চন্দ্রাদ্বা যদি সম্পদস্তিহিতয়ো জ্ঞেয়োঽন্যথা সম্ভবঃ॥
পাথেনোদয়গে রবৌ রবিসুতো মীনস্থিতো দারহা।
পুত্রস্থানগতশ্চ পুত্রমরণং পুত্রোঽবনের্যচ্ছতি ॥ ১

অত্র কেচিদ্দ্বাদশপ্রকারং পুত্রং বর্ণয়ন্তি। ঔরসঃ, ক্ষেত্রজঃ, দত্তঃ, ক্রীতঃ, কৃত্রিমঃ, অধমপ্রভবঃ, গূঢ়োৎপন্নঃ, অপবিদ্ধঃ, পৌনর্ভবঃ, কানীনঃ, সহোঢ়ঃ, দাসীপ্রভব ইতি।*

জন্মকালে লগ্ন বা চন্দ্র হইতে যদি পঞ্চমস্থানে কোন শুভগ্রহের কিম্বা তদধিপতি গ্রহের অবস্থিতি বা দৃষ্টি থাকে, তাহা হইলে মনুষ্যের পুত্র লাভ হয়। সপ্তম স্থানে তদধিপতি বা শুভগ্রহের দৃষ্টি কিম্বা অবস্থিতি থাকে, তাহা হইলে মনুষ্য পত্নী লাভ করে। এই শ্লোকে পুত্র ও কলত্র স্থানের নাম উল্লেখ করিয়া ফল বর্ণিত হইল, বাস্ত-বিক তন্বাদি দ্বাদশ ভাবেরই এইরূপ শুভাশুভ ফল জানিবে।

যাহার জন্ম লগ্ন কন্যা তাহাতে রবির অবস্থিতি থাকিলে যদি সপ্তম স্থানে অর্থাৎ মীনে শনি থাকেন তাহার পত্নী বিনাশ হয়। এবং জন্ম লগ্ন কন্যাতে রবি থাকিলে যদি পঞ্চম স্থান অর্থাৎ মীন রাশিতে মঙ্গল থাকেন তবে তাহার সন্তান বিনাশ হয়। ১

মুনিগণ দ্বাদশ প্রকার পুত্র বর্ণন করেন; যথা, ঔরস পুত্র, ক্ষেত্রজপুত্র, দত্তপুত্র, ক্রীতপুত্র, কৃত্রিমপুত্র, অধম প্রভবপুত্র, গূঢ়োৎপন্নপুত্র, অপবিদ্ধপুত্র, পৌনর্ভবপুত্র, কানীনপুত্র, সহোঢ়পুত্র ও দাসীপ্রভবপুত্র এই দ্বাদশ প্রকার পুত্রমধ্যে কিরূপ গ্রহ সংস্থানে কোন্ প্রকার পুত্র লাভ করিবে তাহা নিম্নলিখিত সারাবলীবচনে প্রকা-শিত হইবে।

তথাচ সারাবল্যাং।

শুভভবনমথশুভযুতং শুভদৃষ্টং বা সুতর্ক্ষমিহযেষাং।
তেষাং প্রভবঃ পুংসাং ভবত্যবশ্যং ন বিপরীতং॥ (ক)

যাহার সুতস্থান শুভগ্রহের ক্ষেত্র হয় কিম্বা ঐ স্থানে শুভগ্রহের দৃষ্টি থাকে অথবা কোন শুভ গ্রহ অবস্থিতি করে তাহা হইলে সেই ব্যক্তি পুত্রবান্ হইবে, ইহার বিপরীত হইলে ফলেরও বৈপরীত্য হইবে। (ক)

কলত্রভে গুরুবর্গে শুভরাশাবৌরসো ভবেৎ পুত্রঃ
লগ্নাচ্চন্দ্রাদথবা বলযুক্তাৎ বীক্ষিতোঽপি বা সৌম্যৈঃ ॥ (খ)

যাহার জন্মকালে লগ্ন বা চন্দ্র হইতে সপ্তম স্থান বৃহস্পতির ক্ষেত্র হয় অথবা ঐ সপ্তম স্থান শুভগ্রহের ক্ষেত্র হয় এবং তাহাতে যদি অন্যান্য শুভ গ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে সেই ব্যক্তি ঔরসপুত্র লাভ করে। (খ)

সংখ্যা নবাংশ তুল্যাঃ সৌখ্যাংশে তাবতী সদা দৃষ্টা।
শুভদৃষ্টে তদ্দ্বিগুণা ক্লিষ্টা পাপাংশকে তথাদৃষ্টা ॥ (গ)

সুতস্থানের অধিপতি যত নবাংশে থাকিবেন অথবা ঐ স্থানে যত গ্রহের দৃষ্টি থাকিবে মনুষ্যের তত সংখ্যক [illegible] জন্মিবে, তন্মধ্যে বিশেষ এই যে সুতস্থানে যত শুভ

---

* মনুর মতে পুত্র দ্বাদশ প্রকার। যথা, ধর্ম্মপত্নীর গর্ভে স্ববীর্য্যজাত ঔরসপুত্র ১, স্ত্রীর গর্ভে সপিণ্ড অথবা অপরের বীর্য্য-জাত ক্ষেত্রজপুত্র ২, পিতা বা মাতা কর্ত্তৃক দত্ত দত্তকপুত্র ৩, কৃতপুত্র অথবা কৃত্রিমপুত্র ৪, গুপ্তরূপে উৎপন্ন অর্থাৎ জন্ম-দাতা অনির্ণীত গূঢ়জপুত্র ৫, মাতা পিতা কর্ত্তৃক পরিত্যক্ত অপবিদ্ধপুত্র ৬, এই ষষ্ঠ প্রকার পুত্র সপিণ্ড ও দায়াদ। অবি-বাহিতার গর্ভজ কানীনপুত্র ৭, দুই বার বিবাহিতার গর্ভজ পুনর্ভবপুত্র ৮, গর্ভাবস্থাতে বিবাহিতার গর্ভজ সহোঢ়জপুত্র ৯, পিতা মাতা কর্ত্তৃক বিক্রীত ক্রীত পুত্র ১০, স্বয়ং দত্ত পুত্র ১১, শূদ্রবীর্য্যজাতপুত্র ১২। এই ষষ্ঠ প্রকার পুত্র সপিণ্ড কিন্তু জ্ঞাতি-র দায়াদ নহে।

গ্রহের দৃষ্টি থাকিবে, তাহার দ্বিগুণ পুত্র হইবে এবং অশুভ গ্রহের দৃষ্টি থাকিলে সন্তান ক্লিষ্ট হইবে। (গ)

সৌরর্ক্ষে সৌরগণো বুধদৃষ্টো কুজার্ক দৃগ্‌হীনঃ।

ক্ষেত্রজপুত্রং জনয়তি বোধোঽপি গণোরবিজ দৃষ্টঃ ॥(ঘ)

যদি পঞ্চম স্থান শনির ক্ষেত্র অথবা শনির দ্রেক্কাণ, নবাংশ দ্বাদশাংশ ইত্যাদি হয় এবং তাহাতে বৃহস্পতি, মঙ্গল ও রবি ইহাদিগের মধ্যে কোন গ্রহের দৃষ্টি না থাকিয়া কেবল বুধের দৃষ্টি থাকে কিম্বা ঐ সুতস্থান বুধের ক্ষেত্র বা নবাংশ দ্বাদশাংশ ইত্যাদি হয় ও তাহাতে শনির দৃষ্টি থাকে তাহা হইলে মনুষ্য ক্ষেত্রজপুত্র লাভ করে। (ঘ)

মান্দ্যং সুতর্ক্ষমিন্দুং নিরীক্ষ্যতে যদি শনৈশ্চরেণযুতং।

দত্তকপুত্রোৎপত্তিঃ কুতশ্চ বুধস্য চৈবং স্যাৎ ॥ (ঙ)

পঞ্চম স্থান যদি শনির বর্গ হয় এবং তাহাতে শনির দৃষ্টি থাকে অথবা চন্দ্রের প্রতি শনির দৃষ্টি থাকে, কিম্বা শনি চন্দ্রের সহিত যুক্ত হন, তাহা হইলে মনুষ্য দত্তকপুত্র লাভ করে। আর ঐ সুত স্থান যদি বুধের ক্ষেত্র হয় তাহাতে শনির দৃষ্টি থাকে অথবা চন্দ্রের প্রতি বুধের দৃষ্টি থাকে কিম্বা বুধ চন্দ্রযুক্ত হয় তবে মনুষ্য ক্রীত পুত্র লাভ করে ॥ (ঙ)

সপ্তমভাগে কৌজে সৌরযুতে পঞ্চমে সদা ভবনে।

কৃত্রিমপুত্রং বিদ্যাৎ শেষ গ্রহদর্শনাযুক্তে ॥ (চ)

যদি মঙ্গল পঞ্চম স্থানের সপ্তম নবাংশের অধিপতি হন এবং তাহাতে অন্য কোন গ্রহের দৃষ্টি না থাকিয়া শনি অবস্থিতি করে তাহা হইলে মনুষ্য কৃত্রিমপুত্র লাভ করে। (চ)

বর্গে পঞ্চমরাশৌ সৌরে সূর্য্যে চ তত্র সংযুক্তে।

লোহিত দৃষ্টে বাচ্যো জাতশ্চ সুতোঽধমঃ প্রভবঃ ॥ (ছ)

সুতস্থান যদি শনির ক্ষেত্র হয় এবং তাহাতে রবির অবস্থিতি ও মঙ্গলের দৃষ্টি থাকে তাহা হইলে মনুষ্য অধমপ্রভব পুত্র লাভ করে। (ছ)

চন্দ্রে ভৌমাংশগতেধীস্থে মন্দাবলোকিতে ভবতি।

গূঢ়োৎপত্তির্ভবেৎপুত্র শেষগ্রহদর্শনীয়াতে ॥ (জ)

পঞ্চমস্থিত চন্দ্র, যদি মঙ্গলের নবাংশগত হয়, এবং তাহাতে শনির দৃষ্টি থাকে তাহা হইলে মনুষ্য গূঢ়োৎপন্নপুত্র লাভ করে। (জ)

তস্মিন্নেব ভৌমে শনিবর্গস্থে নিরীক্ষিতে রবিণা।

পুরুষস্তু ভবতি পুত্রোঽপিবিদ্ধ ইতি চরকমুনি বচনাৎ ॥ (ঝ)

পঞ্চম স্থান যদি শনির ক্ষেত্র হয়, এবং তাহাতে মঙ্গলের অবস্থিতি ও রবির দৃষ্টি থাকে, তাহা হইলে মনুষ্য অপবিদ্ধপুত্র লাভ করে। (ঝ)

শনিবর্গস্থে চন্দ্রে শনিযুক্তে পঞ্চমে সদা সৌরে।

শুক্ররবিভ্যাং দৃষ্টে পুত্রঃ পৌনর্ভবো ভবতি (ঞ)

পঞ্চম স্থান শনির ক্ষেত্র হইলে তাহাতে যদি চন্দ্র অবস্থিতি করেন কিম্বা ঐ পঞ্চম স্থানে শনির সহিত চন্দ্র বাস করেন এবং পঞ্চম স্থানে রবি ও শুক্রের দৃষ্টি থাকে তাহা হইলে মনুষ্য পৌনর্ভব পুত্র লাভ করে ॥ (ঞ)

চূড়াগদার্কসম্বাৎ কলাদৃতঃ সৈব পঞ্চমে ভবনে।

রবিদৃষ্টেঽপ্যথ সহিতে কানীনঃ সম্ভবতি পুত্রঃ (ট)

লগ্ন কিম্বা চন্দ্র হইতে পঞ্চম স্থানে যদি রবির দৃষ্টি থাকে অথবা রবি অবস্থিতি করে, তাহা হইলে মনুষ্য কানীন পুত্র লাভ করে। ট

বর্গে রবিচন্দ্রমসোঃ সুতগেহে চন্দ্রসূর্য্যৌ সংযুক্তে।

শুক্রেণ দৃষ্ট মাত্রে পুত্রঃ কথিতঃ সহোঢ়শ্চ (ঠ)

সুত স্থান যদি রবির বা চন্দ্রের ক্ষেত্র হয়, এবং তাহাতে রবি কিম্বা চন্দ্রের অবস্থিতি থাকে ও ঐ স্থান শুক্র কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে মনুষ্য সহোঢ় পুত্র লাভ করে। (ঠ)

শুক্রনবাংশে তস্মিন্ শুক্রেণ নিরীক্ষিতেষ্বপত্যানি।

দাসী প্রভবানি বদেচ্চন্দ্রেঽপি কেচিদাচার্য্যাঃ (ড)

লগ্ন বা পঞ্চম স্থানস্থিত শুক্র যদি স্বীয় নবাংশগত হন অথবা যে কোন রাশিতে স্বীয় নবাংশস্থিত শুক্র যদি পঞ্চম স্থানে দৃষ্টি করেন, তাহা হইলে মনুষ্য দাসী প্রভব পুত্র লাভ করে। (ড)

শুক্রেন্দুজীবশশিজৈঃ সকলৈ স্ত্রিভিশ্চ

দ্বাভ্যাং কলত্রভবনে চ তথৈককেন।

এষাং গৃহেঽপি চ গণেঽথ বিলোকিতেবা

সন্তিস্ত্রিয়ো ভবন বর্গ গণ স্বভাবাঃ (ঢ)

চন্দ্র, বুধ, বৃহস্পতি ও শুক্র এই চারি গ্রহ অথবা উক্ত গ্রহ চতুষ্টয়ের মধ্যে তিন, দুই বা একগ্রহ যাহার লগ্ন বা চন্দ্রের সপ্তম স্থানে থাকে, কিম্বা ঐ সপ্তম স্থান উক্ত গ্রহগণের মধ্যে কোন গ্রহের ক্ষেত্র হয় অথবা সপ্তম স্থানে উক্ত গ্রহগণের দৃষ্টি থাকে তাহা হইলে উক্ত গ্রহগণের স্বভাবানুযায়ী সেই ব্যক্তির পত্নীর স্বভাব হইবে। (ঢ)

এবং ক্রুরৈর্নাশো লগ্নাচ্চন্দ্রাদ্বদেচ্চ বলযোগাৎ।
শশিরবিজয়োঃ কলত্রে ভার্য্যা পুংসাং পুনর্ভূঃ স্যাৎ (ণ)

রবি, মঙ্গল, ও শনি এই তিন গ্রহ অথবা উক্ত তিন গ্রহের মধ্যে যে কোন দুই বা এক গ্রহ যাহার লগ্ন বা চন্দ্র হইতে সপ্তম স্থানে থাকিবে বা দৃষ্টি করিবে, অথবা ঐ সপ্তম স্থান উক্ত গ্রহগণের মধ্যে কোন এক গ্রহের ক্ষেত্র হইবে, তাহা হইলেও সেই ব্যক্তির পত্নীর স্বভাব উক্ত গ্রহগণের স্বভাবানুযায়ী হইবে।

যাহার সপ্তম স্থানে চন্দ্র ও শনি অবস্থিতি করেন সেই ব্যক্তি বিবাহিতাকন্যা পুনর্ব্বার বিবাহ করে। (ণ)

প্রায়েন চন্দ্রমসি তয়োর্ব্বলসংযুক্তেঽথবাপি যামিত্রে।
দৃষ্টে বা বহুপত্ন্যোঃ ভবন্তি শুক্রে বিশেষেণ (ত)

যাহার সপ্তম স্থানে বলবান্ চন্দ্র ও শুক্র অবস্থিতি করেন কিম্বা সপ্তম স্থানে দৃষ্টি করেন, তাহা হইলে সেই ব্যক্তির অনেক পত্নী হয়। (ত)

গুরুশুক্রয়োঃ সবর্ণা রবিকুজ শশিভানুজৈর্জঘন্য না।
শুক্রে বেশ্যা প্রায়াশ্চন্দ্রেঽপি বদন্তি কেচু নালাখ্যা (থ)

সপ্তম স্থানে বৃহস্পতি ও শুক্র অবস্থিতি করিলে মনুষ্য সৎকুলের কন্যা বিবাহ করে। অপর রবি, মঙ্গল, ক্ষীণচন্দ্র ও শনি থাকিলে নীচকুলের কন্যা বিবাহ করে।

সপ্তমস্থানে শুক্র থাকিলে পত্নী বেশ্যা হয়। কোন কোন গ্রন্থকার বলেন যদি চন্দ্র সপ্তম স্থানে থাকে তাহা হইলে মনুষ্যের পত্নী বেশ্যা হয়। (থ)

উগ্রগ্রহৈঃ সিতচতুরস্র সংস্থিতৈ
র্মধ্যস্থিতে ভৃগুতনয়েঽথবোগ্রয়োঃ।
সৌম্যগ্রহৈরসহিত সংনিরীক্ষিতে
জায়াবধো দহন নিপাত পাশজঃ॥ ২

যাহার জন্ম কালে শুক্র হইতে চতুর্থ ও অষ্টম স্থানে রবি, মঙ্গল ও শনি অবস্থিতি করেন তাহার পত্নী অগ্নিতে আত্ম বিসর্জন করে। এবং যদি শুক্র পাপ গ্রহ দ্বয়ের মধ্যগত হন, তাহা হইলে মনুষ্যের স্ত্রী উচ্চস্থান হইতে পতিত হইয়া প্রাণ পরিত্যাগ করে। অপর যদি শুক্রের প্রতি কোন শুভগ্রহের দৃষ্টি বা যোগ না থাকিয়া কেবল পাপ গ্রহের দৃষ্টি বা যোগ থাকে তাহা হইলে মনুষ্যের পত্নী উদ্বন্ধনে আত্ম সমর্পণ করে। ২

লগ্নাদ্ব্যয়ারিগতয়োঃ শশিতিগ্মরশ্ম্যোঃ
পত্ন্যাসহৈক নয়নস্য বদন্তি জন্ম।
দ্যূনস্থয়োর্নবম পঞ্চম সংস্থয়োর্ব্বা
শুক্রার্কয়োর্ব্বিকলদারমুশন্তি জাতম্॥ ৩

যাহার জন্ম লগ্ন হইতে দ্বাদশ স্থানে চন্দ্র ও ষষ্ঠ স্থানে সূর্য্য অবস্থিতি করেন, সেই মনুষ্য ও তাহার স্ত্রী উভয়েই (কান) এক চক্ষু হীন হয়। এবং যাহার লগ্ন হইতে সপ্তম স্থানে, পঞ্চম স্থানে অথবা নবম স্থানে শুক্র ও রবি থাকেন, তাহার স্ত্রী বিকলাঙ্গ হয়। কোন কোন গ্রন্থকর্ত্তাদিগের মতে দশম স্থানে রবি ও শুক্র থাকিলে ও ঐরূপ ফল জানিবে। ৩

কোণোদয়ে ভৃগুতনয়েঽস্ত চক্রসন্ধৌ
বন্ধ্যাপতির্যদি ন সুতর্ক্ষমিষ্টযুক্তং।
পাপগ্রহৈর্ব্যয়মদলগ্নরাশিসংস্থৈঃ
ক্ষীণে শশিন্যসুতকলত্রজন্মধীস্থে॥ ৪

বৃষ, কন্যা ও মকর ইহাদের মধ্যে কোন একটা জন্ম লগ্ন হইলে তাহাতে যদি শনি অবস্থিতি করেন, এবং সপ্তম স্থানে অর্থাৎ বৃশ্চিক, মীন ও কর্কট ইহাদের কোন এক রাশির শেষ নবাংশে শুক্র থাকেন, এবং পঞ্চম স্থানে কোন শুভ গ্রহ না থাকে তাহা হইলে মনুষ্যের পত্নী বন্ধ্যা হয়। আর লগ্ন, সপ্তম ও দ্বাদশ স্থান যদি পাপ গ্রহ যুক্ত হয় এবং ক্ষীণ চন্দ্র যদি পঞ্চম স্থানে থাকেন, তাহা হইলে মনুষ্য পুত্র কলত্র বিহীন হয়॥ ৪

অসিত কুজয়োর্ব্বর্গেঽস্তস্থেসিতে তদবেক্ষিতে
পর যুবতিগস্তৌ চেৎ সেন্দুস্ত্রিয়া সহ পুংশ্চলঃ।
ভৃগুজ শশিনোরস্তেঽভার্য্যো নরো বিসুতোঽপি বা
পরিণত তনূ নৃস্ত্রোদৃষ্টৌ শুভৈঃ প্রমদাপতী॥ ৫

যাহার জন্ম লগ্নের সপ্তম স্থানে শুক্র থাকেন এবং ঐ সপ্তম স্থান যদি শনি কিম্বা মঙ্গলের ক্ষেত্র হয় এবং ঐ শুক্রের প্রতি যদি শনি কিম্বা মঙ্গলের দৃষ্টি থাকে, তাহা হইলে সেই ব্যক্তি পরদার গামী হয়। অথবা সপ্তম স্থানে যদি শনি, মঙ্গল ও চন্দ্র অবস্থিতি করেন, তাহা হইলে স্ত্রী ও পুরুষ উভয়েই ব্যভিচার দোষে দূষিত হয়।

যাহার জন্ম কালে চন্দ্র ও শুক্র একরাশিস্থ হয়, এবং ঐ রাশির সপ্তম স্থানে শনি ও মঙ্গল থাকেন তাহা হইলে সেই ব্যক্তি পুত্র বা কলত্র বিহীন হয়। এবং কোন স্ত্রী গ্রহ ও পুংগ্রহ এক রাশিতে থাকিলে সেই রাশির সপ্তম স্থানে যদি শনি ও মঙ্গল থাকেন ও তাহাতে কোন শুভ গ্রহের দৃষ্টি না থাকে, তাহা হইলে স্ত্রী ও পুরুষ উভয়েই বৃদ্ধবয়স পর্য্যন্ত দাম্পত্য সুখ অনুভব করে।৫

অন্যচ্চ।

দ্যূনেঽর্কজীবৌ সভৃগোঃ শশাঙ্কাদপুত্রভার্য্যৌ পুরুষো নরৌ তৌ। স্যাতাং নৃরাশেঃ খগতৌ স্মরস্থৌ, সৌম্যেক্ষিতৌ তৌ শুভদৌ নৃনার্য্যোঃ।

চন্দ্র ও শুক্র এক রাশিতে অবস্থিত হইলে তাহার সপ্তম স্থানে যদি রবি ও বৃহস্পতি থাকেন তাহা হইলে পুরুষ স্ত্রী পুত্র বিহীন ও স্ত্রী পতি পুত্র বিহীনা হয়। আর ঐরূপ এক গৃহস্থ চন্দ্র ও শুক্রের সপ্তম গৃহগত রবি ও বৃহস্পতি যদি কোন পুরুষ রাশির দশম কিম্বা সপ্তম স্থানে অবস্থিতি করেন ও তাহাতে শুভ গ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে স্ত্রী পুরুষ উভয়েরই শুভ ফল হয়।

বংশচ্ছেত্তা খমদসুখগৈশ্চন্দ্রদৈত্যেজ্যপাপৈঃ
শিল্পী ত্র্যংশে শশিসুত যুতে কেন্দ্রসংস্থার্কিদৃষ্টে।
দাস্যাং জাতো দিতিসুত গুরৌ রিপুফগে সৌরভাগে
নীচেঽর্কেন্দ্বোস্মদনগতয়োর্দৃষ্টয়োঃ সূর্য্যজেন।৬

যাহার জন্ম লগ্ন হইতে দশম স্থানে চন্দ্র, সপ্তম স্থানে ও চতুর্থ স্থানে পাপগ্রহ অবস্থিতি করে সেই ব্যক্তি ... করে। আর বুধযুক্তদ্রেক্কাণে ... শিল্পকার্য্য দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। দ্বাদশ স্থানে শনির নবাংশে শুক্র অবস্থিতি করিলে মনুষ্য দাসীপুত্র হয়।

এবং যাহার লগ্ন হইতে সপ্তম স্থানস্থ রবি ও চন্দ্রের প্রতি শনির দৃষ্টি থাকে, সেই মনুষ্য নীচবৃত্তি অবলম্বন করে। ৬

পাপালোকিতয়োঃ সিতাবনিজয়োরস্তস্থয়োর্ব্যাধ্যকৃৎ
কেন্দ্রে কর্কট বৃশ্চিকাংশকগতে পাপৈর্যুতে গুহ্যরুক্।
শ্বিত্রী রিপুফধনস্থয়োরশুভয়োশ্চন্দ্রোদয়েঽস্তে রবৌ
চন্দ্রেখেঽবনিজেঽষ্টগে চ বিকলো যদ্যর্কজো বেশিগঃ॥৭

জন্মকালে লগ্ন হইতে সপ্তম স্থানে যদি শুক্র ও মঙ্গল অবস্থিতি করে এবং ঐ শুক্র ও মঙ্গলের প্রতি পাপগ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে মনুষ্য ব্যাধিগ্রস্ত হয়। আর যদি পাপযুক্ত চন্দ্র কর্কট কিম্বা বৃশ্চিকের নবাংশগত হয়, তাহা হইলে মনুষ্যের গুহ্যদ্বারে রোগ জন্মে। লগ্নে চন্দ্র, সপ্তমে রবি, দ্বিতীয় ও দ্বাদশস্থানে পাপগ্রহ থাকিলে জাতমনুষ্য শ্বিত্ররোগী হয়। দশমস্থানে চন্দ্র, অষ্টম স্থানে মঙ্গল ও রবির দ্বিতীয় গৃহে শনি থাকিলে মনুষ্য বিকলাঙ্গ হয়। ৬

অ... গশিগুশুভয়োর্মৃগগে পতঙ্গে
শ্বাসক্ষয় প্লীহকবিদ্রধিগুল্মভাজঃ।
শোষী পরস্পরগৃহাংশগয়ো রবীন্দ্বোঃ
ক্ষেত্রেঽথবা যুগপদেকগয়োঃ কৃশো বা॥৮

যাহার জন্ম কালে মকর রাশিতে সূর্য্য এবং শনি ও মঙ্গল এই দুই গ্রহের মধ্যে চন্দ্র অবস্থিতি করে, সেই ব্যক্তি শ্বাস, ক্ষয়, প্লীহা, বিদ্রধি ও গুল্ম প্রভৃতি রোগে পীড়িত হয়। এবং চন্দ্র রবির গৃহে বা অংশে ও রবি চন্দ্রের গৃহে বা অংশে থাকিলে মনুষ্য শোষরোগী হয়। কর্কটে চন্দ্র ও রবি অথবা সিংহে চন্দ্র ও রবি থাকিলে, মনুষ্য কৃশ হয়। ৮

চন্দ্রেঽশ্বিমধ্যঝষকর্কিমৃগাজভাগে
কুষ্ঠীসমন্দরুধিরে তদবেক্ষিতে বা।
যাতৈস্ত্রিকোণমলিকার্কি বৃষৈর্মৃগে চ
কুষ্ঠী চ পাপসহিতৈরবলোকিতৈর্বা॥৯

চন্দ্র ধনুর পঞ্চম নবাংশ গত, কিম্বা মীন, কর্কট ও

মকরের যে কোন নবাংশ স্থিত হইয়া শনি ও মঙ্গলের সহিত যুক্ত বা শনি মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইলে মনুষ্য কুষ্ঠ-রোগী হয়।

যবনাচার্য্য বলেন, উক্তরূপ চন্দ্র যদি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে মনুষ্য কুষ্ঠরোগী না হইয়া কণ্ডু-বিকারী হয়।

বৃশ্চিক, কর্কট, বৃষ ও মকর ইহাদের মধ্যে যে কোন রাশি লগ্নের নবম কিম্বা পঞ্চম হইয়া পাপযুক্ত বা পাপদৃষ্ট হইলে মনুষ্য কুষ্ঠরোগী হয়। ৯

নিধনারিধনব্যয়স্থিতা রবিচন্দ্রারযমা যথা তথা।
বলবদ্গ্রহ দোষ কারণৈর্ম্মনুজানাং জনয়ন্ত্যনেত্রতাং ॥১০

রবি, চন্দ্র, মঙ্গল ও শনি এই চারি গ্রহ অষ্টম, ষষ্ঠ, দ্বিতীয় ও দ্বাদশ স্থানে অবস্থিতি করিলে মনুষ্য অন্ধ হয়। ১০

নবমায়তৃতীয়ধীযুতা ন চ সৌম্যৈরশুভানিরীক্ষিতাঃ।
নিয়মাচ্ছ্রবণোপঘাতদারদবৈকৃত্য করাশ্চ সপ্তমে॥ ১১

লগ্নের তৃতীয়, পঞ্চম ও একাদশ স্থানে শুভগ্রহের দৃষ্টি বিহীন পাপগ্রহ থাকিলে, মনুষ্য বধির [illegible]িং কালা হয়। এবং সপ্তম স্থানে শুভগ্রহের দৃষ্টি বি[illegible] পাপগ্রহ থাকিলে, জাতব্যক্তি দন্তরোগী হয়। ১১

উদয়ত্যুড়ুপেঽস্তরাশ্রগে সপিশাচোঽশুভয়োস্ত্রিকোণয়োঃ।
সোপপ্লব মণ্ডলে রবাবুদয়স্থে নয়নাপবর্জ্জিতঃ॥ ১২

যদি চন্দ্র গ্রহণকালে কোন ব্যক্তির জন্ম হয়, এবং চন্দ্র লগ্ন গত হয় ও নবমে পঞ্চমে পাপগ্রহ থাকে, তাহা হইলে জাতব্যক্তি পিশাচাধিষ্ঠিত হইবে। এবং সূর্য্যগ্রহণ কালে জন্ম হইলে যদি লগ্নে রবি ও নবম পঞ্চমে অশুভ গ্রহ থাকে, তাহা হইলে জাতমনুষ্য অন্ধ হইবে। ১২

সংস্পৃষ্টঃ পবনেন মন্দগদুরেদ্যানে বিলগ্নে গুরৌ
সোন্মাদো বণিজে স্থিতেঽস্তভবনে জীবে বিলগ্নাশ্রিতে
তদ্বৎ সূর্য্যসুতোদয়েঽবনিসুতে ধর্ম্মাত্মজদ্যূনগে
জাতে বামসহস্ররশ্মি তনয়ে ক্ষীণে ব্যয়ে শীতগৌ॥ ॥ ১৩

যদি জন্মলগ্নে বৃহস্পতি ও সপ্তমে শনি থাকে, তাহা হইলে মনুষ্য বাতরোগী হয়। লগ্নে বৃহস্পতি সপ্তমে মঙ্গল থাকিলে উন্মাদ হয়। লগ্নে শনি; পঞ্চম, সপ্তম ও নবম এই তিন গৃহের যে কোন রাশিতে মঙ্গল থাকিলেও উন্মাদ হয়।

লগ্নের দ্বাদশ স্থানে ক্ষীন চন্দ্রের সহিত শনি থাকিলে মনুষ্য বাতুল হইবে। ১৩

রাংশ্বংশপোঞ্চকরশীতকরামরেড্যো-
নীচাধিপাংশকগতৈ রবিভাগগৈ র্ব্বা।
এভ্যোঽল্পমধ্যবহুভিঃ ক্রমশঃ প্রসূতা
জ্ঞেয়াঃ স্মরভ্যুপগমঃ ক্রয়গর্ভদাসাঃ॥ ১৪

জন্মকালে চন্দ্র নবাংশাধিপতি, রবি, চন্দ্র ও বৃহস্পতি এই চারি গ্রহ যদি নীচ রাশিস্থিত হইয়া নীচ নবাংশে বা শত্রু নবাংশে থাকে, তাহা হইলে জাতব্যক্তি দাসত্ব কার্য্যে চিরকাল নিরত থাকে। উক্ত চারি গ্রহের মধ্যে তিন, দুই কিম্বা এক গ্রহ নীচ বা শত্রু গৃহগত হইলে ফলেরও ন্যূনতা অর্থাৎ অপেক্ষাকৃত অল্পকাল দাসত্ব ভোগ হয়। ১৪

বিকৃতদশনঃ পাপৈর্দৃষ্টে বৃষাজহয়োদয়ে
খলতিরশুভক্ষেত্রে লগ্নে হয়ে বৃষভেঽপি বা।
নবমসুতগতে পাপৈর্দৃষ্টে রবাবদৃষ্টেক্ষণো
দিনকরসুতেঽনেকব্যাধিঃ কুজে বিকলঃ পুমান্॥ ১৫

মেষ, বৃষ ও ধনু এই তিন লগ্নের মধ্যে যে কোন একটী জন্মলগ্ন হইলে তাহাতে পাপগ্রহের দৃষ্টি থাকিলে জাত-ব্যক্তি বিকৃত দন্ত হয়। অপর মেষ, বৃষ, সিংহ, বৃশ্চিক, ধনু, মকর ও কুম্ভ এই ছয় লগ্নের যে কোন একটী জন্ম-লগ্ন হইলে যদি ঐ লগ্নে পাপগ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে মনুষ্য খল্বাটরোগী হয়। এবং ঐ রূপ লগ্নের নবমে পঞ্চমে পাপদৃষ্টরবি থাকিলে, অসারনেত্র হয়। ঐ সকল লগ্নে নবমে, পঞ্চমে শনি থাকিলে নানা রোগযুক্ত ও মঙ্গল থাকিলে বিকলাঙ্গ হয়। ১৫

ব্যয়স্বতধনধর্ম্মগৈরসৌম্যৈর্ভবন সমান নিবন্ধনঃ বিকল্প্যঃ।
ভুজগ নিগড়পাশভৃদ্দকাণৈর্বলবদসৌম্যনিরীক্ষিতৈশ্চ তদ্বৎ।

লগ্নের দ্বিতীয়, পঞ্চম নবম ও দ্বাদশ স্থানে পাপগ্রহ থাকিলে জাতব্যক্তি বন্ধন দশায় থাকিবে।

পূর্ব্বোক্ত ভুজগ নি[illegible]
সেই সেই বস্তু দ্বারা

পুরুষবচনোপস্মারার্ত্তঃ ক্ষয়ী চ নিশাপতৌ
স রবিতনয়ে বক্রালোকং গতে পরিবেষগে।
রবিশমকুজৈঃ সৌম্যা দৃষ্টৈর্নভস্থলমাশ্রিতৈ
ভৃতকনমুজঃ পূর্ব্বোদ্দিষ্টৈর্ব্বরাধমমধ্যমাঃ ॥ ১৭

যাহার জন্মকালে চন্দ্রের সহিত শনির যোগ থাকে সেই ব্যক্তি কটুভাষী হয়। ঐ রূপ চন্দ্রে মঙ্গলের দৃষ্টি থাকিলে অপস্মাররোগী হয়। এবং উক্ত রূপ চন্দ্র রাহু-গ্রস্ত হইলে ক্ষয়রোগী হয়। রবি, মঙ্গল ও শনি এই তিন গ্রহ শুভগ্রহের দৃষ্টিবর্জ্জিত হইয়া দশম স্থানস্থ হইলে জাতব্যক্তি ভৃত্য হয়। ইহার মধ্যে বিশেষ এই যে তিন গ্রহে উত্তম দুই গ্রহে মধ্যম এক গ্রহে অধম ভৃত্য হইবে।১৭

ইতি বৃহজ্জাতকে অনিষ্টাধ্যায়ঃ।

---

পঞ্চস্বরা ও রাজমার্ত্তণ্ডমতে চ্ছেদাদিযোগ।

ভৌমক্ষেত্রগতে লগ্নে রবেঃ ক্ষেত্রে শনৈশ্চরে।
স তু পাপযুতো বাপি ভুজচ্ছেদো ভবেদ্ধ্রুবং ॥ ১ ॥

যাহার জন্ম লগ্ন মঙ্গলের ক্ষেত্র হয় এবং রবিরক্ষেত্রে পাপযুক্ত শনি অবস্থিতি করে তাহা হইলে সেই ব্যক্তির নিশ্চয় ভুজচ্ছেদন হইবে ॥ ১ ॥

ক্রূরগেহী যদা সৌরিঃ শত্রুযুক্তোঽরিবীক্ষিতঃ।
একপাদকরচ্ছেদো মুনিভিঃ পরিকীর্ত্তিতঃ ॥ ২ ॥

যাহার জন্মকালে শনি অন্য কোন পাপ গ্রহের গৃহস্থিত হইয়া শত্রু কর্ত্তৃক দৃষ্ট কিম্বা যুক্ত হয় সেই ব্যক্তির এক হস্ত ও এক পাদ ছিন্ন হইবে ॥ ২ ॥

মৃত্যুস্থান গতো ভৌমঃ শন্যর্ক তমসা যুতঃ।
চতুর্হস্ত পদচ্ছেদো মুনিভিঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৩ ॥

যাহার জন্ম লগ্নের অষ্টম স্থানে মঙ্গল অবস্থিতি করে এবং ঐ অষ্টম গৃহে শনি, রবি ও রাহুর যোগ থাকে তাহা হইলে সেই [illegible] ক্তির দুই হস্ত ও দুই পদ ছিন্ন হয় ॥ ৩ ॥

[illegible] রাহুঃ শনী সিংহে যদা স্থিতঃ।
[illegible] যোগো বিজ্ঞৈঃ পরি কীর্ত্তিতঃ ॥ ৪ ॥

[illegible] কালে মকরে কিম্বা কুম্ভে রাহু ও সিংহে [illegible] সেই ব্যক্তি [illegible] চ্ছেদ ঘটনা হয় ॥ ৪

[illegible] যদি।
[illegible] কীর্ত্তিতঃ ॥ ৫ ॥

যাহার জন্ম লগ্নের অষ্টম স্থানে রবি যুক্ত চন্দ্র বসতি করেন, সেই ব্যক্তির মস্তকচ্ছেদ হয় ইহা মুনিগণ নিশ্চয় করিয়াছেন ॥ ৫ ॥

পাপৈস্ত্রিভির্যদা সোমোঽরিষ্ট গেহে পরিস্থিতঃ।
শুভগ্রহা ন পশ্যন্তি চক্ষুর্নাশো ভবেদ্ধ্রুবং ॥ ৬ ॥

যাহার জন্ম কালে তিনটী পাপগ্রহ যুক্ত চন্দ্র অরিষ্ট গৃহে অবস্থিতি করে এবং তাহাতে যদি কোন শুভগ্রহের দৃষ্টি না থাকে তবে সেই ব্যক্তির নিশ্চয় চক্ষু নষ্ট হয় ॥ ৬

কর্কটস্থো যদা সৌরিঃ পাপযুক্তো ভবেদ্যদি।
শুভগ্রহা ন পশ্যন্তি খঞ্জো ভবতি নান্যথা ॥ ৭ ॥

যাহার জন্মকালে কর্কট রাশিতে পাপযুক্ত শনি থাকে এবং তাহাতে কোন শুভগ্রহের দৃষ্টি না থাকে তবে সেই ব্যক্তি খঞ্জ অর্থাৎ খোঁড়া হয় ॥ ৭ ॥

অষ্টমস্থো যদাভানুঃ শশি শুক্রারবীক্ষিতঃ।
রিপুগেহী বিশেষেণ কান যোগো ভবেদ্ধ্রুবং ॥ ৮ ॥

যাহার জন্ম লগ্নের অষ্টম স্থানে সূর্য্য অবস্থিতি করে, এবং তাহাতে যদি চন্দ্র, শুক্র ও মঙ্গলের দৃষ্টি থাকে বিশেষত ঐ সূর্য্য যদি শত্রু গৃহস্থিত হয়, তবে সেই ব্যক্তি কান অর্থাৎ কানা হয় ॥ ৮ ॥

রাহুনা সহিতোমন্দঃ শত্রুগেহেঽরিবীক্ষিতঃ।
মহাপাতক যোগোঽয়ং যদি ব্রহ্ম সমো ভবেৎ ॥ ৯ ॥

যাহার জন্ম কালে রাহু যুক্ত শনি স্বীয় গৃহ গত হইয়া শত্রু কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে সেই ব্যক্তি ব্রহ্ম তুল্য হইলেও মহাপাতক ভাগী হয় ॥ ৯

পাপগ্রহ যুতশ্চন্দ্রো রবিভৌমাবলোকিতঃ।
স ভবেদ্ব্রহ্মঘাতী চ শনি যুক্তশ্চ গোবধী ॥ ১০ ॥

জন্মকালে চন্দ্র পাপ যুক্ত হইয়া রবি ও মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইলে জাত ব্যক্তি ব্রহ্মঘাতী এবং ঐ পাপযুক্ত চন্দ্র শনিগ্রহের সহিত একগৃহে থাকিলে গোঘাতী হয় ॥১০

একস্থৈব ত্রয়োমুখ্যাঃ পাপাস্তিষ্ঠন্তি সর্ব্বদা।
শূলযোগো ভবেদত্র নাত্র কার্য্যাবিচারণা ॥ ১১ ॥

যাহার জন্মকালে তিনটী পাপ গ্রহ একরাশিস্থ হইবে সেই ব্যক্তি শূলরোগী হয়, এই বিষয়ে কোন বিচারের আবশ্যকতা নাই ॥ ১১ ॥

পাপত্রয়গতঃ সূর্য্যো গুরুশুক্রবিবর্জ্জিতঃ।
পাপিষ্ঠং কুরুতে নিত্যং অল্পায়ুশ্চ ন সংশয়ঃ ॥ ১২ ॥

রবি তিনটী পাপগ্রহের সহিত একত্র অবস্থিত হইলে তাহাতে যদি শুক্র কিম্বা বৃহস্পতির যোগ না থাকে তাহা হইলে জাত ব্যক্তি পাপিষ্ঠ ও অল্পায়ু হয় ॥ ১২ ॥

পাপগেহী যদা চন্দ্রো রবিমন্দারলোকিতঃ।
ব্রহ্মঘাতী ভবেন্নিত্যং সূর্য্যপুত্রেণ গোবধী ॥ ১৩ ॥

যাহার জন্মকালে চন্দ্র, পাপগ্রহের গৃহস্থিত হইয়া রবি, শনি ও মঙ্গল কর্ত্তৃক অবলোকিত হয়, তাহা হইলে সেই ব্যক্তি ব্রহ্মবধকারী এবং ঐ চন্দ্র শনি কর্ত্তৃক দৃষ্ট হইলে গোবধকারী হয় ॥ ১৩ ॥

অষ্টমে সপ্তমে বাপি রবি রাহু কুজার্কজাঃ।
ভবমশ্নাতি নীচান্নং যদিস্তান্মঘবানপি ॥ ১৪ ॥

জন্ম লগ্ন হইতে অষ্টমে কিম্বা সপ্তম স্থানে রাহু, মঙ্গল, শনি ও রবি থাকিলে জাত ব্যক্তি ইন্দ্র তুল্য হইলেও নীচান্ন ভোজনে দিন পাত করে ॥ ১৪ ॥

মৃত্যুস্থো যদি বা ভৌমঃ শত্রুগেহীন্দু সংযুতঃ।
এবনাশ করো যোগো দ্বিজিহ্বেন ন সংশয়ঃ। ১৫ ॥

জন্ম লগ্ন হইতে অষ্টম স্থানে যদি মঙ্গল থাকে এবং ঐ মঙ্গল শত্রু গৃহ গত হয় ও তাঁহার সহিত চন্দ্রের যোগ থাকে তাহা হইলে জাত মনুষ্য সর্প কর্ত্তৃক দংশিত হইয়া প্রাণ পরিত্যাগ করে ॥ ১৫ ॥

শত্রু স্থানস্থিতো জীবঃ শত্রু গেহেবুধেক্ষিতঃ।
এবশস্ত্রহতো যোগো যদি শক্র সমোভবেৎ ॥ ১৬

জন্ম লগ্ন হইতে ষষ্ঠ স্থানে বৃহস্পতি থাকিলে যদি ঐ বৃহস্পতি শত্রু গৃহগতবুধ কর্ত্তৃক দৃষ্ট হয় তাহা হইলে জাত ব্যক্তি ইন্দ্র তুল্য হইলেও অস্ত্রাঘাতে প্রাণ পরিত্যাগ করে ॥ ১৬ ॥

---

## অথ বৃহজ্জাতকে প্রব্রজ্যাধ্যায়ঃ।

একস্থৈশ্চতুরাদিভির্বলযুতৈর্জ্জাতাঃ পৃথগ্বীর্য্যগৈঃ
শাক্যাজীবিক ভিক্ষু বৃদ্ধ চরকা নির্গ্রন্থ বন্যাশনাঃ।
মাহেয়জ্ঞ গুরুক্ষপাকরসিতপ্রাভাকরীনৈঃ ক্রমাৎ
প্রব্রজ্যা বলিভিঃ সমাঃ পরিজিতৈস্তৎস্বামিভিঃ প্রচ্যুতিঃ ॥ ১

যাহার জন্মকালে কোন এক রাশিতে চারি পাঁচ ছয় কিম্বা সাতটী বলবান গ্রহ একদা অবস্থিতি করে তবে সেই ব্যক্তি উদাসীন হয়। কিন্তু ইহার বিশেষ এই যে প্রব্রজ্যাঘটক গ্রহগণের মধ্যে যদি মঙ্গল বলবান্ থাকে তবে ঐ উদাসীন নরমুণ্ডধারী, বুধ বলবান হইলে রক্তবস্ত্রধারী, বৃহস্পতি বলবান্ হইলে ভিক্ষুক, চন্দ্র বলবান হইলে বুদ্ধমতাবলম্বী অর্থাৎ নাস্তিক; শুক্র বলবান্ হইলে চক্রধারী, শনি বালবান্ হইলে নগ্ন, রবি বলবান্ হইলে ফলমুলভোজী তপস্বী হয়। এবং ইহাদের মধ্যে দুই তিন গ্রহ বলবান্ থাকিলে দুই তিন প্রকার প্রব্রজ্যা হইবে। বলবদ্গ্রহদিগের মধ্যে যে গ্রহপরাজিত হইবে তাহার প্রব্রজ্যার নিবৃত্তি হইয়া জয়ী গ্রহের প্রব্রজ্যা ভোগ হইবে ॥১

রবিলুপ্তকরৈরদীক্ষিতা ধলিভিস্তদ্গতভক্তগোনরাঃ।
অভিযাচিত মাত্র দীক্ষিতা নিহতৈরন্য নিরীক্ষিতৈরপি ॥২

পূর্ব্ব শ্লোকে যেরূপ প্রব্রজ্যা বর্ণিত হইয়াছে তাহার বিশেষ এই, দুই তিন গ্রহ একদা বলবান থাকিলে মনুষ্য তাহাদের মধ্যে উদিতগ্রহের প্রব্রজ্যা বিশিষ্ট হয় এবং অস্তমিতগ্রহের প্রব্রজ্যাতে ও তাহার অনুরাগ থাকে ॥ ২

জন্মেশোহন্যৈর্যদ্যদৃষ্টোঽর্কপুত্রং
পশ্যত্যার্কির্জন্মপং বা বলোনম্।
দীক্ষাং প্রাপ্নোত্যার্কিদ্রেক্কাণ সংস্থে
ভৌমার্কাংশে সৌরদৃষ্টে চ চন্দ্রে ॥ ৩ ॥

জন্ম রাশির অধিপতি গ্রহ যদি অন্য কোন গ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হইয়া শনিকে দর্শন করে ঐ শনি এবং জন্ম রাশির অধিপতি ইহাদের মধ্যে যে গ্রহ বলবান থাকে মনুষ্য তদুক্ত প্রব্রজ্যা বিশিষ্ট হয়। অপর জন্ম রাশির অধিপতিগ্রহ বলবান্ থাকিয়া যদি দুর্ব্বল শনিকে দর্শন করে তাহা হইলেও জন্ম রাশির অধিপতির প্রব্রজ্যা হইবে। কোন রাশিস্থিত চন্দ্র শনির দ্রেক্কাণে রবি বা ম [illegible] র নবাংশে থাকিয়া যদি শনি কর্ত্তৃক দৃষ্ট হয় তবে মনু
প্রব্রজ্যাশীল হয় ॥ ৩ ॥

সুরগুরু শশি হোরাস্বার্কি দৃষ্টাসু ধ
গুরুরথনৃপ     যোগদন্তীর্থকৃ
নবম ভবন
ভবতি নর

বৃহস্পতি, চন্দ্র ও লগ্নে যদি শনির দৃষ্টি থাকে এবং ঐ বৃহস্পতি নবমস্থ হয় তবে রাজযোগজাত পুরুষ সন্ন্যাস ধর্ম্ম আশ্রয় করিয়া কণাদাদি মুনিগণের ন্যায় শাস্ত্র কর্ত্তা হয়। জন্মলগ্নহইতে নবমস্থানে অন্যগ্রহদৃষ্টি বর্জ্জিত শনি থাকিলে রাজযোগজাত ব্যক্তি সন্ন্যাসধর্ম্ম গ্রহণ করে ॥ ৪ ॥

ইতি বৃহজ্জাতকে প্রব্রজ্যাযোগাধ্যায়ঃ ॥

---

## অথ পারাশরীয়ে রাজযোগঃ।

অথাতঃ সংপ্রবক্ষ্যামি রাজযোগাদিকং পদং।
গ্রহাণাং স্থানভেদেন রাশিদৃষ্ট দশাফলং ॥ ১ ॥

অনন্তর পরাশরোক্ত রাজযোগ বর্ণিত হইতেছে। গ্রহগণের অবস্থানদ্বারা রাশি দৃষ্টে শুভাশুভ ফল নিশ্চয় করিবে ॥ ১

তপঃস্থানাধিপো মন্ত্রী মন্ত্রাধীশো বিশেষতঃ।
উভাবন্যোন্যসংদৃষ্টৌ জাতশ্চেদিহ রাজ্যভাক্ ॥ ২ ॥

নবম স্থানাধিপতি বৃহস্পতি ও পঞ্চমস্থানাধিপতি যে কোন গ্রহ, এই উভয় যদি পরস্পরের প্রতি দৃষ্টি করে তাহা হইলে জাতব্যক্তি রাজা হয়। ২

যত্র কুত্রাপি সংযুক্তৌ তৌ বাপি সমসপ্তমৌ।
রাজবংশোদ্ভবো বালো রাজা ভবতি নিশ্চয়ঃ ॥ ৩ ॥

জন্মকালে ঐ নবমাধিপতি বৃহস্পতি ও পঞ্চমাধিপতি গ্রহ, উভয় যদি কোন এক রাশিগত হয়, কিম্বা সমসপ্তমে অর্থাৎ একের সপ্তমে অপর গ্রহ থাকে তাহা হইলে রাজ বংশোদ্ভব ব্যক্তি রাজ হয় ॥ ৩

বাহনেশস্তথা মানে মানেশো বাহনে স্থিতঃ।
লগ্নধর্ম্মাধিপাভ্যাস্তু দৃষ্টৌ চেদিহ রাজ্যভাক্ ॥ ৪ ॥

যাহার জন্মকালে চতুর্থ স্থানের অধিপতি, দশম স্থানে, ও দশম স্থানের অধিপতি চতুর্থ স্থানে অবস্থিতি করে এবং ঐ দুই গ্রহের প্রতি লগ্নাধিপতি ও নবমাধিপতির দৃষ্টি থাকে তবে সেই ব্যক্তি রাজা হয় ॥ ৪

সুতেশ মধ্যেশ সুখেশ লগ্ননাথা যদা ধর্ম্মপসংযুতাশ্চেৎ।
নৃপোহস্তয়শ্চেদিহবারণাঢ্যঃ স্বতেজসা ব্যাপ্ত দিগন্তরালঃ ॥৫

যাহার জন্মকালে পঞ্চমাধিপতি, দশমাধিপতি, চতুর্থাধিপতি ও লগ্নাধিপতি এই চারি গ্রহ কোন এক রাশিতে ধর্ম্মাধিপতির সহিত একত্র অবস্থিতি করে, তাহা হইলে সেই মনুষ্য স্বীয় প্রভাবে সমস্ত পৃথিবীর অধিপতি হয় ॥ ৫

সুখকর্ম্মাধিপৌচৈব মন্ত্রিনাথেন সংযুতৌ।
ধর্ম্মেশেনাথবা যুক্তৌ জাতশ্চেদিহ রাজ্যভাক্ ॥ ৬ ॥

চতুর্থ স্থানের অধিপতি ও দশম স্থানের অধিপতি এই দুই গ্রহ যদি পঞ্চমাধিপতি কিম্বা নবমাধিপতির সহিত একত্র অবস্থিতি করে তাহা হইলে জাত ব্যক্তি রাজা হয় ॥ ৬

সুতেশ্বরো ধর্ম্মপসংযুতশ্চেল্লগ্নেশ্বরেণাপি যুতোবিলগ্নে।
সুখেঽথবা মানগৃহেঽথবাস্তা রাজ্যাভিষিক্তো যদিরাজবংশ্যঃ ॥৭

পঞ্চমাধিপতি যদি নবমাধিপতির সহিত কোন এক গৃহে অথবা লগ্নাধিপতির সহিত যুক্ত হইয়া লগ্নে, চতুর্থ স্থানে কিম্বা দশমস্থানে থাকে, তাহা হইলে রাজ বংশোদ্ভব ব্যক্তি রাজত্ব পদ প্রাপ্ত হয় ॥ ৭

ধর্ম্মস্থানে গুরুক্ষেত্রে স্বগৃহে ভৃগুসংযুতে।
পঞ্চমাধিপসংযুক্তে জাতশ্চেদিহরাজ্যভাক্ ॥ ৮ ॥

জন্মলগ্নহইতে নবমস্থান যদি বৃহস্পতির ক্ষেত্র হয় এবং শুক্র স্ব গৃহে পঞ্চমাধিপতির সহিত অবস্থিতি করেন তাহা হইলে জাত ব্যক্তি রাজা হইবে। ৮

ভাগ্যেশ রাজ্যেশ ধনেশ্বরাণামেকোঽপি চন্দ্রাদ্যদি কেন্দ্রবর্ত্তী।
স্বপুত্রলাভাধিপতিগুরুশ্চেদখণ্ড সাম্রাজ্য পতিত্ব মেতি ॥ ৯

নবমাধিপতি, দশমাধিপতি ও দ্বিতীয়াধিপতি ইহাদিগের মধ্যে কোন এক গ্রহ, যদি চন্দ্রের কেন্দ্রভবনে থাকে এবং বৃহস্পতি যদি দ্বিতীয় স্থান, পঞ্চম স্থান বা একাদশ স্থানের অধিপতি হয় তবে মনুষ্য সমস্ত পৃথিবীতে অখণ্ড সাম্রাজ্য স্থাপন করে ॥ ৯

লাভেশ বিদ্যেশ ধনেশ্বরাণামেকোঽপি চন্দ্রাদ্যদি কেন্দ্রবর্ত্তী।
স্ব পুত্রলাভাধিপতিগুরুশ্চেদখণ্ড সাম্রাজ্য পতিত্বমেতি ॥ ১০

একাদশাধিপতি, পঞ্চমাধিপতি ও দ্বিতীয় স্থানাধিপতি ইহাদিগের মধ্যে কোন এক গ্রহ যদি চন্দ্র হইতে কেন্দ্র স্থানে থাকেন এবং বৃহস্পতি দ্বিতীয়, পঞ্চম বা একাদশ

ইহাদের কোন এক স্থানের অধিপতি হন তবে জাত-ব্যক্তি সমস্ত ভূমণ্ডলে অখণ্ড আধিপত্য সংস্থাপন করে ॥ ১০

অথ ধনযোগফলম্ ।

অতঃপরং প্রবক্ষ্যামি ধনযোগং বিশেষতঃ ।
পঞ্চমে তু ভৃগুক্ষেত্রে তস্মিন্ শুক্রেণ সংযুতে ।
লাভে শনৈশ্চরযুতে বহুদ্রব্যস্য নায়কঃ ॥ ১ ॥

অতঃপর ধনযোগ কথিত হইতেছে। যাহার জন্ম লগ্নহইতে পঞ্চম স্থানে শুক্র, স্বীয় ক্ষেত্রে বাস করেন এবং একাদশ স্থানে শনি থাকেন তাহা হইলে সেই ব্যক্তি বহু দ্রব্যের অধিপতি হয় ॥ ১

পঞ্চমে সোমজক্ষেত্রে তস্মিন্ সৌম্যযুতো যদি ।
লাভে চ চন্দ্রভৌমৌতু বহুদ্রব্যস্য নায়কঃ ॥ ২ ॥

যাহার জন্মলগ্নহইতে পঞ্চম স্থানে বুধ স্বক্ষেত্রে এবং একাদশ স্থানে চন্দ্র ও মঙ্গল অবস্থিতি করেন তবে সেই ব্যক্তি বহু দ্রব্যের অধিপতি হয় ॥ ২

পঞ্চমে তু শনিক্ষেত্রে তস্মিন্ সূর্য্যযুতো যদি ।
লাভে সোমাত্মজস্থে বা বহুদ্রব্যস্য নায়কঃ ॥ ৩ ॥

যাহার জন্মলগ্নহইতে পঞ্চমস্থানে শনির ক্ষেত্রে রবি ও একাদশ স্থানে বুধ অবস্থিতি করেন সেই ব্যক্তি বহুদ্রব্যের অধিপতি হয় ॥ ৩ ॥

পঞ্চমে তু রবিক্ষেত্রে তস্মিন্ রবিযুতো যদি ।
লাভেঽমরেজ্য পূজ্যস্থে বহুদ্রব্যস্য নায়কঃ ॥ ৪ ॥

যাহার জন্মলগ্ন হইতে পঞ্চম স্থানে যদি রবি স্বক্ষেত্রে থাকেন এবং একাদশ স্থানে বৃহস্পতি বাস করেন সেই ব্যক্তি বহুদ্রব্যের অধিপতি হয় ॥ ৪

পঞ্চমে তু শনিক্ষেত্রে তস্মিন্ শনিযুতো যদি ।
লাভে ভৌমেন সংযুক্তে বহুদ্রব্যস্য নায়কঃ ॥ ৫ ॥

যাহার জন্মলগ্নহইতে পঞ্চম স্থানে শনি, স্বক্ষেত্রে এবং একাদশস্থানে মঙ্গল থাকেন সেই ব্যক্তি বহু দ্রব্যের অধিপতি হয় । ৫

পঞ্চমে তু গুরুক্ষেত্রে তস্মিন্ গুরুযুতো যদি ।
লাভে তু চন্দ্রভৌমৌ চেদ্বহুদ্রব্যস্য নায়কঃ ॥ ৬ ॥

যাহার জন্মলগ্নহইতে পঞ্চম স্থানে বৃহস্পতি স্বক্ষেত্রে এবং একাদশ স্থানে চন্দ্র ও মঙ্গল থাকেন সেই ব্যক্তি বহু দ্রব্যের অধিপতি হয় ॥ ৬

ভানুক্ষেত্রগতে তস্মিন্ লগ্নে ভানুস্থিতো যদি ।
ভৌমেন গুরুণাযুক্তো দৃষ্টো বা স্যাদ্যুতো ধনী ॥ ৭ ॥

যাহার জন্মলগ্নে রবি, স্বক্ষেত্রে থাকেন এবং তাহাতে মঙ্গল বা বৃহস্পতির যোগ কিম্বা দৃষ্টি থাকে তাহা হইলে সেই ব্যক্তি ধনবান হয় ॥ ৭ ॥

চন্দ্রক্ষেত্রগতে লগ্নে তস্মিন্ চন্দ্রযুতো যদি ।
জীবভৌমযুতে যস্য দৃষ্টে জাতো ধনী ভবেৎ ॥ ৮ ॥

যাহার জন্মলগ্নে চন্দ্র, স্বক্ষেত্রে থাকেন এবং তাহাতে বৃহস্পতি বা মঙ্গলের দৃষ্টি কিম্বা যোগ হয় সেই ব্যক্তি ধনবান হইবে ॥ ৮

ভৌমক্ষেত্রগতে লগ্নে তস্মিন্ ভৌমযুতো যদি ।
সোমশুক্রার্কজৈর্যুক্তে দৃষ্টে শ্রীমান্নরোভবেৎ ॥ ৯ ॥

যাহার জন্মলগ্নে মঙ্গল স্বক্ষেত্রে থাকেন এবং চন্দ্র, শুক্র বা শনির যোগ কিম্বা দৃষ্টি থাকে তবে সেই ব্যক্তি সৌভাগ্য শালী হয় ॥ ৯

গুরুক্ষেত্রগতে লগ্নে তস্মিন্ গুরু যুতো যদি ।
সৌম্যভৌমাযুতে দৃষ্টে জাতো যস্য ধনীনরঃ ॥ ১০ ॥

যাহার জন্মলগ্নে বৃহস্পতি, স্বক্ষেত্রে থাকেন এবং তাহাতে যদি বুধ বা মঙ্গলের দৃষ্টি কিম্বা যোগ থাকে তাহা হইলে সেই ব্যক্তি ধনবান্ হয় ॥ ১০

ভৃগুক্ষেত্রগতে লগ্নে তস্মিন্ ভৃগুযুতো যদি ।
শনিসৌম্যযুতে দৃষ্টে জাতো যস্য ধনীনরঃ ॥ ১১ ॥

যাহার জন্মলগ্নে শুক্র স্বক্ষেত্রে থাকেন এবং তাহাতে যদি শনি বা বুধের দৃষ্টি কিম্বা যোগ থাকে, সেই ব্যক্তি ধনবান হয় ॥ ১১ ॥

ইতি ধন যোগঃ ।

---

অথ দারিদ্র্যযোগঃ ।

অথাতঃ সংপ্রবক্ষ্যামি দারিদ্র্যং দুঃখকারণং ।
লগ্নাধিপে রিপুফগতে রিপুফেশো লগ্নমাগতে ।
মারকেশযুতে দৃষ্টে জাতঃ স্যা নির্ধনোনরঃ ॥ ১ ॥

অনন্তর দুঃখকর দারিদ্র্য যোগ কথিত হইতেছে। যাহার লগ্নাধিপতি, দ্বাদশস্থানে এবং দ্বাদশাধিপতি লগ্নে থাকিয়া মারকাধিপতি কর্তৃক যুক্ত বা দৃষ্ট হন তবে সেই ব্যক্তি নির্ধন হইবে ॥ ১

লগ্নাধিপে শক্রগৃহংগতে বা ষষ্ঠেশ্বরে লগ্নগতোঽপিবা চেৎ।
বিলগ্নপে মারকনাথদৃষ্টে জাতো ভবেন্নির্ধনকোপি বৈশ্যঃ ॥২

লগ্নাধিপতি, ষষ্ঠস্থানে ষষ্ঠস্থানাধিপতি লগ্নে স্থিত হইয়া মারকাধিপতি কর্ত্তৃক দৃষ্ট হইলে জাত ব্যক্তি দরিদ্র হয় ॥ ২

লগ্নেন্দু কেতু যুক্তৌ বা লগ্নেশো নিধনং গতে।
মারকেশযুতে দৃষ্টে রাজবংশ্যোঽপি নির্ধনঃ ॥ ৩

যাহার লগ্ন ও চন্দ্র কেতুযুক্ত হয় এবং লগ্নাধিপতি অষ্টমস্থানস্থিত, হইয়া মারকাধিপতি কর্ত্তৃক দৃষ্ট হয়, সেই ব্যক্তি রাজবংশীয় হইলেও নির্ধন হইবে ॥ ৩

বিলগ্ননাথেরিবিনাশ রিপুফনাথেন যুক্তে যদি পাপ দৃষ্টে।
মন্দাত্মজেনাপিযুতেপি দৃষ্টে শুভৈর্নদৃষ্টে স ভবেদ্দরিদ্রঃ ॥ ৪

যদি লগ্নাধিপতি গ্রহ, ষষ্ঠাধিপতি, অষ্টমাধিপতি কিম্বা দ্বাদশাধিপতির সহিত যুক্ত হইয়া পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় অথবা ঐ লগ্নাধিপতিগ্রহ পঞ্চমাধিপতি কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হইয়া কোন শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হয় তাহা হইলে জাত ব্যক্তি দরিদ্র হয় ॥ ৪

মন্ত্রেশো ধর্ম্মনাথশ্চ ষষ্ঠে কর্ম্মস্থিতৌ ক্রমাৎ।
দৃষ্টৌচেন্মারকেশেন জাতঃ স্যা ন্নির্ধনোনরঃ ॥ ৫ ॥

পঞ্চমাধিপতি ষষ্ঠ স্থানে ও নবমাধিপতি দশম স্থানে থাকিলে তাহাতে যদি মারকাধিপতির দৃষ্টি থাকে, তাহা হইলে জাত ব্যক্তি নির্ধন হয় ॥ ৫

পাপগ্রহে লগ্নগতে রাজ্যধর্ম্মাধিপৌবিনা।
মারকেশযুতে দৃষ্টে জাতঃ স্যা ন্নির্ধনোনরঃ ॥ ৬ ॥

লগ্নগত পাপগ্রহ নবমাধিপতি বা দশমাধিপতি কর্ত্তৃক বিযুক্ত হইয়া মারকাধিপতিকর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইলে জাত মনুষ্য নির্ধন হয় ॥ ৬

ষষ্ঠাষ্টমেশো রন্ধ্র রিপু ফারিসংস্থ, স্তম্ভাবস্থা রন্ধ্র রিপু ফারি ভেশাঃ।
পাপৈর্দৃষ্টৌ মন্দ দৃষ্টোঽথবা চেদ্দুঃখাক্রান্তশ্চঞ্চলো নির্ধনঃ স্যাৎ ॥৭

যে যে গৃহের অধিপতি অষ্টম, ষষ্ঠ ও দ্বাদশ স্থানে থাকে সেই সেই গৃহে যদি অষ্টমাধিপতি, ষষ্ঠাধিপতি ও দ্বাদশাধিপতি অবস্থিতি করে এবং তাহাতে পাপ গ্রহের বা শনির দৃষ্টি থাকে তবে জাত ব্যক্তি দুঃখী, চঞ্চল ও নির্ধন হয় ॥ ৭

চন্দ্রাক্রান্তনবাংশেশো মারকেশযুতো যদি।
মারকস্থানগো বাপি জাতোঽসৌ নির্ধনোনরঃ ॥ ৮ ॥

যে নবাংশেতে চন্দ্র অবস্থিতি করেন সেই নবাংশের অধিপতি যদি মারকস্থানস্থিত কিম্বা মারকাধিপতির সহিত যুক্ত হন তবে জাত মনুষ্য নির্ধন হয় ॥ ৮

বিলগ্নেশনবাংশেশো রিপুফষষ্ঠাষ্ট গো যদি।
মারকেশযুতো দৃষ্টো জাতোঽসৌনির্ধনোনরঃ ॥ ৯ ॥

লগ্নাধিপতি যে নবাংশে থাকিবে সেই নবাংশের অধিপতি যদি দ্বাদশ, ষষ্ঠ বা অষ্টম স্থানে স্থিত হইয়া মারকাধিপতি কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে জাত বালক নির্ধন হয় ॥ ৯

ষষ্ঠাষ্টমব্যয়গতে লগ্নেশে পাপসংযুতে।
মারকেশযুতে দৃষ্টে রাজবংশ্যোপি নির্ধনঃ ॥ ১০

লগ্নাধিপতি ষষ্ঠ, অষ্টম, কিম্বা দ্বাদশ স্থান স্থিত হইয়া পাপ সংযুক্ত ও মারকাধি পতি কর্ত্তৃক দৃষ্ট হইলে জাত মনুষ্য রাজ বংশীয় হইলেও নির্ধন হয় ॥ ১০

ইতি দারিদ্র্য যোগঃ।

---

খনা

*মেষে যবে থাকে দিনকর, শোনায় রূপায় ভরে ঘর। তুমি ধন বিশ্রাম ধাম, পণ্ডিত হয় সম্মান। যোগজ্ঞানে হয় সিদ্ধি, পথে পড়িয়া পায় নিধি নাট দেখে গীতশোনে, হাসে খেলে আপন সুখে ॥ ১ ॥ বৃষের চন্দ্রের তুঙ্গ ফল, উদর ডাগর কলেবর। আটা আখি পায় পাদুক, ডাগর মাথা বড়বুক। বাপের ধন ভাই খায়, শোনা বিলায় তোলায় তোলায়। সুখে নিদ্রা খাটে যায়, আপন কাজ সিদ্ধি পায়। সর্ব্বকাল স্থির মনা, এই তুঙ্গ বলে খনা ॥ ২ মকরে মঙ্গল উচ্চ স্থান, অল্পকালে সাহে মান। রাজায় প্রজায় লোলে ভাল, নিজবংশে ঠাকুর ভাল। নাট্যগীত সুখে যায়, রূপার দোলায় পাও ফেলায়। ঘোড়ার কোজে উনমত্তা, মাথায় ধরে ধবল ছাতা। নহেগোরা নহে কাল, শ্যাম সুন্দর দেখিভাল। জ্যেষ্ঠ কনিষ্ঠের মান পায়, আপন বুদ্ধে সুখে যায়। সকল কাল শুদ্ধমনা এই তুঙ্গ বলে খনা ॥ ৩ ॥ কন্যার বুধ ভাগ্যে পাই, শতেক বৎসর হয় পরমাই। শব্দ করিবোলে রাজা, গিয়ে কুটুম্বে করে পূজা। জ্যেষ্ঠশ্রেষ্ঠ বাপে মায়, ধর্ম্ম করেতীর্থ যায়। নানা সুখে পায় মান, পুণ্য হয় স্থানে স্থান ॥ ৪ কর্কটে জীবা বেদ বাখানে, বিনা পড়নে আখর চিনে। অন্ন খায় বিস্তর আনে, ঘরে বসিয়া গীতশুনে। ধন হয় সর্ব্ব কাল, আগে পাছে দেখে ভাল ॥ ৫ মিনে শুক্র উচ্চ ফল, মহাশক্তি মহাবল। মহাশক্তি ধনে জনে, লক্ষ্মী আইসেন আপন মানে। এহান তুঙ্গ বাখাননাহার, বোলে খনা সকল পায় ॥ ৬ তুলায় শনি মহাভোগ, রাজার তুলনা তাহার ভোগ। নরেরমধ্যে সেনের পতি, শতেক হয় কুল যুবতী। চট্ আড়িতে পড়ে ধন, কিবা ঘর কিবা বন। লক্ষায় ধন তাহার ঘরে, খায় বিলায় পরে পরে। দুধ ভাত কাকুড় খায়, শতেক বৎসর হেলায় খুয়ায় ॥ ৭ রাহু মিথুনে আগে দেখি, পৌরুষ সম্পদ মহালক্ষ্মী। শুক্লপক্ষে যেন শশী, বিস্তর ধন মানুষ দাসী। পুথি পাঁজি পড়ে শু হয়। রাশি রাশি বৈশাখায়। শতেক দেখে সুন্দরীর মুখ, শতেক বৎসর তাহার সুখ ॥ ৮

## ঢুণ্ঢিরাজমতে জাতকাভরণে স্ত্রীজাতক।

যজ্জন্মকালাদ্গদিতং নরাণাং হোরাপ্রবীণৈঃ ফলমেতদেব।
স্ত্রীণাং প্রকল্প্যং খলুবেদযোগ্যং লগ্নেন্দুত স্তৎপরিবেদিতব্যং ॥১

জ্যোতিঃশাস্ত্রবিদ্ পণ্ডিতগণ বলেন যে পুরুষের জন্ম লগ্ন হইতে গণনা করিয়া তন্বাদিভাবস্থ গ্রহ গণের সংস্থান ও বলাবলাদিদ্বারা শুভাশুভ ফল নির্ণয় করিতে হইবে স্ত্রী জাতক বিবেচনা কালে স্ত্রীদিগের জন্ম লগ্ন ও রাশি হইতে গণনা করিয়া শুভাশুভ ফল নিশ্চয় করা বিধেয়॥ ১

লগ্নে শশাঙ্কে চ বপুর্ব্বিচিন্ত্যং তয়োঃ কলত্রে পতিবৈভবানি।
সুতাখ্যভাবে প্রসবোঽবগম্যো বৈধব্যমষ্টে নিধনেঽবগম্যং ॥২

লগ্ন ও রাশিগত গ্রহদ্বারা স্ত্রীলোকের শারীরিক ফল বিবেচনা করিবে, লগ্ন ও চন্দ্র হইতে সপ্তম স্থানে পতির সম্পত্তি ও অন্যান্য শুভাশুভ, পঞ্চম স্থানে সন্তানের মঙ্গল, অষ্টম স্থানে বৈধব্য ইত্যাদি বিষয় নির্ণয় করিবে ॥ ২

লগ্নে চ চন্দ্রে সমরাশিযাতে কান্তা নিতান্তং প্রকৃতিস্থিতাস্যাৎ।
তদ্রূপভূষা সহিতাথসৌম্যৈ নিরীক্ষিতৌ তৌ যদি চারুশীলা ॥ ৩

যে নারীর জন্মলগ্ন সমরাশি অর্থাৎ বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক, মকর, ও মীন ইহাদিগের মধ্যে কোন একটী হয়, এবং চন্দ্র উক্ত রাশিগণের মধ্যে কোন এক রাশিতে থাকে তাহা হইলে সেই নারী শান্ত স্বভাবা হয়। এবং ঐ লগ্ন ও চন্দ্রে যদি শুভ গ্রহের দৃষ্টি থাকে তবে সেই রমণী বিবিধ ভূষণ সম্পন্না ও অতি সুচরিত্রা হইবে ॥ ৩

তয়োঃ স্থিতিশ্চেদ্বিষমাখ্যরাশৌ নারী নরাকারধরা কুরূপা।
পাপগ্রহালোকন যোগযাতৌ তৌ চেৎ কুশীলা গুণবর্জ্জিতা সা ॥৪

যদি বিষম রাশি অর্থাৎ মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু ও কুম্ভ ইহাদিগের মধ্যে কোন এক রাশি জন্মলগ্ন হয় ও উক্ত রাশিগণের মধ্যে কোন রাশিতে চন্দ্র থাকে তাহা হইলে নারী কুরূপা ও পুরুষের ন্যায় আকৃতি বিশিষ্টা হয়। এবং উক্ত রূপ চন্দ্র ও লগ্ন যদি পাপ গ্রহ যুক্ত বা পাপগ্রহ কর্ত্তৃক অবলোকিত হয় তবে সেই স্ত্রী কুশীলা ও গুণহীনা হয় ॥ ৪

লগ্নেন্দ্বোর্ব্বলবান্ কুজস্য ভবনে শুক্রস্য খাম্শংশকে
কন্যাস্ত্যাদতিনিন্দিতা সুরগুরোঃ সাধ্বী নিতান্তং ভবেৎ।
দুষ্টা ভূতনয়স্য নূনমুদিতা সৌম্যস্য মায়াবিনী
দাসী তিগ্মমরীচি সুনুগগনাখ্যংশে ফলানি ক্রমাৎ ॥ ৫

লগ্ন ও রাশি এই উভয়ের মধ্যে যে বলবান হইবে সে যদি মঙ্গলের ক্ষেত্র অর্থাৎ মেষ কিম্বা বৃশ্চিক হইয়া শুক্রের ত্রিংশাংশ গত হয়, তাহা হইলে নারী সকলের নিকট অতিশয় নিন্দনীয়া, বৃহস্পতির ত্রিংশাংশগত হইলে সাধ্বী, মঙ্গলের ত্রিংশাংশগত হইলে দুষ্টা, বুধের ত্রিংশাংশ[illegible] হইলে মায়াবিনী, শনির ত্রিংশাংশগত হইলে [illegible] হইবে ॥ ৫

তারানায়ক পুত্রভেঽবনিসুতে ত্রিংশন্নবেকাপটী
শৌক্রে ভূরিমনোভবা শশিসুতস্যাতীবযুক্তা গুণৈঃ।
দেবাধীশপুরোহিতস্য তু ভবেৎ সাধ্বী নিতান্তং তথা
খাম্যংশেঽর্কসুতস্য সা নিগদিতা ক্লীবস্য ভার্য্যা বুধৈঃ ॥ ৬

বলবান্ লগ্ন বা রাশি বুধের ক্ষেত্র হইয়া মঙ্গলের ত্রিংশাংশ গত হইলে নারী কপটচারিণী অর্থাৎ ছল-কারিণী, শুক্রের ত্রিংশাংশগত হইলে অতিশয় কামাতুরা, বুধের ত্রিংশাংশগত হইলে গুণবতী, বৃহস্পতির ত্রিং-শাংশগত হইলে সাধ্বী, শনির ত্রিংশাংশগত হইলে ক্লীবের ভার্য্যা হয় ॥ ৬

দেবাচার্য্য গৃহেঽসৃতাংশুরথবা লগ্নং-খবহ্ন্যংশকে
ভূসূনোর্গুণশালিনী সুরগুরোঃ খ্যাতাগুণানাং গুণৈঃ।
তারাস্বামিসুতস্য চারুবিভবা শুক্রস্য সাধ্বী ভবেৎ
নূনং ভানুসুতস্য চাল্পসুরতা কান্তাবুধৈঃ কীর্ত্তিতা ॥ ৬

বলবান্ লগ্ন বা রাশি, বৃহস্পতির ক্ষেত্র হইয়া মঙ্গলের ত্রিংশাংশগত হইলে নারী গুণবতী, বৃহস্পতির ত্রিংশাংশগত হইলে যশস্বিনী, চন্দ্রের ত্রিংশাংশগত হইলে বিভবশালিনী, শুক্রের ত্রিংশাংশগত হইলে সাধ্বী, শনির ত্রিংশাংশগত হইলে অল্প কামা হয় ॥ ৭

দৈত্যাচার্য্যগৃহে সুরেন্দ্রসচিবস্যাকাশ বহ্ন্যংশকে
লগ্নং বাপ্যুড়ুনায়কো গুণবতী ভৌমস্য দোষান্বিকা।
সৌম্যস্যাতিকলা কলাপকুশলা শুক্রস্য চঞ্চদ্গুণৈ
র্লোকার্য্যে নিপুণৈর্দিবা মণিসুতস্যোক্তা পুনর্ভূরিতি ॥ ৮

যে রমণীর জন্মকালে বলবান্ লগ্ন বা রাশি শুক্রের ক্ষেত্র হইয়া বৃহস্পতির ত্রিংশাংশগত হইবে সেই নারী

ত্রিংশাংশ গত হইলে অতিদুষ্টা, বুধের
...লে নানাপ্রকার কলা বিদ্যায় নিপুণা,
...ত্রিংশাংশগত হইলে অতিচঞ্চলা, শনির ত্রিংশাংশগত হইলে পুনর্ভু হয় ॥ ৮

মন্দালয়ে থাম্নিলবে কুজস্থ দাসী চ সৌম্যস্থ খলাহিবালা।
বৃহস্পতিঃ স্যাৎ পতিদৈবতাসো বন্ধ্যাভৃগোর্নীচরতার্কশ্বনোঃ ॥৯

যে নারীর জন্মকালে বলবান্ রাশি বা লগ্ন শনির ক্ষেত্র হইয়া মঙ্গলের ত্রিংশাংশ গত হইবে সেই নারী দাসীবৃত্তি আশ্রয় করিবে। এবং বুধের ত্রিংশাংশ গত হইলে খলস্বভাবা, বৃহস্পতির ত্রিংশাংশ গত হইলে পতিপরায়ণা, শুক্রের ত্রিংশাংশ গত হইলে বন্ধ্যা, শনির ত্রিংশাংশ গত হইলে নীচরতা হয় ॥ ৯

লগ্নং বা বিধুরর্কমন্দিরগতো ভৌমস্থ থাগ্নাংশকে
ম্লেচ্ছা সঙ্গরণোদ্যতা শশিসুস্থাতীব দুষ্টাশয়া।
দেবাধীশ পুরোধসো নিগদিতা সা রাজপত্নী ভৃগোঃ
পৌংশ্চল্যাভিরতা শনেরতিতরাং পুম্বৎ প্রগল্‌ভাঙ্গনা ॥১০ ॥

যদি জন্মকালে বলবান্ লগ্ন বা রাশি রবির ক্ষেত্র হইয়া মঙ্গলের ত্রিংশাংশ গত হয় তবে সেই নারী ম্লেচ্ছ সহবাসে অভিলাষিণী হয়। এবং বুধের ত্রিংশাংশ গত হইলে দুষ্টাশয়া; বৃহস্পতির ত্রিংশাংশ গত হইলে রাজপত্নী, শুক্রের ত্রিংশাংশ গতহইলে বেশ্যা, শনির ত্রিংশাংশ গত হইলে পুরুষের ন্যায় প্রগল্‌ভা হয় ॥ ১০

চন্দ্রাগারে থাম্নিভাগে কুজস্য স্বেচ্ছাবৃত্তির্জ্ঞস্থ শিল্পে প্রবীণা
বাচাং পত্যুঃ সদ্‌গুণা ভার্গবস্থ সাধ্বী মন্দস্থ প্রিয়প্রাণহন্ত্রী ॥ ১১

যে নারীর জন্মকালে বলবান্ রাশি বা লগ্ন, চন্দ্রের ক্ষেত্র হইয়া মঙ্গলের ত্রিংশাংশ গত হইবে সেই নারী স্বেচ্ছাচারিণী হইবে। এবং ঐরূপ চন্দ্র ক্ষেত্রগত বলবান্ লগ্ন বা চন্দ্র, বুধের ত্রিংশাংশগত হইলে শিল্পবিদ্যায় নিপুণা, বৃহস্পতির ত্রিংশাংশগত হইলে সদ্‌গুণা, শুক্রের ত্রিংশাংশগত হইলে সাধ্বী, শনির ত্রিংশাংশগত হইলে প্রিয়ব্যক্তির প্রাণবিনাশিনী হয় ॥ ১১

অন্যোন্যভাগেক্ষণগৌসিতার্কী যদ্বা সিতর্ক্ষে তনুগে ঘটাংশে
কন্দর্পকাগ্নিং কুরুতে নিতান্তং নারী নরাচারপরাংকুতোভীঃ ॥১২

যদি শুক্র ও শনি পরস্পরের নবাংশে থাকিয়া উভয়ের প্রতি উভয় দৃষ্টি করে কিম্বা ঐ দুই গ্রহ শুক্রের গৃহে কুম্ভের নবাংশে অবস্থিতি করে এবং ঐ শুক্রেরগৃহ জন্ম লগ্ন হয় তাহা হইলে নারী অতিশয় রূপবতী, পুরুষ স্বভাবা ও ভয়শূন্যা হইবে। ১২

শূন্যেমন্মথ মন্দিরে শুভখগৈর্নালোকিতে নির্বলে
বালায়াঃ কিল নায়কো মুনিবরৈঃ কাপুরুষঃ কীর্ত্তিতঃ ॥ ১৩ ॥

যে নারীর জন্মকালে লগ্ন ও চন্দ্রহইতে সপ্তম স্থানে কোন গ্রহের অবস্থিতি বা কোন্ শুভগ্রহের দৃষ্টি না থাকে তাহা হইলে সেই নারীর পতি অতি কাপুরুষ হইবে। ১৩

যামিত্রং বুধমন্দয়োর্যদিগৃহং ষণ্ডো ভবেন্নিশ্চিতং।
রাশৌ তত্র চরে বিদেশনিরতো দ্ব্যঙ্কেষু মিশ্রস্থিতিঃ ॥ ১৪ ॥

যে নারীর জন্মকালে লগ্ন বা চন্দ্র হইতে সপ্তম স্থান বুধ বা শনির ক্ষেত্র হয়, তাহা হইলে সেই নারীর পতি ক্লীব হইবে। সেই সপ্তম গৃহ যদি চররাশি হয় তাহা হইলে স্বামী বিদেশস্থিত ও দ্ব্যাত্মক রাশি হইলে মিশ্র অর্থাৎ কতক দিবস স্বদেশে ও কতক দিবস বিদেশে অবস্থিতি করে। ২৪

সপ্তমে দিনপতৌ পতিমুক্তা ক্ষৌণিজে বিধবা খলুবালো।
পাপখেচর বিলোকনযুক্তে মন্দগে চ যুবতী জরতী স্যাৎ ॥ ১৫

যে নারীর জন্মকালে লগ্ন বা রাশি হইতে সপ্তম স্থানে রবি থাকে, সেই নারী পতিবিরহিতা হয় এবং ঐ সপ্তম স্থানে মঙ্গল থাকিলে বাল্যকালে বিধবা হয়। শনি সপ্তম স্থানে থাকিয়া পাপগ্রহের সহিত যুক্ত বা পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে নারী যৌবন সময়ে জরাগ্রস্তা হয় ॥ ১৫

খলৈঃ কলত্রে চ গতৈর্বিভর্ত্রী কান্তা বিমিশ্রৈশ্চ ভবেৎ পুনর্ভূঃ।
কলত্র সংস্থে বিবলে খলাখ্যে সৌম্যৈরদৃষ্টে বিগুণাপি যুক্তা ॥ ১৬॥

লগ্ন বা চন্দ্র হইতে সপ্তম স্থানে পাপগ্রহ থাকিলে নারী ভর্ত্তৃবিহীনা হয়। ঐ সপ্তম স্থানে যদি শুভাশুভ গ্রহের অবস্থিতি থাকে তাহা হইলে রমণী পুনর্ভু অর্থাৎ দ্বি বিবাহিতা হয়। দুর্ব্বল পাপগ্রহ শুভগ্রহের দৃষ্টি বিহীন হইয়া সপ্তম স্থানস্থিত হইলে নারী গুণহীনা হইবে। ১৬

অস্তোদয়াৎ শাবস্থিতৌ ভৌমশুক্রৌ
স্যাতাং কামাসংগতান্যোন নূনং।

চন্দ্রোপেতৌ শুক্রবক্রৌ স্মরস্থা
বাঞ্জেবস্যাৎ স্বামিনশ্চামনস্তি ॥ ১৭ ॥

মঙ্গল ও শুক্র পরস্পরের অংশে অর্থাৎ মঙ্গলের নবাংশে শুক্র ও শুক্রের নবাংশে মঙ্গল থাকিলে নারী পরপুরুষসঙ্গতা হয়। মঙ্গল ও শুক্র সপ্তম স্থানস্থিত হইয়া চন্দ্রের সহিত যুক্ত হইলে কামিনী স্বীয় পতির আজ্ঞাবর্ত্তিনী হয়। ১৭

লগ্নে সিতেন্দূ কুজমন্দভস্থৌ ক্রূরেক্ষিতৌ সান্যতরাঙ্গনস্যা।
স্মরে কুজাংশেঽর্কসুতেন দৃষ্টে বিনষ্টযোনিশ্চ শুভাশুভাংশে ॥১৮

লগ্নেস্থিত শুক্র ও চন্দ্র, শনি কিম্বা মঙ্গলের গৃহগত হইয়া পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে নারী কুলটা হয়। আর সপ্তম স্থানে মঙ্গলের নবাংশে শনির দৃষ্টি থাকিলে, নষ্ট-যোনি অর্থাৎ যোনিতে কোন প্রকার অনিষ্ট ঘটনা হয়। এইরূপ শুভগ্রহের নবাংশে শুভগ্রহের দৃষ্টি থাকিলে শুভফল ও পাপগ্রহের নবাংশে, পাপগ্রহের দৃষ্টিতে অশুভ ফল জানিবে। ১৮

ভানোর্ভং যদি বানবঃ স্মরগৃহে সম্ভোগমন্দঃ পতি
শ্চন্দ্রস্যাতিমদো মৃদুঃক্ষিতিসুতস্য স্ত্রীপ্রিয়ঃ ক্রোধযুক্।
বিদ্বান্ জ্ঞস্য গুরোর্বশী গুণযুতঃ শুক্রস্য ভাগ্যান্বিতো
মন্দস্য প্রিয়বস্তু মূঢ়মতি বিত্যুক্তং বুধৈ র্হোরকৈঃ ॥ ১৯ ॥

সপ্তমস্থান রবির ক্ষেত্র ও রবির নবাংশ হইলে নারীর পতি কার্য্যাক্ষম হইবে। এইরূপ চন্দ্রের ক্ষেত্র ও নবাংশ হইলে কামাতুর ও মৃদু, মঙ্গলের ক্ষেত্র ও নবাংশ হইলে স্ত্রীপ্রিয় ও ক্রোধী, বুধের ক্ষেত্র ও নবাংশ হইলে বিদ্বান্, বৃহস্পতির ক্ষেত্র ও নবাংশ হইলে জিতেন্দ্রিয় ও গুণবান্, শুক্রের ক্ষেত্র ও নবাংশ হইলে ভাগ্যবান্, শনির ক্ষেত্র ও নবাংশ হইলে মূর্খ হয় ॥ ২৯

শুক্রেন্দূ তনুগৌ প্রিযং প্রকুরুতঃ সের্ষ্যাং সুখেনান্বিতাং
সৌম্যেন্দূ কুশলাং কলাসু সুগুণাং শুক্রেন্দুপুত্রৌ রুচিং।
চঞ্চদ্ভাগ্য কলাযুতাভিরুচিরাং সৌম্যগ্রহেন্দ্রাস্তনৌ
নানাভূষণ সদ্গুণাম্বর সুখাং পাপগ্রহৈস্ত্বন্যথা ॥ ২০ ॥

যে নারীর জন্মলগ্নে শুক্র ও চন্দ্র অবস্থিতি করে সেই নারী রূপবতী, ঈর্ষ্যাশীলা ও সুখিনী হয়। এইরূপ বুধ ও চন্দ্র লগ্নগত হইলে কলাশাস্ত্রজ্ঞা ও গুণবতী, শুক্র বা বুধ লগ্নগত হইলে ভাগ্যবতী ও মনোহর
গত হইলে বিবিধ ভূষণ ও বস্ত্রাদিতে ভূ
হয়। পাপগ্রহ লগ্নগত হইলে বিপরীত অর্থাৎ অশুভ হইবে ॥ ২০

বৈধব্যং স্যাৎ পাপখেটেঽষ্টমস্থে
রন্ধ্রস্বামী সংস্থিতো যস্য চাংশে।
মৃত্যুঃ পাকে তস্য বাচ্যোঽঙ্গনায়াঃ
সৌম্যৈরর্থস্থানগৈঃ স্যাৎ স্বয়ং হি ॥ ২১

অষ্টম স্থানে পাপগ্রহ থাকিলে নারী বিধবা হয়। অষ্টম স্থানের অধিপতি, যে গ্রহের নবাংশে থাকিবে সেই গ্রহের দশা ভোগ কালে নারীর মৃত্যু হয়। কিন্তু ইহাতে দ্বিতীয় স্থানে শুভগ্রহ থাকিলে অবশ্য মরণ জানিবে ॥ ২১

নিশাকরঃ পাপ খগান্তরস্থঃ শস্ত্রাগ্নি মৃত্যুং কুজভেকরোতি
পাপেস্মরস্থেঽন্য খগস্য ধর্ম্মে কিলাঙ্গনা প্রব্রজিতত্বমেতি ॥ ২২

যদি চন্দ্র মঙ্গলের ক্ষেত্রস্থিত হইয়া দুইটী পাপগ্রহের মধ্যগত হয়, তাহা হইলে অগ্নি বা শস্ত্রাঘাতে নারীর মৃত্যু হয়। সপ্তম স্থানে পাপগ্রহ থাকিলে যদি নবম স্থানে অন্য কোন গ্রহের অবস্থিতি থাকে তাহা হইলে নারী গৃহ হইতে বহিষ্কৃতা হইয়া উদাসিনী হয় ॥ ২২

কন্যালিগো সিংহগতে শশাঙ্কে
স্বল্পাত্মজা কিলচাল্পপুত্রা
পুত্রালয়শ্চেৎ শুভখেচরৈস্ত্রৈ-
দৃষ্টং যুতং বা বহুতা চ তেষাম্ ॥ ২৩

কন্যা, বৃশ্চিক, বৃষ বা সিংহে চন্দ্র অবস্থিতি করিলে নারীর অল্প সন্তান হয়। পুত্রস্থানে শুভগ্রহের দৃষ্টি কিম্বা যোগ থাকিলে অনেক সন্তান হয় ॥ ২৩

শুক্রেন্দুসৌম্যা বিষমে চ লগ্নে
যোষাবিশেষাৎ পুরুষপ্রগল্ভা
সমে বিলগ্নে যদি সংস্থিতাঃ স্যু-
র্বলান্বিতাঃ শুক্র বুধেন্দু জীবাঃ ॥
স্যাৎ কামিনী ব্রহ্মবিচার চর্চ্চা
পরায়ণজ্ঞান বিরাজমানা ॥ ২৪

শুক্র, চন্দ্র ও বুধ ইহারা বলবান্ থাকিয়া সম রাশি-স্থিত হইলে নারী পুরুষের ন্যায় প্রগল্ভা ও বিষম রাশি-

গত হইলে ব্রহ্মবিচার চর্চ্চাতে তৎপর ও অন্যান্য শাস্ত্রে অনুরক্তা হয় ॥ ২৪

পূর্ব্বৈর্ম্মুনিভিঃ সবিস্তরতয়া স্ত্রী জাতকে কীর্ত্তিতম্
সমাধাপ্যশুভঞ্চ তন্মতিমতা বাচ্যং বিদিত্বা বলং।
যোগানাঞ্চ নিয়োজয়েৎ ফলমিদং পৃচ্ছাবিলগ্নে তথা
পাণিগ্রহণে তথা চ বরণে সম্ভূতি কালেঽপি চ ॥ ২৫ ॥

পূর্ব্বতন মুনিগণ স্ত্রীজাতক বিবেচনা বিষয়ে যে সকল যোগাদি নির্ণয় করিয়াছেন, সেই সকল যোগঘটক গ্রহগণের শুভাশুভত্ব ও বলাবল বিবেচনা করিয়া ফল নিরূপণ করিবে। প্রশ্ন কালে, বিবাহ সময়ে ও জন্মকালে জাতক বিবেচনা করা বিধেয় ॥ ২৫

নারীচক্রে মস্তকে ত্রীণি ভানি
বক্তে ভানাং সপ্তকং স্থাপনীয়ং
প্রত্যেকং স্তন্দ্বেদতারা উরোজে
তিস্রস্তারো হৃৎপ্রদেশে নিবেশ্যঃ ॥ ২৬ ॥
নাভৌ দেয়ং ভত্রয়ং ত্রীণি গুহ্যে
ভানোর্ধিষ্ণ্যাচ্চন্দ্র ধিষ্ণ্যা বধিস্থম্

একটী নারীর প্রতিমূর্ত্তি অঙ্কিত করিয়া রবিভোগ্য নক্ষত্র হইতে আরম্ভ করিয়া ঐ নারীচক্রে বিন্যাস করিবে যথা মস্তকে ৩ তিন নক্ষত্র, মুখে ৭সাত, প্রত্যেক স্তনে ৪।৪ চারি চারি ৮আট, বক্ষঃস্থলে ৩ তিন, নাভীতে ৩ তিন, গুহ্যদেশে ৩ তিন। এইরূপ নক্ষত্র বিন্যাস করিয়া চন্দ্র ভোগ্য নক্ষত্র দৃষ্টে শুভাশুভ ফল নিরূপণ করিবে ॥ ২৬

স্যাৎ সন্তাপঃ শীর্ষতো বক্তুসংস্থে
নিত্যং মিষ্টান্নাদি সৌখ্যোপলব্ধিঃ।
কান্তং স্বামি প্রেমবৃদ্ধিঃ স্তনস্থে
বক্ষো দেশাবস্থিতেঽত্যন্ত হর্ষঃ
পত্যুশ্চিন্তা নন্দবৃদ্ধিশ্চ নাভৌ
গুহ্যস্থেঽত্যাত্মমথাধিক্য মুচ্চৈঃ ॥ ২৭ ॥

যাহার চন্দ্রভোগ্য নক্ষত্র নারীচক্রের মস্তকে দৃষ্ট হইবে সেই নারী সন্তাপপ্রাপ্তা হয়। এইরূপ মুখে দৃষ্ট হইলে মিষ্টান্ন ভোজনাদি সুখলাভ, স্তনে দৃষ্ট হইলে স্বামীর প্রেমবৃদ্ধি, বক্ষঃস্থলে দৃষ্ট হইলে অত্যন্ত হর্ষ, না.. ত দৃষ্ট হইলে পতির আনন্দ বৃদ্ধি, গুহ্যদেশে দৃষ্ট হইলে কামবৃদ্ধি হইবে ॥ ২৭

বাচস্পতৌ নবম পঞ্চম কণ্টসংস্থে
জাতাঙ্গনা ভবতি পূর্ণবিভূতিযুক্তা।
সাধ্বী সুপুত্রজননী সুখিনী গুণাঢ্যা
সপ্তাষ্টকে যদি ভবেদশুভগ্রহোঽপি ॥ ২৮ ॥

যাহার জন্মকালে, লগ্নে, চতুর্থে, পঞ্চমে, সপ্তমে, নবমে কিম্বা দশমে বৃহস্পতি থাকেন তাহা হইলে সেই নারী পুত্রবতী, ঐশ্বর্য্যযুক্তা, সাধ্বী, সুখসম্পন্না ও গুণবতী হয়। এই যোগ থাকিলে সপ্তম কিম্বা অষ্টম স্থানস্থিত পাপগ্রহ, কোন অনিষ্ট করিতে পারে না ॥ ২৮

যুবতিরসুরপূজ্যে কেন্দ্রগে ধর্ম্মগে বা
সততমমলমূর্ত্তিঃ স্নিগ্ধদৃষ্ট্যাননাঢ্যা।
উভয়কুলবিভূত্যা লব্ধকীর্ত্তিশ্চ জাতা
সুখয়তি শুভশীলা স্বামিনং ভোগিনী সা ॥ ২৯ ॥

যাহার জন্মকালে লগ্নে, চতুর্থে, সপ্তমে, নবমে বা দশম স্থানে শুক্র অবস্থিতি করে সেই নারী নির্ম্মলমূর্ত্তি, স্নিগ্ধদৃষ্টি ও সুশীলা হয়। এবং পিতৃকুল ও স্বামীকুলের সম্পত্তি দ্বারা অতুল কীর্ত্তি লাভ করিয়া সতত স্বীয় স্বামীর সুখবর্দ্ধন করে ॥ ২৯

ইতি জাতকাভরণে স্ত্রীজাতকঃ।

---

## অথ বৃহজ্জাতক মতে স্ত্রী জাতকঃ।

যদ্যৎ ফলং নবভবে ক্ষমমঙ্গনানাং
তত্তদ্বদেৎ পতিষু বা সকলং বিধেয়ম্।
তাসান্তু ভর্তৃমরণং নিধনে বপুস্তু
লগ্নেন্দুগং শুভগতাস্তময়ে পতিশ্চ ॥ ১ ॥
যুগ্মেষু লগ্ন শশিনোঃ প্রকৃতিস্থিতা স্ত্রী
সচ্ছীল ভূষণযুতা শুভ দৃষ্টয়োশ্চ।
ওজস্বয়োশ্চ পুরুষা কৃতি শীলযুক্তা
পাপা চ পাপযুত বীক্ষিতয়োর্গুণোনা ॥ ২
কন্যৈব দুষ্টা ব্রজতীহ দাস্যং
সাধ্বীসমা যা কুচরিত্র যুক্তা।
ভূম্যাত্মজর্ক্ষে ক্রমশোংশ কেষু,
বক্রার্কি জীবেন্দুজ ভার্গবাণাম্ ॥ ৩ ॥

দুষ্টা পুনর্ভূঃ সগুণা কলাজ্ঞা
খ্যাতা গুণৈশ্চাসুর পূজিতর্ক্ষে।
স্যাৎ কাপটী ক্লীবসমা সতী চ
বৌধে গুণাঢ্যা প্রবিকীর্ণ কামা ॥ ৪ ॥

স্বচ্ছন্দা পতিঘাতিনী বহুগুণা শিল্পিন্য সাধ্বীন্দুভে
ন্নাচারা কুলটার্কভে নৃপবধূঃ পুং চেষ্টিতা গম্যগা।
জৈবে নৈক গুণাল্পরত্যতিগুণা বিজ্ঞানযুক্তা সতী
দাসী নীচরতার্কিভে পতিরতা দুষ্টা প্রজা থাংশকৈঃ ॥৫॥

শশি লগ্ন সমাযুক্তৈঃ ফলং ত্রিংশাংশকৈরিদম্।
বলাবল বিকল্পেনতয়ো রুক্তং বিচিন্তয়েৎ ॥ ৬ ॥

দৃক্ সংস্থা বসিত সিতৌ পরস্পরাংশে
শৌক্রে বা যদি ঘটরাশি সম্ভবোংঽশঃ।
স্ত্রীভিঃ স্ত্রী মদনবিষানল প্রদীপ্তা
সংশান্তিং নয়ন্তি নরাকৃতিস্থিতাভিঃ ॥ ৭ ॥

শূন্যে কাপুরুষো বলেঽস্ত ভবনে সৌম্যগ্রহা বীক্ষিতে
ক্লীবোঽস্তে বুধ মন্দয়োশ্চরগৃহে নিত্যং প্রবাসান্বিতঃ।
উৎসৃষ্টা রবিণা কুজেন বিধবা বাল্যেঽস্ত রাশিস্থিতে
কন্যে বা শুভ বীক্ষিতেঽর্কতনয়ে দ্যূনে জরাং গচ্ছতি ৮

আগ্নেয়ৈর্বিধবাস্ত রাশি সহিতৈর্মিশ্রৈঃ পুনর্ভূর্ভবেৎ
ক্রূরে হীন বলেঽস্তগে স্বপতিনা সৌম্যস্থিতা প্রোজ্‌ঝিতা।
অন্যোন্যাংশ গয়োঃ সিতাবনিজয়োরন্য প্রসক্তাঙ্গনা
দ্যূনে বা যদি শীতরশ্মি সহিতৌ ভর্ত্তুস্তদানুজ্ঞয়া ॥ ৯ ॥

সৌরারর্ক্ষে লগ্নগেসেন্দুশুক্রে
মাত্রা সার্দ্ধং বন্ধকো পাপদৃষ্টে।
কৌজেঽস্তাংশে সৌরিণা ব্যাধিযোনি-
শ্চারু শ্রোণীবল্লভাসদ্‌গ্রহাংশে ॥ ১০

বৃদ্ধোমূর্খঃ সূর্য্যজর্ক্ষেঽংশকে বা
স্ত্রীলোলঃ স্যাৎ ক্রোধনশ্চাবনেয়ে।
শৌক্রে কান্তোঽতীব সৌভাগ্যযুক্তো
বিদ্বান্ ভর্ত্তা নৈপুণজ্ঞশ্চ বৌধে ॥ ১১

মদন বশগতো মৃদুশ্চ চান্দ্রে
ত্রিদশগুরৌগুণবান্ জিতেন্দ্রিয়শ্চ।
অতি মৃদুরতিকর্ম্মকৃচ্চ সৌর্য্যে
ভবতি গৃহেঽস্তময়ে স্থিতেঽংশকে বা ॥ ১২

ঈর্ষান্বিতা সুখপরা শশি শুক্র লগ্নে
জ্ঞেন্দ্বোঃ কলাসু নিপুণা সুখিতা গুণাঢ্যা।
শুক্রজ্ঞয়োস্তু রুচিরা সুভগা কলাজ্ঞা
ত্রিষপ্যনেক বসু সৌখ্য গুণা শুভেষু ॥ ১৩

ক্রূরেঽষ্টমে বিধবতা নিধনেশ্বরোঽংশে
যস্যস্থিতো বয়সিতস্য সমে প্রদিষ্টা।
সৎস্বর্থগেষু মরণং স্বয়মেব তস্যাঃ
কন্যালিগোহরিষু চাল্প সুতত্বমিন্দৌ ॥ ১৪ ॥

সৌরে মধ্য বলে বলেন রহিতৈঃ শীতাংশু শুক্রেন্দুজৈঃ
শেষৈর্বীর্য্য সমন্বিতৈঃ পুরুষিণী যদোজরাশ্যুদ্‌গমঃ।
জীবারাস্ফুজিদৈন্দবেষু বলিষু পাগ্লগ্ন রাশৌসমে
বিখ্যাতা ভুবিনৈকশাস্ত্রনিপুণা স্ত্রী ব্রহ্মবাদিন্যপি ॥১৫॥

পাপেঽস্তে নবমগতগ্রহস্য তুল্যাং
প্রব্রজ্যাং যুবতিরুপেত্য সংশয়েন।
উদ্বাহে বরণ বিধৌ প্রদানকালে
চিন্তায়ামপি সকলং বিধেয়মেতৎ ॥ ১৬ ॥

ইতি বৃহজ্জাতক মতে স্ত্রীজাতক

---

## বিবিধ যোগ।

কামার্ত্তা বিধবা কুলক্ষয়করী পাপদ্বয়েচাস্তগে
বেশ্যা স্বামিবধং করোতি নিয়তং পাপত্রয়ে চাস্তগে।
এবং স্যাচ্চ বরাঙ্গনা শুভযুতে দ্যূনে গতে কন্যকা
জায়াস্থে চ শুভত্রয়ে প্রণয়িনী রাজ্ঞী ভবেত্তু পতেঃ ॥ ১ ॥

যে নারীর জন্ম লগ্নহইতে সপ্তম স্থানে দুইটী পাপ গ্রহ অবস্থিতি করে সেই নারী কামাতুরা, বিধবা, কুলনাশিনী হয়। এবং ঐ গৃহে তিনটী পাপ গ্রহ থাকিলে নারী বেশ্যা ও স্বামি ঘাতিনী হয়। সপ্তম স্থানে শুভ গ্রহ অবস্থিতি করিলে সেই নারী রমণীশ্রেষ্ঠা হয়। ঐ গৃহে তিনটী শুভ গ্রহ থাকিলে সেই নারী রাজ মহিষী হয় ॥ ১

কর্কটস্থো যদা ভানুর্ম্মকরে ভূমিনন্দনঃ।
শেফচ্ছেদকরস্তস্য যদিশক্র সমো ভবেৎ ॥ ২ ॥

যাহার জন্ম কালে কর্কট রাশিতে সূর্য্য এবং মকর রাশিতে মঙ্গল অবস্থিতি করে সেই ব্যক্তি ইন্দ্রতুল্য হইলেও তাহার লিঙ্গচ্ছেদ হয় ॥ ২

শক্রগেহী য । সৌম্যঃ শক্রযুক্তো নিরীক্ষিতঃ।
ষষ্ঠাষ্টমস্থিতশ্চন্দ্রো হন্যতে জলজন্তুভিঃ ॥ ৩ ॥

যাহার জন্ম কালে বুধ শত্রু গৃহে শত্রুর সহিত বাস

করে কিম্বা শুক্র যুক্ত হয় তাহাকে নিশ্চয় জলজন্তুগণ বিনাশ করে॥ ৩

তৃতীয়ৈকাদশে চৈব নবমে পঞ্চমে ভৃগৌ।
সমসপ্তগতে জীবে জীবেদব্দশতং নরঃ॥ ৪॥

যাহার জন্মকালে তৃতীয়, একাদশ, নবম, কিম্বা পঞ্চম স্থানে শুক্র অবস্থিতি করে এবং সপ্তম স্থানে বৃহস্পতি বাস করে সেই ব্যক্তি একশত বৎসর জীবিত থাকে॥ ৪॥

## জারজযোগঃ।

ন লগ্নমিন্দুঞ্চ গুরুর্নিরীক্ষতে নবা শশাঙ্কং রবিণা সমাগতং।
সপাপকোঽর্কেণ যুতোঽথবাশশীপরেণ জাতং প্রবদন্তি নিশ্চিতং॥১

যে বালকের জন্মকালে লগ্ন ও চন্দ্রের প্রতি বৃহস্পতির দৃষ্টি না থাকে, অথবা রবির সহিত চন্দ্রযুক্ত না হয়, এবং পাপযুক্ত চন্দ্রের সহিত রবিযুক্ত হয়, তাহা হইলে সেই বালক জারজ জানিবে।

দ্বাদশ্যান্তু দ্বিতীয়ায়াং সপ্তম্যাং ভগ্ন ঋক্ষকে।
রবি মন্দ কুজে বারে জাতো ভবতি জারজঃ॥ ২

দ্বাদশী, দ্বিতীয়া কিম্বা সপ্তমী তিথিতে, রবি, শনি বা মঙ্গল বারে ও ভগ্নপাদ অর্থাৎ কৃত্তিকা, মৃগশিরা, পুনর্ব্বসু উত্তরফল্গুণী, চিত্রা, বিশাখা, উত্তরাষাঢ়া, ধনিষ্ঠা ও পূর্ব্বভাদ্রপদ ইহাদের কোন এক নক্ষত্রে জন্ম হইলে জাতবালক নিশ্চয় জারজ হইবে, কিন্তু বার তিথি নক্ষত্র একদা মিলন হইলেই উক্ত যোগ হয়। ২

## ভঙ্গযোগঃ।

গুরুক্ষেত্র গতে চন্দ্রে তদ্যুক্তে বান্যবেশ্মনি।
তদ্দ্রেক্কাণে নবাংশে বা জায়তে ন পরেণ সঃ॥ ১

ধনু কিম্বা মীন রাশি হইলে যদি অন্য কোন গৃহে চন্দ্রের সহিত বৃহস্পতির যোগ থাকে এবং চন্দ্র বা বৃহস্পতির দ্রেক্কাণে ও নবাংশে জন্ম হয় তবে জাতবালকের জারজ যোগ থাকিলেও সে পরজাত নহে জানিবে। ১

## তীর্থমরণযোগঃ।

উচ্চগেহ গতে চন্দ্রে দশমে জীববীক্ষিতে।
দ্যূতৌ শুক্রে ধনে জীবে মৃত্যুস্তীর্থ জলাশ্রয়ে।

যদি চন্দ্র স্বীয় উচ্চস্থানে অবস্থিতি করেন এবং দশম স্থানে বৃহস্পতির দৃষ্টি থাকে কিম্বা অষ্টম স্থানে শুক্র, দ্বিতীয় স্থানে বৃহস্পতি থাকেন তবে জাতব্যক্তির তীর্থস্থানে মৃত্যু হয়। ১

বৃষে সূর্য্যে গুরৌ ধর্ম্মে লগ্নস্থে দৈত্যপুঙ্গবে।
মৃত্যৌ সৌম্যেক্ষিতেযুক্তে ম্রিয়তে জাহ্নবীজলে॥ ২

বৃষ রাশিতে রবি, নবম স্থানে বৃহস্পতি ও লগ্নে শুক্র অবস্থিতি করিলে যদি অষ্টম স্থানে বুধের দৃষ্টি থাকে তবে মনুষ্যের গঙ্গাজলে মৃত্যু হয়।

লগ্নে জীবে সশুক্রে চ মৃত্যৌযুক্তে নিশাকরে।
মৃতিং পশ্যতি লগ্নেশো ম্রিয়তে কাশীমণ্ডলে॥ ৩

লগ্নে শুক্র ও বৃহস্পতি অবস্থিতি করিলে যদি অষ্টম স্থানে চন্দ্র অবস্থিতি করেন এবং তাহার প্রতি লগ্নাধিপতির দৃষ্টি থাকে তবে জাতব্যক্তির কাশীতে মৃত্যু হইবে। ৩

লগ্নে সিংহে শনৌ ষষ্ঠে মিথুনে জীবসংযুতে।
মৃতিং পশ্যতি লগ্নেশো বারানস্যাং মৃতির্ভবেৎ॥ ৪

যাহার সিংহলগ্নে জন্ম, ষষ্ঠ স্থানে শনি, মিথুনে বৃহস্পতি থাকে এবং অষ্টম স্থানে লগ্নাধিপতির দৃষ্টি থাকে তাহা হইলে সেই ব্যক্তি কাশীতে মৃত্যুলাভ করে। ৪

ধর্ম্মাধিপঃ পশ্যতি ধর্ম্মভাবং লগ্নাধিপঃ পশ্যতি চেদ্বিলগ্নং।
মৃত্যুং যদা পশ্যতি মৃত্যুনাথস্তদা সুতীর্থে নিয়তং মৃতিঃ স্যাৎ॥৫

যদি ধর্ম্মস্থানে ধর্ম্মাধিপতির, লগ্নেতে লগ্নাধিপতির, মৃত্যুস্থানে মৃত্যুস্থানাধিপতির দৃষ্টি থাকে তবে মনুষ্য তীর্থ স্থানে মৃত্যুলাভ করে। ৫

ত্রয়োগ্রহা যদৈকস্থা রাশি লগ্ন বিবর্জ্জিতাঃ।
ভুক্ত্বা স বিবিধান্ ভোগান্ ম্রিয়তে জাহ্নবী জলে॥ ৬

যাহার জন্মকালে রাশি ও লগ্ন ভিন্ন কোন এক গৃহে তিন গ্রহ বাস করে সেই ব্যক্তি বিবিধভোগে কালযাপন করিয়া অন্তকালে জাহ্নবীজলে প্রাণ পরিত্যাগ করে। ৬

ষষ্ঠাষ্টম কণ্টকগোগুরুচ্চে মীন সংজ্ঞে বিলগ্নে বা।
শেষৈরবলৈর্জ্জন্মনি মরণে বা মোক্ষগতিং প্রাহুঃ॥ ৭

যদি লগ্নে, চতুর্থে, ষষ্ঠে, সপ্তমে, অষ্টমে কিম্বা দশম স্থানে বৃহস্পতি অবস্থিতি করেন এবং ঐ বৃহস্পতি উচ্চ স্থানগত হন ও মীন লগ্নে জন্ম হয় তবে মনুষ্য মুক্তিপদ লাভ করে। ৭

## বংশনাশযোগঃ।

রবিণা সহিতো মন্দো রাহুযুক্তো ভবেদ্যদি।
বংশনাশ করো যোগঃ কথিতো মুনি পুঙ্গবৈঃ ॥ ১

যদি জন্মকালে রবি, শনি ও রাহু এক গৃহে অবস্থিতি করে তবে মনুষ্যের বংশনাশ হয়।

---

## খনা।

লগনে রোহিত শশিসুতবায়, তার কায়া শৃগালে খায়। সাতে কুজা থাকে যবে, বাঁশের আগে শুখায় তবে। বাপে পুত্রে দেখে লগ্ন, তাহার কুঠি না কর ভগ্ন। যবে হয় তাহার দশা, তাহার জীবন নাকর আশা।

বাপে পুত্রে এক ঘরে থাকে, চোর হইয়া তায় সৌর না রাখে। সপ্তম কুজা থাকে যবে, ছবেশ কুজী হয় তবে। ভুঙ্গা ভুঙ্গী কি মোর কাজ, যুগা যুগি পড়ুক বাজ। চান্দ লগ্ন না দেখে শুভাশুভে, তাহার কুঠে পেলায় গৃহে। চান্দে গুরু দেখ এক সঙ্গ, কুজে জীয়া অতিবড় রঙ্গ। ইহা ছাড়ি সাতে পায়, সে নর গজকন্ধে যায়। দুই কুগা মাথন গা, তাহার কুঠি ছেদা যোগা। কাকে শৃগালে খায় তাকে, সাৎ ইন্দ্র না তায় রাখে। মকরে কুজা ধবল সঙ্গে, নিত্য ক্রীড়ায় যায় রঙ্গে। ইষ্ট কুটুম্বে করায় ভোগ, সোম কুঠি নৃপতি যোগ। সাতে শনি লগ্নে পাপ, পীড়ে জননী মরে বাপ। রাশি লগ্ন সাগরে বান্ধ, জলে বসিয়া পাতিল ফান্দা। লগ্নে থাকে আকা বাকা, অগ্নি জলে করিয়া শঙ্কা। যার মঙ্গল সাতে দেখে, মেঘের নাদে পাড়ে তাকে। যবে শুভে না দেখে সাতে, কি করিবে বাপে পুতে। লগ্নে কুজা লগ্নে শুজা, লগ্নে থাকে ভানু তনুজা।

রাকা দিঠে শুকা চায়, অষ্টদিনে যম ঘরে যায়। চাইর সাগরে রাহুর মেলা, তবে কুঠি নাকর হেলা, আছুক যোগে পায় সিদ্ধি, আপন কালে মিলায় নিধি। চাইর সাগর রাহুর মেলা, তবে কুঠী ছাদা হোলা। লগনে চান্দ সুর গুরু যুতা, অবশ্য হয় নৃপতি সমতা। কুজার ঘরে খোঁড়ার বাসা, গোত্র কুটুম্বের নাহিক আশা। কুজা খোঁড়া থাকে সঙ্গে, এক কাল নাজায় রঙ্গে। জীবা যবে নিজ ঘরে, রাজ পাসে অবশ্য বসে। রাজ ভোগে যায় কাল, ভাই কুটুম্বের অঙ্গে উজ্জ্বল। কোণে চান্দ লগনে সাগর, সকল রিষ্ট করে ভগন। জীয়া ভূয়া থাকে যবে, রাজা সম হয় তবে। জীয়া ভূয়া দেখে এক সঙ্গে, শেষে কুঠি করিব রঙ্গে। সঙ্গ

## দারিদ্র্যযোগঃ।

লগ্নস্থ দশমে শূন্যে রবেরেকাদশে তথা।
চন্দ্রস্থ চাষ্টমে শূন্যে ত্রিশূন্যে চ দরিদ্রতা ॥ ১

লগ্ন হইতে দশম স্থানে, রবি হইতে একাদশ স্থানে, চন্দ্র হইতে অষ্টম স্থানে কোন গ্রহের অবস্থিতি না থাকিলে জাতব্যক্তি দরিদ্র হয়। ১

---

পরিহরি থাকে সাতে, সকল কাল যায় ভাতে পুতে। এক পাপে অপরে পায়, পাপগ্রহ যবে চান্দে পায়। চান্দের সাতে থাকে পাপ, পীড়ে জননী মরে বাপ। চাইর সাগরে লগন চান্দ, সাগরে তার পাতিল ফান্দ।

শুভে না দেখে লগন সাতে, অবশ্য মরে জলা ঘাতে। লগন সঙ্গে থাকে সৌরি, দুই পত্নী উমা গৌরী। এক পত্নিনী মরে যবে তিন পত্নিনী হইবে তবে। মেষে কর্কটে থাকে জীয়া, ঘরে থাকে লক্ষ্মী বসিয়া। গঙ্গাসাগর পুচ্ছে বাত, অবশ্য দেখে জগন্নাথ। বিস্তর গ্রহ দেখে মেলা, তার কুঠি না করি হেলা। ধন ভাত তাহা হইতে সিদ্ধি, অবশ্য কালে মিলায় নিধি। সমে যদি খোঁড়া চায়, শত কুলে রাজ পায়। খোঁড়া যদি দেখে সাতে, রাজ দুর্ল্লভ হয় তাতে। তিন পাপ থাকে এক ঠাই, কর্ম্ম ঘরে যবে মঙ্গল পাই। শুভ গ্রহে দেখে পাপ, তারে না দেখে তাহার বাপ। খোঁড়ার কাছে ঘোড়ার বাসা, ধন পুত্র ভাতে করিব আশা। শুকা থাকে ধন বিনাশ, রাহু থাকে বৈরিনাশ। খোঁড়ার ঘরে ঘোড়ার মিলন, গলায় দড়ি অবশ্য মরণ।

অর্থাৎ

জন্মকালে শনি কেতু একত্র ঘটনে, কিন্তু যদি থাকে তারা আপন ভবনে। গলে দড়ি মরিবেক জ্যোতিষেতে কয়, উদ্বন্ধন যোগ এই জানিবে নিশ্চয়।

চারি সাগরে লগ্ন চান্দ, পাণির ভিতরে পাতিল ফান্দ, কুজা খোঁড়া না দেখে যবে, পাণির ভিতর ডুবায় তবে।

অর্থাৎ।

মেষ কর্কি তুলা মকরে শশধর, হইলে সর্ব্বদা থেলে জলের উপর। শনি কুজা উভয়েতে দেখিবে যখন, জলের ভিতরে তারে ডুবায় তখন। রবি সহিত শনি যদি রাহুযুক্ত রয়, বংশনাশ যোগ তবে ঋষিগণে কয়।

---

## অথ দীপিকোক্ত বিবিধযোগঃ।

লগ্নেশঃ পূর্ণদৃষ্ট্যা তু মৃত্যু ভাবং প্রপশ্যতি।
লগ্নং বা রাত্রিপোমৃত্যো কাশ্যাং মৃত্যুং সমাদিশেৎ ॥ ১
দশমে জীবশুক্রৌ তু মৃতিং পশ্যতি মৃত্যুপঃ।
লগ্নে বা লগ্নপো ভৌমঃ কাশ্যাং মৃত্যুং সমাদিশেৎ ॥ ২
সপ্তমস্থে জীবশুক্রে দশমে রজনী করে।
মৃতিং পশ্যতি লগ্নেশো বারাণস্যাং মৃতির্ভবেৎ ॥ ৩
দশমে রবিণা সৌম্যে দ্বিতীয়ে জীব সংযুতে।
মৃত্যুপো লগ্নপো লগ্নে মৃতিস্তীর্থে নিরাময়ে ॥ ৪
গুরুণা সহিতে চন্দ্রে মৃত্যৌ দৃষ্টে শুভগ্রহে।
লগ্নপোমৃত্যুপোধর্ম্মে ম্রিয়তে জাহ্নবী জলে ॥ ৫
কেন্দ্রগৌ গুরুশুক্রৌ তু মৃত্যৌ দৃষ্টে শুভগ্রহে।
চন্দ্রেঽষ্টমে গুরৌ যুক্তে ম্রিয়তে জাহ্নবী জলে ॥ ৬
দ্বাবিংশতিঃ শুভক্ষেত্রে চন্দ্রভৌম গুরৌ যুতে।
নেক্ষতে মৃত্যুপং রাহুর্মৃত্যুঃ স্যাজ্জাহ্নবী জলে ॥ ৭
দ্বাবিংশতৌ শুভ ক্ষেত্রে দ্রেক্কাণেশেক্ষিতে যদি।
সুরারির্নেক্ষতে লগ্নং মৃত্যুঃ স্যাজ্জাহ্নবীজলে ॥ ৮
স্বচ্ছ সংস্থে গুরৌ চন্দ্রে ভার্গবে বা শুভেক্ষিতে।
দ্বাবিংশতৌ শুভক্ষেত্রে ম্রিয়তে জাহ্নবীজলে ॥ ৯
গুরুণা সহিতশ্চন্দ্রো লগ্নপো যদি পুণ্যগঃ।
স্মরপো ব্যয়পো লাভে মৃত্যুঃ স্যাজ্জাহ্নবীজলে ॥ ১০
লগ্নপঃ পুণ্যপশ্চাপি মৃত্যৌস্যাতামুভৌ যদি।
স্থিতৌ দ্রেক্কাণ একস্মিন্ ম্রিয়তে জাহ্নবী জলে ॥ ১১
স্বোচ্চস্থে শুক্র জীবে তু দ্বাদশে ভূমিজে গুরৌ।
লগ্নে বা শুক্র জীবে তু ম্রিয়তে জাহ্নবীজলে ॥ ১২
চন্দ্রে কুম্ভে হরৌ লগ্নে ভৌমক্ষেত্রে বৃহস্পতৌ।
মৃত্যুপো বীক্ষতে ধর্ম্মং ম্রিয়তে জাহ্নবীজলে ॥ ১৩
লগ্নে শুক্রে স্মরে জীবে ধর্ম্মস্থে রজনী করে।
মৃত্যুং পশ্যতি লগ্নেশো ম্রিয়তে জাহ্নবীজলে ॥ ১৪ ॥
ধর্ম্মে গুরৌ সচন্দ্রে চ মৃত্যুপো বীক্ষতে মৃতিম্।
দশমে জীব শুক্রে তু ম্রিয়তে সাগরেজলে ॥ ১৫ ॥
জীবক্ষেত্র গতে লগ্নে মৃত্যু সংস্থে শুভগ্রহে।
মৃত্যুপোবীক্ষতে মৃত্যুং মথুরায়াং মৃতির্ভবেৎ ॥ ১৬ ॥
চতুর্থে জীবশুক্রৌ তু পঞ্চমে চন্দ্রভাস্করে।
মৃত্যুপো বীক্ষতে মৃত্যুং মৃত্যুঃ স্যান্মৃত্যু দৈবতে ॥ ১৭ ॥
পূর্ণয়া বীক্ষতে চন্দ্রো লগ্নং ষষ্ঠং তথা মৃতিম্।
পঞ্চমে চ গুরৌ ভৌমে মৃত্যুঃস্যাদ্বিষ্ণুদৈবতে ॥ ১৮ ॥
মৃত্যুপোবীক্ষতে ধর্ম্মং ধর্ম্মপোবীক্ষতে মৃতিম্।
ধর্ম্মসংস্থে নিশানাথে মৃত্যুঃ স্যাদ্বিষ্ণু দৈবতে ॥ ১৯ ॥
কর্ম্মেশো বীক্ষতে কর্ম্ম ধর্ম্মেশো মৃতিমীক্ষতে।
দ্বাদশৈকাদশেচন্দ্রে প্রয়াগে মরণং ভবেৎ ॥ ২০ ॥
লগ্নেশ গ্রহসংযুক্তে মৃত্যুস্থে রজনী করে।
জীবক্ষেত্র গতে মৃত্যৌ মৃত্যুঃ পুষ্কর সংজ্ঞিতে ॥ ২১ ॥
পঞ্চগ্রহযুতে লগ্নে মৃত্যৌ দৃষ্টে শুভগ্রহে।
সুরারির্নেক্ষতে মৃত্যুং দ্বারাবত্যাং মৃতির্ভবেৎ ॥ ২২ ॥
পঞ্চগ্রহযুতে মৃত্যৌ লগ্নস্থে চ বৃহস্পতৌ।
সৌম্যক্ষেত্র গতে লগ্নে কুরুক্ষেত্রে মৃতির্ভবেৎ ॥ ২৩ ॥
চতুর্গ্রহ গতে লগ্নে মৃত্যু সংস্থে বৃহস্পতৌ।
সুরারির্নেক্ষতে মৃত্যুমিন্দ্রপুরে মৃতির্ভবেৎ ॥ ২৪ ॥
চতুগ্রহ যুতে মৃত্যৌ লগ্ন সংস্থে বৃহস্পতৌ।
পঞ্চমে বা নিশানাথে মৃত্যুঃ স্যাদ্গৌরী দৈবতে ॥ ২৫ ॥
গ্রহত্রয়যুতে লগ্নে মৃত্যৌ সভার্গবে গুরৌ।
সুরারির্নেক্ষতে লগ্নং ম্রিয়তে পুণ্য ভূমিষু ॥ ২৬
গ্রহত্রয় যুতে মৃত্যৌ লগ্নে সভার্গবে গুরৌ।
সুরারির্নেক্ষতে মৃত্যুং মৃত্যুঃ স্যাৎ পুণ্য ভূমিষু ॥ ২৭
গ্রহদ্বয়যুতে লগ্নে মৃত্যৌ দৃষ্টে শুভগ্রহে।
সুরারির্নেক্ষতে মৃত্যুং মৃত্যুঃ স্যাচ্ছিব দৈবতে ॥ ২৮ ॥
মৃত্যৌ গ্রহদ্বয়ে যুক্তে লগ্ন বিজ্ঞার্গ বীক্ষিতে।
সুরারির্নেক্ষতে লগ্নং মৃত্যুঃ স্যাৎ পুণ্যভূমিষু ॥ ২৯
লগ্নেশোবীক্ষতে লগ্নং স্মরগো বা বিলগ্নপঃ।
পুণ্যে পুণ্যগ্রহৈর্দৃষ্টে মৃত্যুঃ স্যাদ্বিষ্ণুদৈবতে ॥ ৩০
শালগ্রামাশ্রয়ে মৃত্যুঃ শুভদৃষ্টে বৃহস্পতৌ।
দ্বাবিংশত্যো শুভক্ষেত্রে ম্রিয়তে তুলসী তলে ॥ ৩১
মৃত্যৌ দৃষ্টে জীব শুক্রে লগ্নে চ সূর্য্য নন্দনে।
ধর্ম্মেশো বীক্ষতে লগ্নং ব্রহ্মপুত্রে মৃতির্ভবেৎ ॥ ৩২
জীবশুক্রেক্ষিতে লগ্নে বীক্ষতে মৃত্যুপো মৃতিং।
দ্বাবিংশতৌ শুভক্ষেত্রে ব্রহ্মপুত্রে মৃতির্ভবেৎ ॥ ৩৩
মৃত্যৌযুক্তে বুধে জীবে লগ্নে বা ভার্গবে গুরৌ।
পুণ্যসংস্থে নিশানাথে মৃত্যুঃস্যাৎ পুণ্যকাননে ॥ ৩৪ ॥
পাপগ্রহে মৃত্যুসংস্থে লগ্নস্থে সূর্য্যনন্দনে।
সুরারির্নেক্ষতে মৃত্যুং বিন্ধ্যমধ্যে মরণং ভবেৎ ॥ ৩৫ ॥

পাপগ্রহে মৃত্যুযুতে লগ্নেশো যদি নীচগঃ।
জায়েশো মৃত্যুগো বাপি মৃত্যুঃ পাপালয়ে সদা ॥ ৩৬ ॥
লগ্নপো মৃত্যুপো দ্বৌ তু নীচস্থৌ রাহুবীক্ষিতৌ।
রাহু মন্দযুতে মৃত্যৌ মৃত্যুঃস্যাদপি মৃত্যুতঃ ॥ ৩৭ ॥
লগ্নপো ধর্ম্মপো দ্বৌ তু নীচস্থৌ রাহু বীক্ষিতৌ।
রাহু সূর্য্যযুতে মৃত্যৌ ম্লোচ্ছিষ্টে মরণং ভবেৎ ॥ ৩৮ ॥
লগ্নপঃ কর্ম্মগো নীচে রাহুভৌমযুতো দিবা।
পাপগ্রহেক্ষিতে মৃত্যৌ মৃত্যুঃ পাপালয়ে সদা ॥ ৩৯ ॥
লগ্নপো ধর্ম্মপো নীচে দৃশ্যতে চ সুরারিণা।
নেক্ষতে লগ্নপো ধর্ম্মমাকাশে মরণং ভবেৎ ॥ ৪০ ॥
লগ্নপো ব্যয়পো নীচে নীচস্থ গ্রহবীক্ষিতে।
নেক্ষতে লগ্নপো লগ্নং মৃত্যুঃ স্যাৎ পথি বন্ধনে ॥ ৪১ ॥
লগ্নপোধর্ম্মগোদ্বৌতু ভবেতাং পাপসংযুতৌ।
নেক্ষতে মৃত্যুপোমৃত্যুং নৌ মধ্যে মরণং ভবেৎ ॥ ৪২ ॥
লগ্নপো ধর্ম্মপো নীচে রিপুযুক্তো ভবেদ্যদি।
নেক্ষতে মৃত্যুপো মৃত্যুং কারাগারে মৃতির্ভবেৎ ॥৪৩॥
লগ্নপো বন্ধুপো বাপি যুতো দৃষ্টোঽরি খেচরৈঃ।
নেক্ষতে মৃত্যুপো মৃত্যুং গৃহমধ্যে মৃতির্ভবেৎ ॥ ৪৪ ॥
লগ্নপঃ স্মরপশ্চাপি মৃত্যৌ স্যাতামুভৌ যদি।
স্থিতৌ দ্রেক্কাণ একস্মিন্ ম্রিয়তেভার্য্যয়া সহ ॥ ৪৫ ॥
মৃত্যুপো লগ্নপশ্চাপি লগ্নে স্যাতামুভৌ যদি।
স্থিতৌ দ্রেক্কাণ একস্মিন্ ম্রিয়তে ভার্য্যয়াসহ ॥ ৪৬
জায়েশো মৃত্যুপো দ্বৌতু রাশাবেকত্র সংস্থিতে।
মৃত্যুপো বীক্ষতে লগ্নং ম্রিয়তে ভার্য্যয়া সহ ॥ ৪৭
কর্কটে জীবশুক্রৌ চ ধর্ম্মর্ক্ষে চন্দ্রমা যদি।
তস্য বাদ্যং বিজানীয়াৎ গঙ্গায়াং মরণং ভবেৎ ॥ ৪৮
বুধাদিত্য সমোযোগো ন ভূতো ন ভবিষ্যতি।
চিরকালং সুখং ভুক্ত্বা ম্রিয়তে জাহ্নবী জলে ॥ ৪৯

বিনাশ রাশৌ যদি পুণ্য গেহে
নিজাধিপেনৈব বিলোকিতঃ স্যাৎ।
মৃত্যৌ ভবেৎ সৌখ্যযুতোপি নূনং
প্রাণাংস্ত্যজেজ্জহ্নুসুতা সুনীরে ॥ ৫০

নিধনে চ স্থিতে ভৌমে বুধক্ষেত্রে ভবেদ্ যদি।
কাশী বাসো ভবেত্তস্য শশী কেন্দ্রে বিশেষতঃ ॥ ৫১
জীবেন দৃশ্যতে চন্দ্র শ্চন্দ্রেণ দৃশ্যতে গুরুঃ।
তদামৃত্যুং ব্রজেদেব কাশী ক্ষেত্রে ন সংশয়ঃ ॥ ৫২

চরস্থং নিধনং তীর্থে যদি পশ্যতি চন্দ্রমাঃ।
মথুরায়াং ভবেন্মৃত্যুঃ কাশ্যাং বা প্যথবা পুনঃ ॥ ৫৩ ॥
লগ্নস্য দক্ষিণে চন্দ্রে বামে চৈব দিবাকরঃ।
কৃত্বা পুণ্যসহস্রাণি ম্রিয়তে জাহ্নবী জলে ॥ ৫৪ ॥
চরে যদি স্যান্নিধনাধিনাথ স্তস্যাধিপঃ পশ্যতি চেদ্বিলগ্নম্।
তদা সুতীর্থে নিয়তঞ্চ মৃত্যুর্ধর্ম্মাধিপঃ পশ্যতি ধর্ম্মভাবম্ ॥ ৫৫
বিধুর্ব্বা সাগরে যস্য কুজে বা যস্য যুগ্মকে।
নিধনং পুণ্যতীর্থেষু নিধনেশো ভবেদ্ যদি ॥ ৫৬ ॥
পুণ্যরাশিগতঃ সূর্য্যো নিধনে চন্দ্রমা যদি।
কৃত্বা পুণ্য সহস্রাণি ম্রিয়তে জাহ্নবী জলে ॥ ৫৭ ॥
পুণ্যরাশি গতে সৌম্যে নিধনে চন্দ্রমা যদি।
ভুক্ত্বা চ সকলান ভোগান্ ম্রিয়তে জাহ্নবী জলে ॥ ৫৮
নিধনেশো যদা যুগ্মে গুরুস্তেনযুতো যদি।
ভুক্ত্বা চ বিবিধান ভোগান্ ম্রিয়তে জাহ্নবী জলে ॥ ৫৯
নিধনং শুভদক্ষেত্রং তেনৈব যদি দৃশ্যতে।
পার্শ্বদ্বয়ে শুভাবিষ্টে তীর্থ রাজে মৃতির্ভবেৎ ॥ ৬০॥
লগ্নাদধমগঃ সৌরিঃ সৌম্যমধ্যমগাষ্টমঃ।
মরণং তীর্থগর্ত্তেষু মহাপাপযুতস্থ চ ॥ ৬১ ॥
নিধনেশো যদা যুগ্মে গুরু শুক্রাবলোকিতঃ।
কৃত্বা পুণ্যসহস্রাণি ম্রিয়তে জাহ্নবী জলে ॥ ৬২ ॥
মীনে কুম্ভে মৃগেচৈব কুলীরে চ বিশেষতঃ।
জীবযুক্তেঽথবা দৃষ্টে হরিপাদোদকে ব্যসুঃ ॥ ৬৩
ধর্ম্মগেহে যদা চন্দ্রো বুধ শুক্রাবলোকিতঃ।
তে ধর্ম্মচারিণো ভূত্বা মজ্জন্তি সুরদীর্ঘিকাং ॥ ৬৪

পুণ্যাধিপঃ পুণ্য গৃহে চ কেন্দ্রে
কেন্দ্রাধিপৈর্যোগ ইহৈব নীতঃ।
রাজাধিরাজো গুণিনাং বরেণ্যো
গঙ্গাজলে মুঞ্চতি জীবিতং সঃ ॥ ৬৫
যেষাং গুরুর্ভৃগুসুতঃ শশিজঃক্ষপেশো
হৃশ্চিক্য ধর্ম্ম নিধনাধিপতিং প্রপশ্যেৎ।
তেষামনন্ত ধনধর্ম্ম সুখানি নিত্যং
দীর্ঘায়ু রন্তসময়ে খলুতীর্থ লাভঃ ॥ ৬৬

চরেচ নিধনে তীর্থে স্থিরে চ ভৃগু মণ্ডলে।
দ্ব্যাত্মকে লগ্ন সংযোগে ম্রিয়তে হট্ট বর্ত্মনি ॥ ৬৭
দ্ব্যাত্মকং নিধনং যস্য যুগ্মকে নিধনেশ্বরঃ।
সহ মৃত্যুং ব্রজেদেব নারী চে দ্ব্যভিচারিণী ॥ ৬৮

চন্দ্রাৎ সপ্তমগঃ পাপো যস্যাঃ শুভযুতো ভবেৎ।
স তু নীচ গৃহস্থস্য ম্রিয়তে পতিনা সহ ॥ ৬৯
স্ত্রীলগ্নং নিধনং যস্য বুধ চন্দ্র যুতং ভবেৎ।
দৃষ্টং বা গুরুশুক্রাভ্যাং মরণং তীর্থ যুগ্মকে। ৭০
নিধনাধিপতিঃ স্বোচ্চে স্থিরাধিপস্তথাষ্টমঃ।
গুরু শুক্রযুতশ্চাপি মুক্তিদং নিধনং ভবেৎ ॥ ৭১
পুণ্যরাশি গতশ্চন্দ্রঃ পুষ্করে চ দিবাকরঃ।
কৃত্বা পুণ্য সহস্রাণি ম্রিয়তে জাহ্নবী জলে ॥ ৭২

নিধন নিধন নাথঃ সদ্‌গৃহস্থশ্চরস্থো
যদি ভবতি সুতীর্থে মানবানাং সুমৃত্যুঃ।
স যদি রিপুগৃহে স্বাদ্ব্যাত্মকে চৈব নীচে
পথি নিজভবনেবা প্রাচ্যদেশেঽপমৃত্যুঃ ॥ ৭৪
নিধন নিধননাথং ধর্ম্মপো মৃত্যুপো বা
শুভখগভবনস্থো যস্ত বাপি প্রপশ্যেৎ।
নিবসতি বহুকালং মানযুক্তঃ সুতীর্থে
বিসৃজতি নিজদেহং রাম নাম প্রজল্পন্ ॥ ৭৫

জ্ঞানেন তীর্থরাজে চ মৃত্যো মৃত্যুপ্রদো গুরুঃ পুংসাং।
নীত্বা সুরপতিভবনং দত্বাফলং মোক্ষদং পশ্চাৎ ॥ ৭৬
জ্ঞানেন তীর্থ রাজেষু মৃত্যো মৃত্যু প্রদো গুরুঃ।
শুক্রস্য ভবনং নীত্বা পশ্চান্মোক্ষ প্রদোভবেৎ ॥ ৭৭ ॥
আনৃণ্যং পিত্তরাদস্তে তীর্থে মরণমেবচ।
নরেৎ পিতৃকুলং পুণ্যং বন্ধুগে ভৃগুনন্দনে ॥ ৭৮

অসুর গুরুর্নিধনস্থ স্তীর্থে মরণং সুখেন বিদধাতি।
নয়তি চ পিতৃকুলমতুলং কুরুতেঽমৃতমীশ্বরং পিতৃষু ৭৯

নিধনং গুরুণা যুক্তং গুরুণা দৃশ্যতেঽথবা।
এবং ভৃগু সুতেনাপি তীর্থে চ মরণং ভবেৎ ॥ ৮০
চতুর্ভিঃ সপ্তভির্ব্বাপি নিধনং যদি দৃশ্যতে।
ভুক্ত্বা ভোগান্ ভূতিযুতানন্তে চ জাহ্নবীং লভেৎ ॥ ৮১
বুধে লগ্ন গতেচৈব দশমে রোহিনী পতৌ।
জাহ্নব্যাং হি তদা মৃত্যুর্নাত্র কার্য্যা বিচারণা ॥ ৮২ ॥

নিধন নিধন নাথো ধর্ম্মনাথং প্রপশ্যেৎ।
যদি শুভভবনস্থশ্চন্দ্রমৃত্যুপ্রদঃ স্যাৎ।
অশুভ ভবনসংস্থো ধর্ম্মপে দৃষ্টি হীনে
নৃপনিজভবনে বা প্রাচ্য দেশে চ মৃত্যুঃ ॥ ৮৩ ॥

চররাশৌ স্থিরে সূর্য্যো লগ্নস্থশ্চন্দ্রমা যদি।
বশিষ্ঠাদি মুনের্ব্বাক্যং গঙ্গায়াং মরণং ভবেৎ ॥ ৮৪

করোতি তুঙ্গ নিধন স্থিতো বুধঃ
সুখেন সত্তীর্থ বরে বিনাশং।
শূলাদি জাতোদর পীতয়ানো
পাপো নরে কুণ্ড ধরস্য মন্দিরম্ ॥ ৮৫
চন্দ্রঃ খস্থঃ সৈংহিকেয়োপি খস্থঃ
সৌরিঃ খস্থো যস্য তস্যৈব ভাব্যম্।
ভুক্ত্বা রাজ্ঞীঃ সর্ব্ব সৌখ্যং পৃথিব্যাং
কাশ্যাং দেহং সংত্যজে দন্তকালে ॥ ৮৬ ॥

সূর্য্যঃ স্বগৃহগতঃ শুভ নিধনং নিধনসংস্থঃ কুরুতে।
অন্য গৃহে বহুদুঃখং দত্বা প্রাণানপহন্তি ॥ ৮৭ ॥

চন্দ্রোঽষ্টমগো মৃত্যুকরো নরাণাং পূর্ণো জলে যচ্ছতি সর্ব্বথৈব।
কাস ত্রিদোষ জ্বরশোথ বাতাদ্দদাত্যধঃ ক্ষীণতনুঃ সুধাংশুঃ ॥ ৮৮ ॥
মৃত্যুস্থিতো মৃত্যুকরো মহীজো বহ্ন্যাগ্নি ভূপাদ্বিষতস্তথা চ।
কুষ্ঠ ব্রণার্শো গ্রহনিগ্রপীড়িতং পাপালয়ে কুণ্ডধরস্য মন্দিরং ॥ ৮৯ ॥

বজ্রপাতেন সর্পেণ মৃত্যুস্থেঽর্কে জ্বরেণ বা।
যমেন নর আক্রান্তস্তোয়ে ভূমৌ বিনশ্যতি ॥ ৯০ ॥
সিতাসিত গৃহে ভানুর্যদা মদন মৃত্যুগঃ।
সিতভৌমার্কিভির্দৃষ্টো বৃক্ষান্মরণমাদিশেৎ ॥ ৯১ ॥
পাপযুক্তো ভৃগুসুতো রিপুস্থান গতো যদি।
জীবোভৌমেন সংদৃষ্টঃ কর্ণচ্ছেদী ভবেন্নরঃ ॥ ৯২ ॥
পাপত্রয় যুতঃ সোমঃ শত্রুগেহে ব্যবস্থিতঃ।
শুভগ্রহা ন পশ্যন্তি চক্ষুর্নাশো ভবেদ্ধ্রুবং ॥ ৯৩ ॥
মদনস্থো যদা ভানুঃ শনি ভৌমাবলোকিতঃ।
রিপুগেহী বিশেষেণ কাসরোগী নচান্যথা ॥ ৯৪ ॥
তনুস্থানস্থিতো ভৌমঃ শনি রাহু রবির্যুতঃ।
নাসাচ্ছেদকরো যোগো মুনিভিঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৯৫ ॥
কণ্টকস্থো যদা শৌরিঃ শশিযুক্তো ভবেদ্‌যদি।
শুভগ্রহা ন পশ্যন্তি খঞ্জো ভবতি নান্যথা ॥ ৯৬ ॥
শশিনা সহিতো মন্দঃ শুক্র ভৌম যুতো ভবেৎ।
তেন দারিদ্র্য যোগেন সমুদ্রমপি শোষয়েৎ ॥ ৯৭ ॥
ভৌমক্ষেত্র গতেলগ্নে রবিস্তত্র শনৈশ্চরঃ।
পাপেন সংযুতো বাপি কর্ণচ্ছেদী ভবেন্নরঃ ॥ ৯৮ ॥
ভৌমঃ পশ্যতি যল্লগ্নং লগ্নং পশ্যতি ভাস্করঃ।
পাতকী স বিজানীয়াৎ শুদ্ধ বংশো ভবেদ্‌যদি ॥ ৯৯ ॥

---

## হ্রদাদি অষ্টযোগঃ।

হ্রদঃ ফণীমুখঃ কাকো ব্যাঘ্রতুণ্ডো হুতাশনঃ।
কেমদ্রুমো ললাটী চ যোগাশ্চৈবাধমা মতাঃ ॥ ১ ॥
কীটে কুজে ধটে সূর্য্যে শনৌমেষে মৃগে গুরৌ।
হ্রদনাম ভবেদ্যোগো নরাণাং বহুদুঃখভাক্ ॥ ২ ॥
গদদ্রুমধ্য নিবিষ্টো ভ্রমতি সবৈ দুঃখিতোঽতি বিকলঃ।
মজ্জতি সরিতি কালযোগে পাপ উৎসেধ জাতঃ ॥ ৩ ॥
স্ত্রিয়াং ভৃগৌ ধটে সূর্য্যে মন্দে মেষে বিষাবলৌ।
ফণীমুখো ভবেদ্যোগঃ সর্ব্বযোগ নিসূদনঃ ॥ ৪ ॥
বরং কৃপণোঽশ্রাব্য বচনঃ পরহিংসকঃ সততং।
পরগৃহ নিবাসসক্তঃ পাপরতঃ ফণীমুখে জাতঃ ॥ ৫ ॥
কুজে কর্কিণি লগ্নে চ মেষে সূর্য্য যুতে ভৃগৌ।
ঝষেবিধৌ বুধে সূর্য্যে কাকযোগোঽভিধীয়তে ॥ ৬ ॥

দেশান্তরে ভ্রমতি ভিক্ষুকবেশধারী,
পুত্রকলত্র বিহীনো বহুদুঃখ তপ্তঃ।
জাতি প্রমোদ জননো মুখরশ্চ মূর্খঃ
কাকে নরো ভবতি ভীতিযুতশ্চিরায়ুঃ ॥৭

স্ত্রিয়াং ভৃগৌ মৃগে জীবে সোম সূর্য্যৌ তুলা ধরে।
কুজাজে মেষগে মন্দে ব্যাঘ্রতুণ্ডঃ প্রকীর্ত্তিতঃ ॥ ৮ ॥
ব্যাঘ্রতুণ্ডে নরো জাতো মাংসাশী নির্ভয়োঽধনঃ।
ক্রোধনো মারণোৎসাহী পাপাত্মা পূতিমিষ্টভুক্ ॥৯
মৃগে জীবার্ক শুক্রজ্ঞে মন্দে মেষে চ লগ্নগে।
কীটে বিধৌ কুজে চান্দ্রে যোগখ্যাতো হুতাশনঃ ॥ ১০
দারিদ্র দুঃখানলদেহতপ্তশ্চিরপ্রবাসী ফলমূল ভোক্তা।
নরঃ পয়োধেরপি শোষকঃ স্যাদ্ হুতাশনে যো মনুজশ্চ জাতঃ ॥১১
যত্র তত্র স্থিতশ্চন্দ্রঃ খাস্তাগেহ বিবর্জ্জিতঃ।
কেমদ্রুমো ভবেদ্যোগো গৃহহীনে বিধা বপি ॥ ১২
ভবতি নরো দীনো নীচরতঃ কুলপাংশুলশ্চ।
রমতে গুরুজন নারীং যোগে কেমদ্রুমে জাতঃ ॥ ১৩
চন্দ্রাষ্টমগতে ক্রূরে জ্ঞার্কা বপি গৃহে বিধোঃ।
কেমদ্রুমে চ সংপূর্ণে যোগো লালাটিকঃ স্মৃতঃ ॥ ১৪

আজন্মনো ভবতি কারগৃহে নিবাসঃ
শিল্পাদি কর্ম্ম কুশলো মুখলাকৃতিশ্চ।
ভূপাল পূজ্যো লভতে বিবিধাং সলক্ষ্মীং
জন্মান্তরেঽপি ন জহাতি নরো হি রোগম্ ॥ ১৫

রবৌ বা সহ চন্দ্রো বা যদ্যেকত্র চতুর্গ্রহী।
দোল যোগোঽয়মৃষিভির্জাতস্য পরিকীর্ত্তিতঃ ॥ ১৬
গুরুর্ব্বা যদি শুক্রঃ পুষ্করে নিধনেঽপিবা।
হেমচ্ছত্রপ্রদো যোগঃ স্ববাহু বীর্য্যদো ভবেৎ ॥ ১৭
পুণ্যাধিপঃ পুণ্যনিধান সংস্থো রত্নাঞ্জলিঃ স্যাৎ প্রযোগ এবং।
অত্র প্রসূতো বহু ভোগভোগী শাস্তো ভবেদ্ভূমি ধনৈর্য্যুতৈশ্চ ১৮

ইতি দীপিকোক্ত বিবিধ যোগঃ।

---

### খনা।

তুঙ্গী তুঙ্গী কিসের কাজ, যোগাযোগ চাইতে সাজ। শুভে না দেখে লগ্নে চান্দ, পুত নিয়া বসিয়া কান্দ ॥ ১ পথে হাটে খোঁড়া কুজা, লগ্ন চাহে যদি গুজা। চৌট কুজা পাঁচ স্থানে, তাহার কুঠি যায় ভাষানে ॥ ২ দুই দিগে পাপ মাঝে লগ্ন, তাহার কুঠি হয় ভগ্ন। ত্রিভুবনে না যায় রাখে, কাকে শৃগালে খায় তাকে ॥ ৩ অর্ক শনি লগ্নে দেখে, দশন ঘাতে মরণ লেখে, যদি মঙ্গল সাত ঘরে, অবশ্য তারে মারে পরে ॥ ৪ লগ্ন সহিতে থাকে অঙ্গার, অগ্নি তারে করে সংহার। যদি মঙ্গল সাত ঘরে, মেঘের নাদ মাথায় পড়ে ॥ ৫ কুজার ঘরে গুজার বাস, উপজিয়া ধন করে নাশ। যদি শুভে না দেখে সাতে, কিনা কাজ সেনা পুতে। ৬ কোণে চান্দ সাগরে লগ্ন, সকল দোষ হয় ভগ্ন। জীবা শুকা দেখে যবে, নৃপতি তুল্য হয় তবে ॥ ৭ সাগরে লগ্ন সাগরে চান্দ, জলে তাহার পাতিছে ফান্দ। জীবা শুকা না দেখে যবে, জলে পড়িয়া মরে তবে। ৮

লগ্নে কুজা লগ্নে স্বুজা, লগ্নে থাকে ভানু তনুজা। রাঙ্গা আখি ডাগর মুখ, কাকে শৃগালে খায় বুক। ৯ তিন সাগরে আর জীবা তাহার কুঠি নীচে থুইবা। তাই শুভ লগ্ন স্থির, হরিণের ঘরে সিংহের বউটা। ১১ ভাঙ্গা পদ্ম যে নক্ষত্রা, দ্বি দ্বাদশে রবি যুতা। রবি শনি মঙ্গল বারে, উপজিল পরে তারে। ১২ লগ্নে জীবা বেদ বাখানে, না পড়িয়া সকল জানে। নহে রাজা হয় সিদ্ধি, আপন ঘরে পায় নিধি।১৩ মকরে কুজা দেখে সঙ্গ, বন্ধু বান্ধব করে রঙ্গ। সকল কুটুম্ব করে আশ, পঞ্চপতি ঘরে বাস। ১৪ দুই দিকে শুক্র গুরু, বিস্তর ধন হয় তরু। যদি অভাগ্যে নহে রাজা, তথাচ পায় লোকের পূজা। ১৫ শনি মঙ্গল কোণে কোণে, বুধ শুক্র চর লগনে। ব্রাহ্মণ সনে রাহু যুতা, ব্রহ্ম চণ্ডাল হয় পুতা। ১৬

# বৃহজ্জাতকোক্ত

## মিশ্রাধ্যায়ঃ।

অথ বক্ষ্যে ফলং মিশ্রং জাতকোক্তং যতো নৃণাং।
অভ্যাসাদুপদেশেন কৃতী জ্যোতিষি জায়তে॥ ১

অনন্তর জ্যোতিঃশাস্ত্রোক্ত মিশ্র অর্থাৎ স্ত্রী পুরুষের যোগ ফল বর্ণিত হইতেছে, যাহা অভ্যাস করিয়া উপদেশ প্রদান করত পণ্ডিতগণ জ্যোতিঃশাস্ত্রে কৃতিত্ব লাভ করিতে পারিবেন॥ ১॥

যঃ প্রোক্তো রাজযোগোঽত্র যোগোঽপত্য করশ্চ যঃ।
তয়োর্যত্র বিশেষেণ সভায়াং জ্ঞানবান্ বদেৎ॥ ২

রাজ যোগ ও অপত্যযোগ প্রভৃতি যাহা বর্ণিত হইয়াছে, যে ব্যক্তি ঐ সকল যোগের বিষয় বিশেষ রূপে অবগত হইবেন সেই ব্যক্তি সভাতে জ্ঞানবান্ বলিয়া কীর্ত্তিত হইবেন॥ ২॥

শুভাশুভ ফলং সর্ব্বং যো ন জানাতি নিশ্চিতং।
বৃথৈব জীবনং তস্য বদন্তি কালবাদিনঃ॥ ৩

যে ব্যক্তি জ্যোতিঃশাস্ত্রোক্ত যোগ ও শুভাশুভ ফল নাজানে তাহার জীবন বৃথা॥ ৩॥

অপত্যযোগো গদিতো ময়া যঃ স ক্লীব পুংসাং ন ফলপ্রবাদী।
জ্যোৎস্না যথান্ধস্য বৃথা নরস্য দীপাদিকং সূর্য্য মরীচয়ঃ স্যুঃ॥ ৪

যেমন অন্ধ মনুষ্যের পক্ষে জ্যোৎস্না এবং সূর্য্য রশ্মির নিকটে প্রদীপ বিফল, তেমন পূর্ব্বোক্ত অপত্য যোগ নপুংসকের পক্ষে কোন ফল প্রদান করে না॥ ৪

চেদ্রাজযোগে সতি ভঙ্গযোগস্তদানৃণাং ক্বাপি ন রাজ্যলাভঃ।
কিন্তু প্রধস্তে কুলবর্য্যতাং সঃ প্রমোদ সৌভাগ্যপদং স্বপাকে ৫॥

যদি কোন ব্যক্তির রাজ যোগ থাকিয়া তাহার ভঙ্গ যোগ থাকে, তবে সেই ব্যক্তি রাজত্ব পদ পায় না কিন্তু কুলশ্রেষ্ঠ হইয়া রাজ যোগ ঘটকগ্রহ গণের দশাকালে নানাবিধ সুখ সম্ভোগ করে ও সৌভাগ্য শালী হয়॥ ৫॥

স্বামী যদাস্যাদিহরাজযোগভাক্
পত্ন্যাঃ স যোগো নহি চেৎ কদাপি বা।
তথাপি পত্ন্যুঃ শুভযোগ যোগতঃ
ক্ষৌণীপতে রাজ্যপদং ভুনক্তি সা॥ ৬

যদি স্ত্রী ও পুরুষ উভয়ের মধ্যে কেবল পুরুষের রাজ যোগ থাকে, স্ত্রীর উক্ত যোগ না হয় তথাপি পতির রাজযোগ হেতু স্ত্রী ও রাজ্য ভোগ করে॥ ৬॥

এবং পুমান্ ক্বাপি ন রাজ্য যোগবান্
পত্ন্যাস্ত রাজ্যাপ্তি করং পদং পরং।
তত্রাপি পত্নী শুভযোগ যোগতঃ
স্বামীহ রাজ্যং লভতে ধ্রুবং তথা॥ ৭

পুরুষের রাজযোগ না হইয়া যদি স্ত্রীর রাজ যোগ থাকে তথাপি পত্নীর রাজযোগ যোগ ফলে স্বামী রাজ্য ভোগ করে॥ ৭॥

পত্যুর্যদাপত্য করোঽস্তি যোগঃ
পত্ন্যাঃ সযোগো ন হি চেত্তথাপি।
পত্যুঃ শুভাৎ সাপি ভবেদপত্যা
যুক্তা ন বন্ধ্যা যদি সা কদাপি॥ ৮

যদি পুরুষের অপত্য যোগ থাকিয়া স্ত্রীর ঐ যোগ না হয় তথাপি স্ত্রী অপত্য লাভ করে কিন্তু যদি ঐ স্ত্রী বন্ধ্যা না হয়॥ ৮

পত্ন্যাঃ সযোগো ন চ পত্যুরেব
তথাপি পত্ন্যাঃ শুভযোগ হেতোঃ।
পুমানপত্যং লভতে নিতান্তং
বন্ধ্যা ন চেৎ সোপি পুমান্ কদাচিৎ॥ ৯

এইরূপ যদি স্বামীর অপত্য যোগ না থাকিয়া স্ত্রীর সন্তান যোগ থাকে তথাপি পত্নীর অপত্য যোগের ফলে স্বামী সন্তান লাভ করে॥ ৯॥

উভয়োর্যদি যোগোঽয়মপত্য জনকো ভবেৎ।
তদাপত্যং পরং শ্রেষ্ঠং ধার্ম্মিকং স্যান্মহাযশাঃ॥ ১০

যদি পতি ও পত্নীর উভয়ের অপত্য যোগ থাকে তবে ধার্ম্মিক, কুলশ্রেষ্ঠ ও যশস্বী পুত্র লাভ করে॥ ১০॥

এবং স্যাদুভয়োরাজযোগে সতি তদা মহান্।
রাজারাজ্ঞী চ পরমা শুভসৌভাগ্যশালিনী॥ ১১

পতি ও পত্নী উভয়ের রাজ যোগ থাকিলে পতি রাজা পত্নী ভাগ্য শীলা রাজ্ঞী হয়॥ ১১॥

ইতি মিশ্রাধ্যায়ঃ।

# অথ ভৃগুসংহিতোক্ত যোগঃ।

যোগৈঃ কৈবল্য মাপ্নোতি যোগেন ত্রিদিবালয়ং। যাগ যোগ বিহীনানাং নরাণাং বহুদুঃখদং॥ ১ যস্য চৈবোদয়ে জীবো রবো কর্ম্মণি লাভগঃ। কুমুদ বান্ধবো বক্রো যদি পাপে রিপৌ বুধে। তদা শ্রীযোগজো জন্তুর্ভবিতা নাত্র সংশয়ঃ। বিদ্যাবুদ্ধি যুতো নিত্যং নরাণামধিপো ভবেৎ। স ধনী ধর্ম্মশীলশ্চ ভবা কর্ম্মণি তৎপরঃ॥১॥ গুরৌ তীর্থে রবৌ রুদ্রে যদি চন্দ্রে তনৌ শুভে। বুধে বা ভার্গবে ধর্ম্মে মহারাজং বিদুস্তদা। নানারত্নান্বিতশ্চৈব শ্রুতাৎ শ্রেষ্ঠোত্তমো হি সঃ। অষ্টাদশে গতে বর্ষে নানারত্নৈশ্চ শোভিতঃ। দ্বিপঞ্চাশদ্গতে বর্ষে নানা পুণ্য প্রসাদকঃ। তস্য মৃত্যুর্ভবত্যেব সুস্থানে জাহ্নবীজলে॥২॥ সর্ব্বপ্রাণিষু তুল্যঞ্চ মন্যতে যো দয়ান্বিতঃ। মহারাজো ভবেদ্যস্তু ভবিতৈব গণাগ্রণীঃ। লগ্নে শুক্রঃ শশীমানে বক্রো জীবো ভবেৎ শনিঃ। তৃতীয়ে দিননাথশ্চ তুঙ্গে বা স্বনবাংশকে। স বন্ধুযোগো বিজ্ঞেয়ো নরোপি নরদুর্লভঃ। নানাপ্রকারমৈশ্বর্য্য জ্ঞানঞ্চ লভতে পুমান্॥৩॥

লগ্নে চন্দ্রঃ স্বরারিশ্চ মৃগো বা পূর্ণমণ্ডলঃ। সুতে শুক্রো ধনে জীবঃ পাপেঽরৌ সহজেঽপি চ। তদা সুপদ্ম যোগোঽয়ং পুরা শক্রঃ সুরার্চ্চিতঃ। স্বল্পকালে সর্ব্ব সৌখ্যং জায়তে চ মহীতলে। ইষ্টকাদি ময়ং বেশ্ম দোলায়াং গমনং সদা॥৪॥ তনৌ কেন্দ্রে গ্রহে চন্দ্রে তৃতীয়ে বুধ সংযুতঃ। দশমে দেবপূজ্যশ্চ তদা যোগঃ সুসাধকঃ। ঐশ্বর্য্যমতুলং তস্য নানা পুণ্যচয়ং সুখং। সর্ব্বতো জ্ঞান সম্মানে সর্ব্বত্র বিজয়ী নরঃ॥৫॥ রবীন্দু জীবচন্দ্রশ্চ লগ্নে বা কর্ম্মণি স্থিতঃ। তুঙ্গে বর্গোত্তমে পাপে তদা সাগর যোগজঃ। স্থানে সৌখ্যং মহন্নিত্যং বাগ্মী চ নরপূজিতঃ॥৬॥

তনৌ খেটত্রয়ং কামে শুভাখ্যে নবমে গুরুঃ। লাভে বা ত্রিতয়ে পাপো জ্ঞেয়ঃ সৌভাগ্য যোগজঃ॥৭॥ লগ্নে রসাতলেদ্যূনে যদা শুভশুভাঃ স্থিতাঃ। পাপেক্ষিত কুতে রুদ্রে যোগশ্চায়ং ত্রিসাগরঃ। তত্র জাতো সদা সৌখ্যং বিদেশে গমনে সতি॥৮॥ লগ্নেজীবঃ সুখে চন্দ্রো জায়ায়াং দানবার্চ্চিতঃ। গৌণচক্রেশ্বরো মানে বুধে চ তৃতীয়ে শনিঃ চতুঃসাগর যোগোঽয়ং সর্ব্বসিদ্ধি প্রসাধকঃ। তত্র জাতো মহাজ্ঞানী ধনী ধন্যো মহীতলে। নানা রত্নেশ্বরো রাজা গজাশ্ব বাহনান্বিতঃ। নরাণামধিপো জাতো বিপুল্যো রিপুনাশকঃ॥৯॥

চরে বা সাগরাদৌ চ স্থিতে খেটে শুভে তদা। চতুঃসাগর যোগোঽয়ং সর্ব্বত্র কুশলং ক্রিয়ং॥১০॥ কেন্দ্রে শুভে ত্রিকোণে বা যদি পাপো রিপৌ ভবেৎ॥ সদা চ জয়যোগোঽয়ং সর্ব্বত্র সুখভোগদঃ॥১১॥ বর্গোত্তমেঽথবা তুঙ্গে যদি জীবেক্ষিতঃ শনিঃ। কুজো বা ভৃগুজস্তুঙ্গে তদা যোগো নরেন্দ্রকঃ। দীর্ঘজীবী সুবক্তা চ সুভক্ষভক্ষকো ধনী॥১২॥ তুঙ্গে বার্থস্থিতে চৈব ষষ্ঠে বা খেটকেশ্বরঃ। পুত্রোচ্চ সংস্থিতে ভদ্রে বক্রেবা স্ব গৃহে- ঽথবা। তদা সুরেন্দ্র যোগশ্চ সর্ব্বত্র সুখভোগদঃ॥১৩॥ মৃগে ভৌমে বৃশ্চিকে বা ষষ্ঠে চৈব রসাতলে। কর্ম্মস্থো দেবপূজ্যশ্চ তদা যোগো মহেন্দ্রকঃ। সর্ব্বত্র বিজয়ী চৈব নানাভোগ সমন্বিতঃ॥১৪॥ গুরৌ তুঙ্গে ধনেজ্যে চ প্রাপ্তৌ তূর্য্যো সিতে নভে। তদাপ্তৌ যো গজেন্দ্রশ্চ সর্ব্বত্র স যশোঽন্বিতঃ॥১৫ নিধনে দানবাচার্য্যস্তুঙ্গে চন্দ্রো গুরুর্গুরৌ। শনিঃ গর্ভেঽথবা শূন্যে যোগোঽয়ং কনকোদ্ভবঃ। তত্র জাতে সদা সৌখ্যং সর্ব্বত্র লভতে নরঃ। গঙ্গায়াং মরণং সত্যং সুতে নারায়ণে শুভে॥১৬॥ ত্রিকোণে কণ্টকে পাপো ব্যয়রিপুষ্টমে শুভাঃ। বুধশ্চ সপ্তমে জ্ঞেয়ো মহাচণ্ডো দুরাসদঃ। বালকস্য মহাচণ্ডে ত্বরিতং নিধনং কিল॥১৭॥ তনৌজীবঃ সুখে শুক্রে পঞ্চমে চ বিধুন্তুদঃ। সহজে চাষ্টমে পাপো বুধচন্দ্রৌ দ্বিতীয় গৌ। জীবো নীচেঽরিগেহে বা মহাপৈশাচিকস্তদা। তত্র জাতো ধনী মানী সর্ব্বত্র রাজবল্লভঃ। ভ্রাতুর্ধনেন ধনবান্ তথা চাত্মজনস্য চ। ব্যয়ে কাতরতা তস্য তথা পরিমিতব্যয়ী। শিষ্টবাক্ সত্যবাদী চ দেব ব্রাহ্মণ পূজকঃ। সন্ততি র্ন চ জায়েত জাতো বা ন চ তিষ্ঠতি। দ্বাত্রিংশদব্দতঃ পশ্চাৎ ভ্রাতৃপুত্রেণ পুত্রভাক্। চত্বারিংশদ্গতে বর্ষে পুনর্ভার্য্যা সুখংলভেৎ। তীর্থক্ষেত্রে ভবেন্মৃত্যুর্বর্ষে ষট্ষষ্টি সম্ভবে॥১৮॥ রিপৌ ছিদ্রে গতে চন্দ্রে ক্রূরে দৃষ্টে প্রচণ্ডকঃ। আতরং রক্ষণাৎ সত্যং এষ রোগ সমুদ্ভবঃ॥১৯॥ ব্যয়ে ষষ্ঠাষ্টমে কেন্দ্রে চন্দ্রশ্চাপি তদ্বৎ গতে। পঞ্চতে কর্কযোগোঽয়ং বেদাব্দে মরণপ্রদঃ॥২০॥ নিধনস্থো যদা জীবো ভৌমীয় ভবনে শুভে। মন্দেন্দু রবিচন্দ্রৈশ্চ দৃষ্টো লগ্নশ্চশূলকঃ। মরণঞ্চ ত্রিভির্বর্ষৈরপরাহ্নে গুরোর্দ্দিনে॥২১॥ কর্কে সিংহেঽথবা বক্রো দৃষ্টঃ পাপৈর্নলঃখলৈঃ। লগ্নে যাতে ষড় ভিরব্দৈঃ শিশোশ্চৈব বিনাশনং॥২২॥ মন্দো লগ্নেঽথদৃষ্টশ্চ শুক্রো বা লোকপূজিতে। নৃপৈর্ব্বাল বিনাশশ্চ যোগশ্চাদ্ভুত এবসঃ॥২৩॥ রাহু রসাতলে দৃষ্টঃ পাপৈর্জ্ঞেয়ো দুরন্তকঃ। নিধনো দশবর্ষে চ জাতোঽস্মিন্নাত্র সংশয়ঃ॥২৪॥ অষ্টমস্থো যদা পাপো দৃষ্টো দৈন্যঃসাত্রবে গৃহে। ক্ষয়যোগস্তদা জ্ঞেয়ো বালানাং প্রাণনাশকঃ॥২৫॥ কেন্দ্রত্রিকোণ গঃ পাপো যদি কাব্যো বলা-

স্থিতঃ। ঊর্দ্ধযোগস্তদা জ্ঞেয়ঃ সপ্তাহে মাতৃনাশকঃ ॥ ২৬॥ শুভে কেন্দ্রে ত্রিকোণে বা বলযুক্তে সুতান্বিতে। লগ্নং ন পশ্যতি শুক্রযদি চন্দ্রমসোপমং। রবিণা জারজো জ্ঞেয়ো যত্নতোপি সুখপ্রদঃ ॥২৭॥ সপ্তমাধিপতিঃ ষষ্ঠে পাপযুক্তে রসাতলে। ছিদ্রে পাপে ধনে জ্ঞেয়ো রত্নহারোহি সম্ভবঃ। অস্মিন্ যোগে নরে জাতে জায়ানাশঃ পুনঃ পুনঃ। মরণং তীর্থহীনে চ পুরা দারা বিপালনাৎ ॥২৮॥ কামেশঃ পাপসংযুক্তো যদি নীচালয়েঽথবা। তদা বিগত যোগোঽয়ং কামিনী প্রাণনাশকঃ। পরদার রতত্বং স্যাৎ প্রলাপত্বং বিশেষতঃ ॥২৯॥ যস্য কামে ধনে ভৌমঃ শনিনা বীক্ষিতো যুতঃ। বিদার যোগজো জ্ঞেয়ো বিবাহে কামিনী গতা ॥৩০॥ শনিযুক্তো যদা ভৌম স্ত্রিত্রিকোণস্থঃ প্রপশ্যতি। নিদাঘে কামিনী নাশো যোগাবর্ত্তঃ শুভস্য চ ॥৩১॥ সুনীচে সপ্তমে সূর্য্যস্তৎপতিঃ পাপসংযুতঃ। পাপো নিরীক্ষিতো বাপি বিকলো রমণী হতা ॥৩২॥ শনৌ কামেঽথবা ক্রূরে যদি রিপ্ফে শুভগ্রহঃ। সুখে পাপে তদা জ্ঞেয়ো নিমূহযোগজো নরঃ। নিমূহে কলহো নিত্যং ভার্য্যাপুত্র বিনাশনং ॥৩৩॥ লগ্নে ধনে পঞ্চমে চ পঙ্কূঃ পাপগৃহে যদি। কেন্দ্রে পাপোঽপি বিজ্ঞেয়ো দুর্ব্বৃত্তো জায়তে নরঃ ॥ ৩৪॥ নৃযুগ্মে পাপযুগ্মঞ্চ বৃষে সূর্য্যগ্রহস্তথা। কন্যায়াং তৌলিগে পাপে শুভঃ শুক্র গৃহে তদা। এবং বিকল যোগোঽয়ং স চ শূলার্দ্দিতঃ সদা ॥৩৫॥ লগ্নাত্তৃতীয়গো রাহুশ্চাষ্টমে ধরণীসুতঃ। রবিণা রবিজঃ সৌম্যঃ সপ্তমে ধন গো গুরুঃ। রিপৌভৃগুস্তথা চন্দ্রো নবমে পূর্ণসংস্থিতে। তদা বিকল যোগোঽয়মত্র জাতো মহাসুখী ॥৩৬॥

স্বর্ভানু সহিতো মন্দঃ কর্কটে বান্ধবে পিবা। তনৌ দশমকে পাপঃ ষষ্ঠে রিপ্ফে যদা তদা। ভবেৎ কুদার যোগোঽয়ম্ শালগ্রাম শিলাহ্নতাৎ। কুদারে পুত্রহীনঃ স্যাৎ শূল রোগ প্রপীড়িতঃ। সর্ব্বস্বংযাতি চৌর্যেণে নরেন্দ্রেণ প্রপীড়িতঃ ॥ ৩৭॥ স্বর্ভানু ভানুজৌ যুগ্মে রবিঃ সন্তানগো বলী শশীচাত্রগতঃ পাপৈঃ পাপত্তেন বিলোকিতঃ। চন্দ্রো নবম গঃ পাপস্তদাজ্ঞেয়ো বিশূলকঃ ॥৩৮॥ উদয়াম্বান্ধবে হংসঃ পাপেন সহিতো যদি। পাপর্ক্ষে বা যুতে পাপে কুবন্ধুর্যোগ উচ্যতে ॥৩৯॥ স্বর্ক্ষে ধর্ম্মে স্থিতে রাহুর্ভানুনা সহিতো যদি। মহাপাতক যোগোঽয়ং শূলং বা কুষ্ঠসম্ভবঃ ॥৪০॥ ধনে শুক্রঃ সুতে পাপো যদি লগ্নে বিধুন্তুদঃ। তদাতীপতকো যোগো কুষ্ঠরোগী ন সংশয়ঃ ॥৪১॥ লগ্নে পাপগ্রহে কামে ক্রূরে যুগ্মে শুভালয়ে। তদা বৈরাট যোগোঽয়ং সভার্য্যো রোগ পীড়িতঃ ॥৪২॥ সুখে শিখিযুতঃ সৌম্যিঃ পঞ্চমে রবি ভূমিজৌ। বিধুর্ব্বিধুন্তুদো মানে তদাজ্ঞেয়ো বিসারদঃ। বিসারদে সদা চিন্তা সন্তান সুখয়ো রপি ॥৪৩॥ সুতভে চ শুভক্ষেত্রে দৃষ্টে ক্রূরেঽথবাপি চ। শক্রক্ষেত্রেঽথবা চন্দ্রঃ শক্রণাপি সমীক্ষিতঃ। তদা বিকল যোগোঽয়ং সন্ততিস্ত্রি গতে তদা ॥ ৪৪ ॥ লগ্নেশো রিপুসংযুক্তঃ স্বগৃহস্থস্তদা সমঃ। আদি মধ্যাবসানে তু সুখং দুঃখঞ্চ সম্পদঃ ॥৪৫ মৃত্যৌ সিতো নীচধনেঽর্কজীবৌ সৌম্যস্ত শূন্যো ব্যয়গাশ্চ পাপাঃ। সৌম্যত্রিকোণে যদি জন্ম কালে মহোদধিশ্চক্রধরো নৃপঃ স্যাৎ ॥৪৬॥ রবি ক্ষেত্রে গতে জীবে জীবক্ষেত্রে রবির্বুধঃ। পঞ্চমে রাহু চন্দ্রোবাপ্যদৃষ্টৌ গুরুণা যদি। তদা পৈশাচিকো যোগো ভবিতা নাত্র সংশয়ঃ। তেন যোগ প্রভাবেণ সন্তানো নৈব জায়তে ॥৪৭॥ পঞ্চমে যস্য সূর্য্যোঽপি চতুর্থে পাপসংযুতিঃ। তদা বৈকল যোগঃ স্যাৎ সন্ততের্নাশকঃ সদা ॥৪৮॥ সুখেশ্বরো রিপুক্ষেত্রে ব্যয়েতূর্য্যে ষড়ষ্টকে। সুখেশঃ ক্রূরসংযুক্তঃ সৌম্যাঃ কেন্দ্র ত্রিকোণগাঃ। অস্মিন্ গ্রহানুমানেন দামিনী যোগ সম্ভবঃ। ধনহীনোঽথবা রোগী সুখমধ্যে উবাসসঃ ॥৪৯॥ ভৃগুঃ স্বক্ষেত্রে মীনে চ শনি যুক্তে ভৃগূদয়ে। কর্কটে ভানু জীবজ্ঞাঃ শুক্রো বা উদয়ে ভবেৎ। কেন্দ্রত্রিকোণগাঃ সৌম্যাঃ স্যাদৈশ্চ যৌবনে সুখী। গজাশ্বধনসংযুক্তো মহাযোগো ভৃগূদিতঃ ॥৫০॥ তূর্য্যে বা পঞ্চমে রাহৌ সুতেশঃ ক্রূর সংযুতঃ। ক্রূরক্ষেত্রে ত্রিকোণে চ ক্রূরযোগঃ স উচ্যতে। ক্রোধী জ্ঞানী মহামানী সদ্বক্তা ধনবাংস্তথা। সদা তীর্থাভিলাষী চ জটিলো জায়তে নরঃ ॥৫১॥ ধনে রাহুঃ সুতে ভৌমশ্চিত্রে চ পাপগে রবিঃ। তদা ব্যঞ্জক যোগোঽয়ং পুত্রাদি নাশকো ক্রমম্ ॥৫২॥ নীচে সূর্য্যগ্রহে বাপি গুরৌ পুত্রে প্যথালয়ে। বুধে বা পাপসংযুক্তে যোগো জ্ঞেয়োঽরিনন্দনঃ। পঞ্চত্রিংশদ্গতে বর্ষে নানা দুঃখং ভবেৎ সদা ॥৫৩॥

ধর্ম্মে রাহুঃ সুতে শুক্রো নষ্টৌ বা বৃদ্ধ সংস্থিতঃ। তদা বৈপঞ্চমো যোগঃ পুত্রজ্ঞান বিনাশকঃ ॥৫৪॥ সূর্য্যপুত্রে স্থিতে রাহৌ কামে ক্রূরালয়ান্বিতে। ধর্ম্মে বা দ্বিতয়ে পাপো যোগো জ্ঞেয়ো নিশাচরঃ। পুত্রে ভূতে পুত্রনাশো ভার্য্যানাশো যথা ক্রমম্ ॥৫৫॥ রাহৌ পুত্রে তনৌ সূর্য্যে সুখে বা পাপসংযুতে। তদাজ্ঞেয়ো দণ্ডযোগঃ কন্যা পুত্র বিনাশনঃ ॥৫৬॥ সুতে কেতু রিপৌ ভত্রে চিত্রে বা নিধনে বরো। তদা ভুজঙ্গ যোগোঽয়ং পুত্রয়োশ্চ বিনাশনঃ ॥৫৭॥ ত্রয়ঃ পাপাঃ সুতে যস্য ধর্ম্মে বা সুখমন্দিরে। লগ্ননাথো যদা পুত্রে তদাজ্ঞেয়ঃ কুজৃম্ভকঃ। জ্যেষ্ঠ ভ্রাতৃ কৃতা নিন্দা সভাস্থানে জনান্বিতে ॥৫৮॥ লগ্নে জীবোঽথবা শুক্রো নষ্টৌ বা বালকোঽথবা। কেন্দ্রত্রিকোণগাঃ সৌম্যাঃ পাপাঃ ষষ্ঠে ব্যয়ে-

হথবা। গজযোগে ভবেৎ পুত্রো রাজমান্যো মহাবলঃ। সোপি মানাধিকঃ ক্রোধী দীর্ঘায়ুর্ব্বহুপুত্রকঃ ॥৫৯॥ তনৌ বুধসিতৌ বিত্তে রবীন্দূ যত্র সংস্থিতৌ। মদনে দেবপূজ্যশ্চ আয়ে ভূমি সুতো যদি। বন্ধৌ শনৈশ্চরঃ কেতুঃ কর্ম্মক্ষেত্রে বিধুন্তুদঃ। তদা সৌভাগ্যযোগোঽয়ং সর্ব্বসম্পৎ প্রদায়কঃ। তত্র জাতো ধনী মানী সুভগো জ্ঞাতি পোষকঃ। সুবিদ্যা নিরতঃ শ্রীমান্ রাজমন্ত্রীকুলাগ্রণীঃ। নীচান্নরক্তো বাচালঃ পরদার রতো ভবেৎ। ভ্রাতৃহীনো দাম্ভিকশ্চ কুপাত্রে ব্যয় শীলকঃ ॥৬০॥

লগ্নে শুক্রোঽস্ত্যগে সৌরির্ব্ব্যয় ষষ্ঠাষ্টমে গুরুঃ। সহজে চ যদা রাহুর্ভানুঃ কেতুর্ব্ব্যয়ে শশী। লগ্নাৎ পাপগৃহে চেৎ স্যাৎ ধনস্থানে পরে গ্রহাঃ। তদা সুমিত্র যোগোঽয়মত্র জাতো মহাসুখী ॥ ৬১ ॥ মৃত্যো জ্ঞো বন্ধুসংযুক্তো তূর্য্যাস্তে চ শুভগ্রহাঃ। অত্রোক্তৌ তো ভবেদ্যো বৈ রাজমান্যো ভবেদ্ধ্রুবং। ক্ষণে সৌখ্যং ক্ষণে চিন্তা ধনী স্বল্পশ্চ জায়তে। এতদযোগ প্রভাবেণ সর্ব্বকালং সমৃদ্ধিমান্। ধর্ম্মে চায়ে গুরৌ সংস্থে শুক্রো বা রাহু সংযুতঃ। পুচ্ছ ষষ্ঠাষ্টমেচন্দ্রঃ শেষাঃ কর্ম্মণি সংস্থিতাঃ। তদা বিপন্নযোগোঽয়ং সুখ দুঃখ প্রদায়কঃ ॥৬২॥ লগ্নেশশ্চাষ্টমে যস্য সৌম্যক্ষেত্রে শিবার্চ্চকঃ। রিপুতূর্য্যাষ্টমে রিপ্ফে রাহু ভৌম কুজার্কজাঃ। চন্দ্রে বা কুরুতে কষ্টং মাতুঃ ষড়্দিন মাসকে ॥ ৬৩ ॥ সৌম্যাঃ ক্রূরা ধনে লগ্নে নীচশত্রুগৃহে গুরুঃ। পিতৃকষ্টং মহাসৌখ্যং অন্তে দুঃখী প্রজায়তে ॥ ৬৪ ॥ চতুর্গ্রহা যদা লগ্নে ধনে শুক্রো যদা ভবেৎ। ধর্ম্মে সৌরী রিপুক্ষেত্রে জয় যোগে মহাসুখী ॥ ৬৫ ॥ ছিদ্রোদয়ে ব্যয়ে ক্রূরাস্তত্র চন্দ্রস্থিতে যদি। অথবাপি গ্রহাঃ সর্ব্বে ত্রিভিঃ স্থানে যদাস্থিতাঃ। গোগ্রীব যোগজোজ্ঞেয়ো বালঃ ক্লেশ যুতঃ সদা ॥৬৬॥ ভাগ্যে চন্দ্রঃ সুখে শুক্রো লাভে বা ত্রিতয়ে গুরুঃ। সুতে ক্রূরাশ্চ চত্বারো ভাস্করস্তু মহাসুখম্। রাজা বা রাজমান্যো বা কুবেরস্য সমো ভবেৎ ॥৬৭॥ লগ্নে সৌম্যাঃ সুখে সৌম্যা আয়ে ধর্ম্মে শুভাশুভঃ। ভাস্করে সুখসম্পত্তিঃ ক্ষণেবৃদ্ধিঃ ক্ষণেক্ষয়ঃ ॥ ৬৮ ॥ কেন্দ্রে ত্রিকোণে চায়ে চ খ্যাতো ষষ্ঠে শনৈশ্চরঃ। রাহুর্ব্বাচাস্তগে কেতুর্লগ্নে ভূমি সুতো যদি। তদা সুভদ্র যোগোঽয় মত্র জাতো মহাসুখী। রাজমান্যঃ স্বল্পধনী জ্ঞাতীনাং পরিপোষকঃ। খ্যাতো দয়ালুঃ সুভগঃ শত্রুভিশ্চাপরাজিতঃ। পরদাররতঃ শান্তঃ প্রসাদ ভবনোজ্জ্বলঃ। স্বল্পদাতা স্বল্পভোক্তা স্বল্পকার্য্যেষু তৎপরঃ ॥৬৯॥ লগ্নে গুরুর্যদা ভৌমো দশমে সহজেতমঃ। অস্তে রবিবুধৌ ধর্ম্মে শিখী শুক্রে সুখে শনিঃ। স এব কুম্ভ যোগোঽয়মত্রজাতো জনপ্রিয়ঃ ॥৭০॥ লগ্নে সুখে ধনে ধর্ম্মে রাহুশ্চন্দ্রঃ শিখী শনিঃ। ক্রূরাঃ সৌম্যা ধনে লগ্নেযোগাশ্চন্দ্রাংশুকঃ শুভঃ। তস্মিন্ যোগ প্রভাবেণ স্বল্পায়ুর্জায়তে নরঃ। ন সৌখ্যং মাতৃ পিত্রোস্তু দীর্ঘরোগী ভবেন্নরঃ ॥৭১॥ ধর্ম্মেশো রাজ্যধীশো বা ক্রূরো বাক্রূর সংযুতঃ। দৃষ্টৌ ভৌমেন চন্দ্রেণ যোগোঽয়ং দারুণঃ স্মৃতঃ ॥৭২॥ পাপে লগ্নে ত্রিকর্ম্মেশঃ ক্রূরাঃ সৌম্যা ধনেত্রিকে। সর্ব্বাব লোকিতশ্চন্দ্রো যোগোঽয়ং সাগরস্তথা। উন্মত্তো জায়তে তত্র সাগরে নাত্রসংশয়ঃ। চতুর্দ্দশাব্দতঃ পশ্চাৎ মহাচিন্তা প্রবর্ত্ততে। রাজ্যাদ্বহির্ভবেৎসোঽপি বর্ণমধ্যে কলঙ্কিতঃ ॥৭৩॥ ধর্ম্মস্থানে যদা ক্রূরা ভ্রাতৃস্থানে বিশেষতঃ। কুজমন্দৌ বিশেষেণ ভ্রাতৃহা যোগ এব সঃ এতদযোগ প্রভাবেণ ভ্রাতা ভবতি জীবিতঃ ॥৭৪॥ শনৌতূর্য্যে রিপুক্ষেত্রে সপ্তমে কুজ গৃহেতমঃ। সৌরিক্ষেত্রে ভবেৎ ক্রূরাঃ সৌম্যাশ্চ ক্রূর বেশ্মনি। চন্দ্র ক্ষেত্রেঽথবা ক্রূরঃ শুভগেহে কুজো যদি। সৌরির্ব্বক্রৌ চ ভৌমো বা পিতৃ মাতৃক্ষয়ো ভবেৎ ॥৭৫॥ লগ্নে চন্দ্রঃ পরে রাহুস্তূর্য্যে ভানুসুতে বুধঃ। সুরাসুরার্চ্চিতং পাদং দেবতা রণ বর্জ্জিতঃ। কামী যুদ্ধরতো নিত্যং পুত্র পৌত্রাদি সম্পদঃ মহাসুরো মহাভাগো ভৃত্য পুত্রাদি সংযুতঃ ॥৭৬॥ সুতপতিঃ স্ব গৃহসংস্থঃ ক্রূরগ্রহ যুতোঽথবা। সৌরিঃ ক্রূরক্ষেত্রে জীবস্তদা বিলাস যোগ সম্ভবঃ ॥৭৭॥ সন্তানেশ স্তূর্য্যে রিপুগৃহগতে ক্রূরর্ক্ষে ষষ্ঠে সুতে বা ধনসংস্থে। রবি শনি কুজাশ্চাষ্টমে বা ব্যয়স্থে, যদা প্রাপ্তে পুত্রে ভবতি মরণং বর্ষমেক দ্বিমধ্যে ॥ ৭৮ ॥ লগ্নেশো দ্বাদশে স্থানে চন্দ্র যুক্তো ন পশ্যতি। রিপ্ফক্ষ স্বামিনা দৃষ্টং ত্রিকোণে চ চতুর্গ্রহাঃ। তদা চ মানসো যোগো সদা চঞ্চলকানবান্। তদূর্দ্ধে রাজসম্মানং ধনাঢ্যো বিপ্রপূজকঃ। মধ্যো ভাগে সুখং দুঃখং জায়তে সমতা ফলং। বৃদ্ধ কালে মহাসৌখ্যং গজবন্ধকুলে নৃপঃ ॥ ৭৯ ॥

স্থানত্রয়ে যদা সৌম্যাঃ ত্রয়ঃ স্থানে চ পাপকাঃ। ধনে তৃতীয়কে চৈব ষষ্ঠে চ দ্বাদশে শুভাঃ। যদা চান্দ্রভবো যোগো ষোড়শাব্দাচ্চ মানবঃ। মহাক্লেশসহো রোগী দুর্ব্বলশ্চপলামতিঃ। পিত্তবাতাধিকা পীড়া কিঞ্চিৎ কফাধিকা ভবেৎ। নবমে দ্বাদশে বর্ষে ষোড়শে চ বিশেষতঃ। অনিষ্টো জায়তে তস্য বন্ধুতো মাতৃতস্তথা ॥ ৮০ উদয়াৎ পঞ্চমে ভানুঃ স্বর্ভানু সহিতো বলী। ভুজঙ্গেঽপি বিধাতুঃ স্যাৎ সুখস্থে বিকলঃ স্মৃতঃ ॥ ৮১ ॥ রবিণা সহিতো রাহুর্যস্য জন্মোদয়াৎ সুতে। তদা নিরয়যোগোঽয়ং গুরু গোধন সংজ্ঞতাৎ। জাতোঽষ্টাদশ জন্মানি পুত্র কন্যা বিবর্জ্জিতঃ। দরিদ্রঃ শোকসংপূর্ণশ্চান্তে ভার্য্যা সুতস্ততঃ ॥ ৮২ ॥ ক্ষীণ

চন্দ্রযুতো রাহুভৌমেন রবিণাপি বা। যদি স্যাৎ শশিনা দৃষ্টঃ প্রেতপ্রেতো যোগ উচ্যতে। জ্যেষ্ঠ ভ্রাতুর্হতিং ত্রব্যং গুরুপুত্রস্য পীড়নং। এতৎ কর্ম্মানুসারেণ প্রেতপ্রেতে জায়তে নরঃ॥৮৩॥ সুতেশঃ শত্রুণা যুক্তো ভূজঃ পাপান্বিতো যদা। তত্তৎ পাপত্রয়ৈর্দৃষ্টৌ বিপুল যোগজঃ স্মৃতঃ। পুত্রপৌত্রাদি নাশঃ স্যাদ্রোগ যুক্তো ভবেন্নরঃ॥ ৮৪॥ সন্তানেশো রিপুক্ষেত্রে ব্রব্যে তূর্য্যায়কেঽষ্টমে। অথবাধিপতিঃ ক্রূরস্তথা ক্রূরা নিরীক্ষিতঃ। সন্তানাৎ সপ্তমে রাহুরিজ্যো বার্ক শনৈশ্চরঃ। তীর্থবাসী দ্বিজস্তৈব তৈঃ পাপৈঃ স্যাদপুত্রকঃ। সন্তানো ন ভবেত্তস্য ভবতীহ ন জীবতি॥ ৮৫ ধনে রবিগুরুঃ শুক্রঃ শিখিনা চ সমাযুতঃ। সহজে কুজসৌম্যৌ চ সুখে চ রবিনন্দনঃ। মৃত্যৌ বিধুন্তুদো যস্য চতুর্থে চ নিশাকরঃ। তদা বিবাদ যোগোঽয়ং সুখদুঃখপ্রদায়কঃ। ন সন্তান সুখং কিঞ্চিৎ ন চ পত্ন্যা সুখং কদা। সর্ব্বত্রারোগ্য যুক্তোঽপি ন সুখং মনসো ভবেৎ॥৮৬॥ মৃগলগ্নোদয়ে জাতো গুরুঃ শুক্রেণ সংযুতঃ। ধর্ম্মে চন্দ্রো জলাভস্থঃ শ্রীপুষ্টো যোগ উচ্যতে। আদৌ ত্তদশবর্ষাণি সুখদুঃখ সমো ভবেৎ। এতচ্চ বর্ষ চত্বারি রাজমান্যো মহাসুখী ॥৮৭॥ তনৌ ধনে গুরুঃ শুক্রো বুধশ্চন্দ্রং প্রপশ্যতি। স্ব গৃহে বাথমিত্রস্থো জ্ঞঃ সদা কার্ম্মুকে সুখী॥ ৮৮॥ লগ্নেশঃ শুক্রক্ষেত্রস্থো লগ্নে ষষ্ঠে ব্যয়েঽষ্টমে। কুজদৃষ্টং মৃত্যুগেহং সৌম্যাস্ত্রিকোণগাঃ শুভাঃ। রোগাঃ সর্ব্বে ক্ষয়ং যান্তি যাবজ্জীবং সমৃদ্ধিমান্॥ ৮৯॥ লগ্নে দ্বিতীয়গে মন্দে ধর্ম্মে চ কেতু ভূমিজৌ। রিপৌ গুরুর্ব্যয়ে শুক্রো বুধাদিত্যৌ যদাস্তগৌ। কর্ম্মস্থানে যস্য চন্দ্রো সহজে চ বিধুন্তুদঃ। তদা বার্দ্ধুষিকো যোগঃ সুখদুঃখ প্রদায়কঃ ॥৯০॥ লগ্নাত্রিকেণে শুক্রে জ্ঞো বুধাদিত্যৌ রিপৌ যদা। সুতে ভূমি সুতো মৃত্যুরবিজেন্দুঃ সুখেতমঃ। পুচ্ছে দশমগে যোগঃ সুনন্দো বহুভোগদঃ। অত্র জাতো ধনী মানী সুন্দরঃ প্রিয়দর্শনঃ। স্ববিদ্যা নিরতঃ শ্রীমান্ সর্ব্বকর্ম্মসু তৎপরঃ। গতে চাষ্টাদশে বর্ষে ধনস্যোপার্জ্জনে রতঃ। চতুর্ব্বিংশে গতে বর্ষে নিধনে মানসী ব্যথা। সপ্তবিংশে গতে বর্ষে ধনবান্ নীচ সেবয়া। দ্বাত্রিংশেঽব্দে ব্যতীতে তু নির্ধনত্বং মনো ব্যথা। মানহীনো ভবেদ্দুঃখং বর্জ্জিতঃ স্বজনাদপি। চত্বারিংশে ব্যাধিপীড়া জীবনেনাত্র সংশয়ঃ। সুন্দরীং লভতে ভার্য্যাং কমনীয়াং পতৌ রতাং ॥৯১॥ লগ্নেপাপঃ শুভঃ কেন্দ্রে ত্রিকোণে চ যদা ভবেৎ। পাপাঃ সপ্তাস্থ্যা লাভস্থা যোগোঽয়ং সুখদুঃখদঃ ।৯২॥ সুতে গুরুঃ সুখে পুচ্ছঃ সহজে রবিনা বুধঃ। ছিদ্রে শনিধ নেকৌমঃ শশী শুক্রেণ সংযুতঃ। তমো মানে নিদাবোঽয়ং সুখদুঃখং ক্বচিৎ ক্বচিৎ ॥ ৯৩॥ সুতপতিরস্তগতঃ পাপো বা বীক্ষিতো ভবতি। কেন্দ্রে ধনে সৌম্যাঃ ক্রূরক্ষেত্রে চ জীবঃ। রাজমান্যং ধনং ধান্যং পুত্র ভ্রাতাদি সংযুতং। সন্তানস্য ভবেচ্চিন্তা জাতো বালো ন জীবতি ॥ ৯৪॥

কর্ম্মণি কর্ম্মপোযত্র পাপাঃ ষষ্ঠেশ্বরে সুতে। আয় ধর্ম্মোচ্চগাঃ ষষ্ঠেযোগোঽয়ং বিগতো ভবেৎ। বৃদ্ধকালে মহাদুঃখ মত্র জন্মনি তত্বতঃ। দ্বাত্রিংশদ্বর্ষপর্য্যন্তং ন সৌখ্যং ধনবর্জিতঃ। কৃষিতঃ কুত্রচিৎ সৌখ্যং জায়তে নাত্রসংশয়ঃ। শরীরে চ মহাপীড়া রুজঃ শোকযুতো ভবেৎ ॥ ৯৫ ॥ কর্ম্মেশশ্চ সুখনাথঃ ক্রূরসহিতঃ ষষ্ঠাষ্টমে বা ধনে। জীবার্কির্ভবতি পরস্পর গৃহে যোগস্তদা কর্ব্বুরঃ। তৈস্তৈর্যোগৈর্ভবেৎ কষ্টং ধনধান্যৈর্নসংশয়ঃ। কদাচিৎ স্বল্পলাভস্তু জায়তে সুখমুত্তমম্। দ্বাত্রিংশতো ভবেন্নূনং সৌখ্যমাত্মবলৈর্ভবেৎ। অষ্টত্রিংশদ্‌গতেবর্ষে প্রাপ্যতে সুখসম্পদঃ। অত্রজাতো ভবেদ্দাতা সর্ব্বত্রৈব প্রবেশকঃ ॥ ৯৬ ॥ কায়ে চাপ্যষ্টমে ক্রূরাশ্চিদ্রেশো দ্বাদশে যদা। কর্ম্মণি সৌম্যা ধনেক্রূরা অত্রযোগো মহৎসুখং। জন্মন্যস্মিন্ ভবেৎ সত্যং পিত্রাধিক্যং ততো নরঃ। দাতা ভোক্তা সুবক্তা চ রাজমান্যো ধনাধিকঃ পরোপকারী ধর্ম্মাত্মা কীর্ত্তিমাংশ্চ বহুপ্রজঃ। ষোড়শাব্দে ভবেৎ সৌখ্যং যাবদ্বর্ষঞ্চ বিংশতিঃ। গজ বাজিধনৈর্যুক্তো রাজা বা রাজমন্ত্রিকঃ ।।৯৭।। গুরুক্ষেত্রে যদা সূর্য্যঃ কুজক্ষেত্রে যদা গুরুঃ। কেন্দ্রে বা দ্বিত্রিরিপ্ফে বা সুতে লগ্নে শুভাশুভে। যদিতে সুখসম্পত্তির্গজবাজিযুতঃ সুখী। মহারাজো মহামন্ত্রী ধনাঢ্যো রাজপূজিতঃ। বহুভৃত্যঃ সমৃদ্ধিশ্চ নৃপাধারেষু কিঙ্করাঃ ॥ ৯৮ ॥ শনিক্ষেত্রে গতে চন্দ্রে ষষ্ঠে চ ভৌমভার্গবঃ। শনির্ম্মাচ্ছিদ্রসংস্থানে দৃষ্টং কর্ম্ম শুভৈর্যদা। তদা সাধক যোগোঽয়ং দাতা সর্ব্ব সুসম্পদঃ। রাজমান্যো ধনৈর্যুক্তঃ ক্ষণেবৃদ্ধিঃ ক্ষণেক্ষয়ঃ। নেত্রপীড়া ভবেৎ। কুজো রাজ রোগী ভবেন্নরঃ। অন্তং বহুবিধং দুঃখং তদন্তে বহুযত্নতঃ ॥৯৯॥ সুতপতিঃ শুক্রক্ষেত্রে ক্রূর সংযুক্তঃ কুজেন দৃষ্টঃ। ক্রূরক্ষেত্রে যদা জীবো বিনাশো যোগ উচ্যতে ॥ ১০০ ॥ তূর্য্যেশঃ ষষ্ঠ লগ্নেশঃ ক্রূরো বা ক্রূরসংযুতঃ। তূর্য্যো যষ্ঠাষ্টরিপ্ফে চ পাপাঃ ক্রূরগৃহে যদা। ক্রূরো শত্রুগৃহস্থো বা যদা জীবো ভবেত্তদা। অস্মিন্ জাতে সুখোৎপত্তির্জায়তে নাত্র সংশয়ঃ ॥১০১॥ উদয়ে চ যদা রাহুঃ সুখেঽষ্টে বা ব্যয়ে শনিঃ। গুরৌ ষষ্ঠাষ্টমে রিপ্ফে পাপে ধর্ম্মে সুতে সুখী। অস্মিন্ গ্রহানুমানেন যোগো রাক্ষস সম্ভবঃ। অল্পায়ুর্জায়তে বালঃ পুণ্যেনৈব সজীবতি ॥১০২॥ সহজে চ যদা রাহুঃ ষষ্ঠে চৈব শনৈশ্চরঃ। ব্যয়স্থানে গুরুর্যস্য ত্রিকোণে

পাপখেচরাঃ। যোগোঽয়মুদ্ভবো নাম ভ্রাতৃ হীনোঽথবা নরুক্। পরিচ্ছিন্ন যুক্তঃ সৌখ্যং জায়তে নাত্র সংশয়ঃ ॥১০৩॥ লগ্নে ধনাস্পদে ক্রূরে সুখে দ্যূনে সুতে তথা। নীচে ধনেঽথবা লগ্নে বা যোগোঽয়ং ভীষণোমতঃ প্রাপ্যতে চ ধনং মানং ক্ষণে বৃদ্ধিঃ ক্ষণেক্ষয়ঃ ॥১০৪॥ ধর্ম্মস্থানে যদাবার্কিঃ সুতে ক্রূরোঽথবা শশী। ষষ্ঠে ধর্ম্মায়গেভানৌ যোগোঽয়ং সৌর নামতঃ ॥ ১০৪ ॥

রাহুণা সহিতো মন্দঃ শক্রভে শনি বীক্ষিতঃ। ষষ্ঠে বা কর্কটে পাপে মহাশূলশ্চ যোগকঃ ॥ ১০৫॥ লগ্নে তৃতীয়ে বক্কৌ চ যদি কামেষু সদ্গুণঃ। কীটে বা দ্বাদশে ভৌমস্তদা শূলঃ সমুদ্ভবঃ॥১০৬ সুতস্থানে যদা রাহুঃ ক্রূরস্থানে ক্রূরসংযুতঃ। পাপারিপেক্ষ ধনে কেন্দ্রে কেন্দ্রযোগঃ স উচ্যতে। অস্মিন্ জন্মনি তেনায়ং ধনাঢ্যো রাজপূজিতঃ। ধর্ম্মাত্মা চ সুখী ভোগী পুত্রাধিক্যোঽপি জায়তে ॥১০৭॥ কর্ম্মেশোপি সুখেশোপি লগ্নে ষষ্ঠেঽষ্টমোদয়ে। সুতেঽষ্টমে তথা ক্রূরাঃ সৌম্যাঃ পাপাঃ স্মরে তদা। কুলযোগঃ সবিজ্ঞেয়ো গ্রহসংস্থান ভেদতঃ। উদ্বেগশ্চ ভবেত্তস্য স্বল্পলাভো যথা তথা। আদি মধ্যে তু সৌখ্যঞ্চ অন্তে সৌখ্যং জনান্তরে। তথা ব্যাধি সমাযুক্তো ভ্রাতৃহীনস্তু জায়তে ॥১০৮॥ সুতেশঃ শুক্র গেহস্থঃ শুক্রযুক্তোঽথ পশ্যতি। ধর্ম্মে লাভোদয়ে সৌম্যাঃ ক্রূরৈর্দৃষ্টা যুতো গ্রহঃ। তদা মাতঙ্গ যোগোঽসৌ পিত্তাধিক্যো ভবেন্নরঃ। বন্ধুমিত্রেণ সংযুক্তঃ কীর্ত্তিনাংশ্চ বহুপ্রদঃ। চত্বারিংশে ষোড়শে বা সৌখ্যমাপ্নবলৈর্ভবেৎ। গজবাজি ধনৈর্যুক্তো রাজা বা রাজমন্ত্রিকঃ। মহাচিন্তা ভবেত্তস্য সন্তান হেতবে সদা ॥১০৯॥ লগ্নেজীবঃ সুখে চন্দ্রঃ পঞ্চমে চ চতুর্গ্রহাঃ। রন্ধ্রে শুক্রেঽস্ত্যগে মন্দে লাভে কেতুঃ সুযোগজঃ। অল্পকালে লভেৎ সৌখ্যং অষ্টাব্দাৎ পিতৃনাশকৃৎ। স্ত্রীনাশশ্চ ভবেন্মধ্যে দশমে মাতৃনাশনং। মৃদুঃ ক্ষীণো মহাক্রোধী বহুদাতাল্পবিত্তকঃ। ন পুত্রো জায়তে তস্য জাতোঽপি স নজীবতি। কন্যাপত্যঞ্চ জীবেত সুখদুখং ক্ষণে ক্ষণে। মৃত্যুঃ সপ্ততি বর্ষে চ ভবেত্তস্য ন সংশয়ঃ ॥১১০। শুক্রালয়ে যদা সৌরিঃ ষষ্ঠাষ্ট দ্বাদশে তথা। ত্রিকোণে চাষ্টমে চন্দ্রে তদা যোগশ্চ পঙ্কজঃ। গৌরশ্চপল বক্তা চ দিব্যাঙ্গো মৃদুলোচনঃ। যোগোহি পাবকো নাম মহাকষ্ট প্রদো ভবেৎ ॥১১১ ক্রূরক্ষেত্রে যদা সৌম্যাঃ সৌম্যক্ষেত্রে যদা শুভাঃ। শক্রক্ষেত্রে গ্রহাঃ কেচিৎ শরযোগস্তদা ভবেৎ ॥১১২॥ শনৌ তৃতীয়ে দশমে বা রাহুর্যদি জন্মকালে তদা বিক্রম যোগ ভবঃ। ভ্রাতুর্নাশো রোগী স্বল্পকালে জ্ঞেয়শ্চ মৃত্যুঃ ॥১১৩॥ ভৌমক্ষেত্রে যদা শুক্রঃ শুক্রক্ষেত্রে যদা কুজঃ। ষষ্ঠাষ্টমে যদা জীবস্তদধীশো রিপোর্গৃহে। যোগোঽয়ং চতুরো নাম সুখী দুঃখী ক্ষণে ক্ষণে ॥১১৪॥ কর্ম্মেশঃ ক্রূরসংযুক্তঃ শক্রক্ষেত্রে চ শক্রযুক্। ক্রূরসৌম্যাঃ পরে লগ্নে বর্দ্ধমানস্তদা ভবেৎ। স মনুষ্যো ভবেন্মন্ত্রী ধনাঢ্যো রাজপূজিতঃ নীচে কুলেঽপি সংজাতো মহারাজো ভবেন্নরঃ। প্রাপ্নয়াৎ সকলং সৌখ্যং নৃপাদ্বারেষু কিঙ্করাঃ। সৌখ্যঞ্চ লভতে শীঘ্রং বৃদ্ধকালে নসংশয়ঃ। সন্তানো নভবেত্তস্য জাতোপি স ন জীবতি॥১১ শনিক্ষেত্রে যদা জীবো জীবক্ষেত্রে চ মঙ্গলঃ। সুতেশঃ শুভ গেহস্তত্সূর্য্য ষষ্ঠাষ্টমে তথা। সুতেশেনসুতস্থানং যদি বা দৃশ্যতে ন চ। বীরযোগস্তদা খ্যাতঃ সর্ব্বত্র ক্লেশদায়কঃ ॥১১৬॥ সুতপতিঃ স্বগৃহস্থঃ সুতে ধর্ম্মঃ কুজেন দৃষ্টঃ। ষষ্ঠাষ্টমে বা সুখদুঃখ ধর্ম্মাধর্ম্ম প্রভবো যোগঃ। শ্যামরূপো গুনী চ ধনাঢ্যো রাজপূজিতঃ ॥১১৭॥

সুখে ধর্ম্মে যদা ক্রূরাঃ লগ্নেশোঽথ ষড়ষ্টকে। লগ্নং পশ্যতি লগ্নেশ স্তদাত্তদুর্ব্বলো ভবেৎ ॥ ১১৮ সুতেশঃ স্মরসংযুক্তঃ স্মরে ষষ্ঠাষ্টমেব্যয়ে। ক্রূরদৃষ্টং শুভস্থানং গোলযোগস্তদা ভবেৎ। সন্তানং ন ভবেত্তস্য দীর্ঘ রোগস্তদাভবেৎ ॥ ১১৯ ॥ সুতেরিপুকেঽথ বা ধর্ম্মে ক্রূর ভৌমেক্ষিতো যদা। সুতেশঃ পঞ্চমং স্থানং নেক্ষেৎ সৌম্যাস্ত্রিকোণগাঃ। ধ্বজযোগ সমো যোগো ভোগী মানী মহাসুখী ॥ ১২০ ॥ ধনে পাপে পরে সৌম্যো জীব শুক্রার কেবলাঃ। ত্রিপঞ্চা রিগতে সৌরে ভৃঙ্গ কীটস্তদা ভবেৎ। উচ্চে বা স্বগৃহে শুক্রো ধনে সৌরিগুরুঃ সুখে। উচ্চে বা স্বগৃহে বাপি জ্ঞেয়ঃ পদ্মাক্ষ যোগজঃ। স্বগৃহে ত্রীণি চত্বারি কর্ম্মণ্যুচ্চে সুখী পুমান্ ॥ ১২১ ॥ ব্যয়ে তুর্য্যোদয়ে সৌম্যাঃ পরে পাপাস্ত্রিকোণগাঃ ক্রূরক্ষেত্রে গুরুর্যস্য রাজ যোগস্য সম্ভবঃ ॥ ১২২ ॥ ক্রূরো ধর্ম্মে সুখে সৌম্য উশনাঃ ক্রূর সংযুতঃ। কুজার্কী চ সুখস্থানে বালঃ সন্তোষ যোগজঃ ॥ ১২৩ ॥ সুখোদয়ে ধনে যস্য সৌম্যাঃ পাপসমন্বিতঃ। ক্রূরোঽক্রূরোঽথ বা দ্যূনে যোগোঽয়ং লোহিতস্তদা ॥ ১২৪ ॥ ক্রূরক্ষেত্রে যদা চন্দ্রঃ সৌম্যক্ষেত্রে রবি গুরুঃ। লগ্নেশোঽপি ভবেৎ ক্রূরঃ স্বক্ষেত্রে রিপুভেঽপি বা। ক্রূর সৌম্যো ভবেদ্যস্য লগ্নে সোপ্যষ্টমে তদা। ধনধান্যাদি সম্পন্নো মহাসৌভাগ্য ভাগ্ভবেৎ ॥ ১২৫ ॥ তৃতীয়ে চ যদা রাহুঃ ষষ্ঠাষ্ট দ্বাদশে শনিঃ। ব্যয়স্থানে যদা জীবঃ পাপযোগো ভবেত্তদা ॥১২৬॥ লগ্নে রবিগুরুর্ভৌমস্তথৈবচ বুধঃ সুখে। তৃতীয়ে রবিজঃ কামে রাহুরিপুকে ভৃগুস্তথা। রিপৌচন্দ্রস্তথাজ্ঞেয়ো যোগোঽয়ং বিধ্বংসকঃ। কদাচিদ্ যদি সন্তানং প্রাপ্যতে হিতকর্ম্মণা। নচ জীবতি কৌমারে বালে বা তেন দুঃখিতঃ ॥ ২২৭ ॥

তনৌ সূর্য্যে সপাপে চ কর্ম্মস্থানে চ পাপকে। ব্যয়ে দ্যূনেঽথবা পাপে শুহো যোগঃ স উচ্যতে। এতদ্যোগ সমুৎপন্নস্তাপত্যং ন চ বিদ্যতে। মহাচিন্তা ভবেন্নিত্যং জ্ঞাতিহিংসা তথৈব চ। কটাক্ষ বদনে পীড়া পূর্ব্ব কর্ম্ম বিপাকতঃ ॥১২৮॥ উদয়ে সর্ব্বদৃষ্টিশ্চেৎ সুতে পাপে বলান্বিতে। তদা বিরতি যোগোঽয়ং সর্ব্বসৌখ্য প্রদায়কঃ। নিঃসুতো জ্ঞানহীনশ্চ তস্য শেষে সুনিশ্চিতম্ ॥ ১২৯ ॥ লগ্নে গুরৌ ধনে চন্দ্রে সপ্তমে যদি ভার্গবঃ উপান্ত্যেঽপাপঃ পাপো বা যোগোঽয়ং শঙ্কর স্তদা ॥১৩০॥ তুঙ্গে রাহুঃ স্বগৃহে বা যদি পাপঃ শুভালয়ে। তনৌ জীবে রিপোর্গৃহে বলহীনে ত্রিকোণকে। তদা চানলযোগোঽয়ং চান্তরান্তে সদা শুভঃ। কুটুম্বেন সুখং কিঞ্চিৎ কিঞ্চিদ্রাজ কুলে তথা। ন পুত্রেণ চ জায়াতো ন চান্যস্মাত্তথাতনৌ ॥১৩১॥ ধনে রাহুঃ কুজো বাপি ধর্ম্মে সৌরির্ব্বলান্বিতঃ। ধনে শুক্র রিপৌ শুক্রো যদি চন্দ্রেণ সংযুতঃ। সপ্তমে বুধ মন্দার্কৌ মৃত্যৌ ভৌমো গুরৌ শিখী। রাহৌ তৃতীয়কেন্দ্রেয়ো যমযোগো ভয়াবহঃ। পুত্র শোকং মহাঘোরং অন্তে চ নরকং ব্রজেৎ ॥ ১৩২ ॥ ষষ্ঠাষ্টমে গুরৌচন্দ্রে লগ্নে চন্দ্র যুতোঽপি বা। সুখে ধর্ম্মে যদা পাপো যোগোঽয়ং প্রেত সংজ্ঞকঃ। তস্য সৌখ্যং ন কুত্রাপি দারতো পুত্রতোপিবা ॥ ১৩৩ ॥ তনৌ জীবঃ শনিক্ষেত্রে যদি স্যাদ্বলহীনকঃ। তথা সৌরির্ম্মহোৎসাহঃ পঞ্চমে ভূমিনন্দনঃ তদোগ্রযোগো বিখ্যাতঃ প্রাণিনাং সুখনাশনঃ ॥১৩৪ ॥ সুখে জীবঃ সিতঃ কামে ষষ্ঠত্র্যায়ে রবির্যদা। তদা বরুণ যোগোঽয়ং প্রাণিনাং সুখদায়কঃ। অত্র জাতো মহাগৌরো মানহীন স্তথা ভবেৎ ॥১৩৫॥ তনৌ সিতে ধনে চন্দ্রো যদি তুঙ্গে চ পাবকঃ। কুবেরোঽয়ং মহাযোগো যদি জীবঃ সুতে ভবেৎ ॥ ১৩৬ ॥ ধনে কেতুঃ সুখে সূর্য্যঃ ষষ্ঠে বা দ্বাদশে গুরুঃ তদা ঈশান যোগোঽয়ং প্রাণিনাং ক্লেশদায়কঃ ॥ ১৩৭ ॥ সুখস্থানে যদা জীবঃ পঞ্চমে রবি নন্দনঃ। ষষ্ঠে ভৃগুবুধো যস্য সপ্তমে চ দিবাকরঃ। মৃত্যৌ রাহুর্ধনে কেতু স্ত্রিকোণে চ ধরাত্মজঃ সুতে পাপযুতশ্চন্দ্রোযোগোঽয়ং স্বকুলান্দনঃ। ধনী মানী মহাক্রোধী সর্ব্বদা জ্ঞাতি পীড়কঃ। ক্রীড়তে মৃগয়াশক্তঃ সর্ব্বদা স্বজনৈঃ সহ। শিষ্টবাক্ স্বল্প বিদ্যশ্চ সর্ব্বেষাং প্রিয়দর্শনঃ ॥ ১৩৮ ॥ ধনে রাহুঃ কুজো বাপি ধর্ম্মে সৌরির্ব্বলান্বিতঃ। তদা চ যমযোগোঽয়ং সর্ব্বত্র ভয়কারকঃ ॥১৩৯॥

লগ্নে ভৃগুর্ধনে সৌরির্বুধেজ্যৌ কর্ম্মগৌ যদি। ভবে রবিঃ কুজো রাহুঃ পঞ্চমে শশিনা শিখী। তদা সুমিত্র যোগোঽয়মত্র জাতো ভবেৎ সুখী ॥ ১৪০ ॥ তনৌ সুখালয়ে রন্ধ্রে কামে সৌরির্যদা ভবেৎ। বয়ঃ শেষে মহাকষ্ট মপমৃত্যুস্তথৈবচ। ব্যয়েঽব্যয় মধর্ম্মেষু বহুনাং ব্যাধি পীড়িতঃ ॥১৪১॥ তনৌ সুখালয়ে রন্ধ্রে কামে সৌরির্যদা ভবেৎ। লগ্নাদ্দ্বিতীয়গশ্চন্দ্রঃ সহজে রবিরিন্দুজঃ। পঞ্চমে ভৃগুকেতুশ্চ সপ্তমে নবমে গুরুঃ। ভৌমঃ কর্ম্মণি লাভে চ শনীরিপ্ফে বিধুন্তুদঃ। লগ্নে সংপূর্ণদৃষ্টি শ্চ যদা ভৌম শনৈশ্চরৈঃ। তদা স বীরযোগোঽয়ং তজ্জঃ সুখ দুঃখভাক্। সুবক্তা প্রিয়ভাষী চ খ্যাতিমান্ মিত্র চঞ্চলঃ। ধনী মানী ভবেন্নিত্যং দ্বাত্রিংশদ্বৎসরাৎ পরম্। ষড়িবংশদ্বর্ষতঃ পশ্চাৎ পুত্র তাপেন দুঃখিতঃ। মৃত্যুঃ সপ্ততিবর্ষে চ তীর্থেবৈ শম্ভু- সম্ভবে ॥ ১৪২ ॥ লগ্নাদ্দ্বিতীয়গাঃ ক্রূরা রবি ভৌম শনৈশ্চরাঃ। লগ্নে গুরুঃ সুতে চন্দ্রো ধর্ম্মে রাহুর্ব্যয়ে ভৃগুঃ। সহজে বুধকেতূ চ কামযোগ সমুদ্ভবঃ। স্বল্প বিত্তোঽথ দাতা চ মধ্যমে চ দরিদ্রতা। ভার্য্যা পুত্র সুখং কিঞ্চিৎ বেদাব্দাৎ পিতৃ হীনকঃ। যত্নেন সঞ্চিতং বস্তু নষ্টং ভবতি হেলয়া ॥ ১৪৩ ॥ পরক্ষেত্রে যদা লগ্নে শনি র্ভৌমঃ সুতে শিখী। জীবো রাহুস্তথা চাগ্রে পাপক্ষেত্রে সুখে শশী। ধনে রাহুবুধৌসূর্য্যৌ তদা যোগঃ কুদগুকঃ ॥ ১৪৪ ॥ লগ্নে ত্রিকোণে কেন্দ্রস্থাঃ সৌম্যাঃ পাপৌত্রিধর্ম্মগৌ। সুখ কর্ম্মাস্তগাঃ পাপাঃ যোগঃ সংমিশ্রসংজ্ঞকঃ। অত্র জাতঃ সুখীমানী গুণবান্ প্রিয় দর্শনঃ। স্ববিদ্যা কুশলো হ্রস্বঃ প্রিয়বাদী কুলাগ্রণীঃ। পিতৃহীনোঽল্পবয়সি ন দাতা ন চ নিন্দকঃ। গতে সপ্তদশে বর্ষে ধনস্যোপার্জনে রতঃ। সুন্দরীং লভতে ভার্য্যাং আদৌ কন্যা প্রজায়তে। সন্তানার্থে ভবেচ্চিন্তা মহতী নাত্র সংশয়ঃ। ভবেন্মধ্যে ধনোপেতঃ ক্বচিদ্দুঃখঞ্চ জায়তে। বিংশে দ্বাবিংশকে বাপি বর্ষে বা সপ্তবিংশকে যদি জীবতি তত্রৈব মৃতিঃ ষট্ষষ্টি বৎসরে ॥ ১৪৫॥

ইতি ভৃগুসংহিতোক্ত বিবিধ যোগঃ সমাপ্তঃ।

---

## অথ পূর্ব্বজন্ম জ্ঞানং।

বলবান্ যো গ্রহো লগ্নং পূর্ণং পশ্যতি শীর্ষকং। পাপী পৃষ্ঠোদয়ে চন্দ্রং তস্য যোনিং বিনির্দ্দিশেৎ ॥১॥ এবং ব্যয় গৃহাৎ ষষ্ঠং সপ্তমং লাভ লগ্নতঃ। পঞ্চমং কর্ম্মভাবাচ্চ চতুর্থং ধনলগ্নতঃ। মৃত্যুভাবস্তৃতীয়ঃ স্যাৎ দ্বিতীয়ং বৈক একতঃ। সমবীর্য্য গ্রহৈর্দৃষ্টে চতুর্ব্বর্ণং স্বপাহতঃ ॥ ২ ॥ কীটরাশি স্থিতে নাথে কীটস্বেবু ব্যয়াদিষু। কীটস্বৈর্ব্বীক্ষতে খেটৈঃ পূর্ব্বং স্যাৎ কীট-

যোনিষু ॥ ৩ ॥ লগ্নপে জলরাশিস্থে জলজর্ক্ষে ব্যয়াদিষু। জলজন্তাঃ প্রপশ্যন্তি প্রোক্তাস্তত্র জলোদ্ভবাঃ ॥ ৪॥

লগ্নপে বন্যরাশিস্থে বন্যজর্ক্ষে ব্যয়াদিষু। বন্যজন্তাঃ প্রপশ্যন্তি খগজঃ পূর্ব্বজন্মনি ॥ ৫ ॥ জন্মলগ্নাধিপে মন্দে সিংহস্থৈর্দৃশ্যতে গ্রহৈঃ। শক্রুণা দৃশ্যতে লগ্নং গুল্মজাঃ পূর্ব্বজন্মনি ॥ ৬ ॥ পঞ্চমস্থে ভৌম শুক্রে লগ্নস্থে রাহু সূর্য্যজে। পাপগ্রহাঃ প্রপশ্যন্তি পূর্ব্বে স্যার্ব্বৃশ্চবৃত্তয়ঃ ॥ ৭ ॥ রাহুমন্দ যুতং লগ্নং দৃশ্যতে যদি সৌরিণা। নিধনে পাপসংদৃষ্টে পূর্ব্বজন্মনি বিড়্ভবঃ ॥ ৮ ॥ ষষ্ঠ স্থানস্থিতে সূর্য্যে সপ্তমস্থে নিশাকরে। ভৌমঃ পশ্যতি চেল্লগ্নং সূর্য্যলোকাৎ সমাগতঃ ॥ ৯ ॥ সপ্তমস্থে দেবপূজ্যে দশমে চন্দ্র ভার্গবে। উচ্চস্থৈর্ব্বীক্ষতে লগ্নং নরলোকাৎ সমাগতঃ ॥ ১০ ॥ অষ্টমস্থে সূর্য্যপুত্রে চন্দ্রে চ দ্বাদশে স্থিতে। পাপগ্রহে ক্ষিতে লগ্নে নরলোকাৎ সমাগতঃ ॥ ১১ ॥ গুরুক্ষেত্র গতে সূর্য্যে চন্দ্রে বা ভার্গবেক্ষিতে। উচ্চসংস্থৈগ্র্রহৈর্দৃষ্টে শক্রলোকাৎ সমাগতঃ ॥১২ রাহু মন্দযুতে ভৌমে চতুর্থে দ্বাদশে ধনে। লগ্নেশে ভৌমগে বাপি নাগলোকাৎ সমাগতঃ ॥ ১৩ ॥ লগ্নে গুরৌ সচন্দ্রে বা পুণ্যস্থে দৈত্য পুঙ্গবে। উচ্চস্থে বা গুরৌ ধর্ম্মে ব্রহ্মলোকাৎ সমাগতঃ ॥১৪॥ শনিঃ পশ্যতি চেল্লগ্নং চন্দ্রং বা সূর্য্যনন্দনঃ। জলরাশি স্থিতে সূর্য্যে বারুণাচ্চ সমাগতঃ ॥১৫॥ লগ্নে সর্ব্বগ্রহৈর্দৃষ্টে চন্দ্রে বা বুধ সংযুতে। গুরুণা বীক্ষতে লগ্নমথিলোকাৎ সমাগতঃ ॥ ১৬ ॥ জীব শুক্রে ত্রিকোণস্থে স্বোচ্চস্থে চ শুভগ্রহে। কেন্দ্রস্থে ভৌম শুক্রে বা নক্ষত্রাচ্চ সমাগতঃ ॥ ১৭ ॥ সপ্তর্ষি মণ্ডলাচ্চৈব দশমে জীব ভার্গবে। স্বোচ্চস্থে দেবদৈত্যেশেমস্থলোকাৎ সমাগতঃ ॥১৮॥ মেষে ভৌমে গুরৌ মীনে বৃশ্চিকে রজনীকরে। রাহুণা সহিতে সৌম্যে কুবেরাচ্চ সমাগতঃ ॥ ১৯ ॥ যুকে শুক্রে গুরৌ ধর্ম্মে বৃশ্চিকে রজনী করে। শীর্ষে দৈত্যে বিলগ্নে চ গন্ধর্ব্বাচ্চ সমাগতঃ ॥২০॥ লগ্নে শুক্রে বুধে বাপি ধর্ম্মসংস্থে পতিগ্রহঃ। গুরুণা বীক্ষিতে চন্দ্রে গন্ধর্ব্বঃ পূর্ব্বজন্মনি ॥২১॥ ষষ্ঠে সৌম্যে সচন্দ্রে চ চতুর্থে দৈত্যমন্ত্রিণি। গুরুঃ পশ্যতি চেল্লগ্নং কিন্নরাচ্চ সমাগতঃ ॥ ২২ ॥ ভৃগুণা সহিতে সৌম্যে লগ্নে বা রজনীকরে। সসৌম্যে কেন্দ্রগে সূর্য্যে গৌরী লোকাৎ সমাগতঃ ॥ ২৩ ॥ গুরু শুক্র যুতে লগ্নে চন্দ্রে কেন্দ্রযুতেপি বা। কুজেন সংযুতে সূর্য্যে গৌরীলোকাৎ সমাগতঃ ॥২৪॥ যুক্সংস্থে দৈত্যপূজ্যে চ স্বোচ্চস্থে রাহুসূর্য্যজে। শুভগ্রহাঃ প্রপশ্যন্তি গৌরীলোকাৎ সমাগতঃ ॥ ২৫ ॥ চরোদয়ে স্থিরে চন্দ্রে দ্ব্যাত্মকে চ দিবাকরে। গুরুশুক্রবুধৈর্দৃষ্টে গৌরীলোকাৎ সমাগতঃ ॥২৬॥ শুভগ্রহ যুতে লগ্নে ধর্ম্মে বা রজনীকরে। পুণ্যে জীবে সশুক্রে চ গৌরীলোকাৎ সমাগতঃ ॥ ২৭ ॥ রবৌ চন্দ্রে শনৌ ষষ্ঠে লগ্নপো যদি ধর্ম্মগঃ। দ্বাবিংশতৌ শুভক্ষেত্রে গৌরীলোকাৎ সমাগতঃ॥২৮ রবৌ চন্দ্রে শনৌ ষষ্ঠে দশমে লগ্নপো যদি। দ্বাবিংশতৌ শুভক্ষেত্রে গৌরীলোকাৎ সমাগতঃ ॥২৯॥ কোণে চন্দ্রে গুরৌ শুক্রে ভার্গবে দ্বাদশে স্থিতে। চন্দ্রে বা জীবসংযুক্তে বিষ্ণুলোকাৎ সমাগতঃ ॥ ৩০ ॥ মেষে ভৌমে গুরৌ ষষ্ঠে ভৌমমন্দ যুতো ভবেৎ। কীটে লগ্নে রবৌ জীবে চতুর্থে রজনীকরে। বুধ শুক্রৌ জীব যুক্তৌ শিবলোকাৎ সমাগতঃ ॥ ৩১ ॥ দশমস্থে জীব শুক্রে সপ্তমে চ গুরৌ কুজে। শুভগ্রহযুতে দৃষ্টে ধর্ম্মলোকাৎ সমাগতঃ ॥৩২॥ কুজে মন্দে বুধে জীবে লগ্নে বা সপ্তমে চ বৈ। রাহুণা সহিতে ভানৌ পাতালাচ্চ সমাগতঃ ॥ ৩৩ ॥ রবৌ চন্দ্রে বুধে শুক্রে জীবে ভৌমে বুধেহর্কজে। রাহুণা সহিতে মন্দে ভৌম লোকাৎ সমাগতঃ ॥৩৪॥ গুরৌ লগ্নে বুধে বাপি দ্বিতীয়ে ভার্গবে রবিঃ। রাহু চন্দ্র যুতো বাপি শুক্রলোকাৎ সমাগতঃ ॥৩৫॥ দ্বিতীয়ে চন্দ্রজে চন্দ্রে গুরুণা দৃশ্যতে যদি। দশমে ভৌমশুক্রৌ চ শুক্রলোকাৎ সমাগতঃ ॥ ৩৬ ॥ জীব শুক্রে ক্ষপানাথে সূর্য্যপুত্রেণ সংযুতে। সৌরিণা দৃশ্যতে লগ্নং শনিলোকাৎ সমাগতঃ ॥ ৩৭ ॥

সুগমম্।

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত ও প্রকাশিত ফলিত জ্যোতিষে বিবিধ যোগ ও পূর্ব্বজন্ম জ্ঞান সমাপ্ত।

---

## বৃহজ্জাতকে আধানাধ্যায়ঃ।

কুজেন্দুহেতু প্রতিমাস মার্ত্তবং
গতে তু পীড়র্ক্ষমনুষ্ণ দীধিতৌ।
অতোঽন্যথাস্থে শুভপুংগ্রহেক্ষিতে
নরেণ সংযোগমুপৈতি কামিনী ॥ ১ ॥

বালিকা, বৃদ্ধা, রোগগ্রস্তা ভিন্ন স্ত্রীলোকের প্রতি মাসে রজো যোগ হয়। চন্দ্র ও মঙ্গল এই দুই গ্রহ নারীর রজো যোগের প্রধান কারণ, চন্দ্র হইতে জল, মঙ্গল হইতে অগ্নি এই দুইটী মিশ্রিত হইলে পিত্ত উৎপন্ন হয়, ঐ পিত্ত শরীরস্থ রক্ত সঞ্চালিত করিয়া নিঃসারিত করে।

নারীর জন্ম লগ্ন হইতে তৃতীয়, ষষ্ঠ দশম একাদশ ভিন্ন স্থানে চন্দ্র থাকিলে ঐ চন্দ্রের প্রতি মঙ্গলের দৃষ্টি সময়ে যে রজো যোগ হইবে সেই ঋতুতে গর্ভগ্রহণ হয়। ঋতুর প্রথম দিবস হইতে ষোড়শ দিবস পর্য্যন্ত গর্ভগ্রহণের সময়, এই ষোড়শ দিবস মধ্যে পুরুষের জন্ম লগ্ন হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশ স্থানগত চন্দ্র বৃহস্পতি কিম্বা অন্য কোন শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে যদি সঙ্গম হয়, তবে নিশ্চয় গর্ভ গ্রহণ হইবে।

এই বিষয়ে মুনিগণ প্রণীত বহুল বচন দৃষ্ট হয়, তন্মধ্যে বাদরায়ণোক্ত দুইটী বচন উদ্ধৃত করাগেল। যথা

"স্ত্রীণাং গতোঽনুপচয়র্ক্ষ মনুষ্ণ রশ্মিঃ সংদৃশ্যতে যদি ধরাতনয়েন তাসাম্। গর্ভগ্রহার্ত্তব মুশন্তি তদা ন বন্ধ্যা, বন্ধ্যাতুরাস্পবয়সা মপি চেত্তদিষ্টম্॥ ১

পুরুষোপচয়স্থো গুরুণা যদি দৃশ্যতে হিমময়ূখঃ।

স্ত্রী পুরুষ সংপ্রয়োগাৎ ভবা বদেদন্যথানৈব॥ ২॥

গর্ভোৎপত্তি সময়ে যে লগ্ন হইবে সেই লগ্ন হইতে স্থান বিশেষে গ্রহগণের অবস্থিতি দ্বারা গর্ভস্থ সন্তানের আকারাদির যে বৈলক্ষণ্য হয়, তাহা পশ্চাৎ বিবৃত করা যাইবে॥ ১

যথাস্ত রাশির্মিথুনং সমেতি তথৈব বাচ্যো মিথুনপ্রয়োগঃ।

অসদ্গ্রহা লোকিত সংযুতেস্তে সরোষ ইষ্টৈঃ স বিলাস হাসঃ॥২॥

গর্ভ গ্রহণ কালে, সন্তানের জন্ম কালে অথবা প্রশ্ন সময়ে যে লগ্ন হইবে তাহা হইতে সপ্তম স্থান যে রাশি তদ্দ্বারা সঙ্গম প্রকার অর্থাৎ কিরূপে স্ত্রী পুরুষের সঙ্গম হইয়াছিল তাহা নিরূপণ করিবে।

ঐ সপ্তম স্থান যে রূপ রাশি অর্থাৎ দ্বিপদ, চতুষ্পদ বা সরীসৃপ ইত্যাদি হইবে। সেই রূপ অর্থাৎ দ্বিপদ চতুষ্পদাদির ন্যায় সঙ্গম হইয়াছে, নিশ্চয় করিবে। বিশেষ সপ্তম স্থানে পাপগ্রহ থাকিলে সঙ্গম কালে কলহ প্রভৃতি দ্বারা অসন্তোষে ও শুভগ্রহ থাকিলে হাস্য পরিহাসাদি দ্বারা সুখে সঙ্গম হইয়াছে জানিবে॥ ২॥

রবীন্দুশুক্রাবনিজৈঃ স্বভাগগৈ

গুরৌ ত্রিকোণোদয় সংস্থিতেঽপি বা।

ভবত্যপত্যং হি বিবীজিনা মিমে

করা হিমাংসোর্ব্বিদৃশামিবা ফলাঃ॥ ৩॥

যদি সঙ্গমকালে রবি, চন্দ্র, শুক্র ও মঙ্গল ইহারা যে কোন রাশি স্থিত হইয়া স্বীয় নবাংশগত হয়, তবে নিশ্চয় আধান অর্থাৎ গর্ভগ্রহণ হইয়াছে জানিবে।

স্বল্প জাতকমতে উক্ত রূপ যোগ না থাকিলেও যদি পুরুষের জন্ম লগ্ন হইতে উপচয় অর্থাৎ তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশ ইহাদিগের মধ্যে কোন গৃহে স্বীয় নবাংশে সূর্য্য ও শুক্র অবস্থিতি করেন কিম্বা নারীর জন্ম লগ্ন হইতে ঐ তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশ ইহাদিগের কোন গৃহে স্বীয় নবাংশে চন্দ্র ও মঙ্গল থাকেন তবে গর্ভগ্রহণ হইয়াছে বোধ করিবে।

অপর, সঙ্গম কালে যদি পঞ্চম বা নবম স্থানে বৃহস্পতির অবস্থিতি থাকে তাহা হইলে গর্ভগ্রহণ নিশ্চয় জানা যাইবে।

উক্ত যোগ সকল অন্ধের পক্ষে চন্দ্র কিরণের ন্যায় বিবীজ অর্থাৎ বীর্য্য রহিত স্ত্রী পুরুষের পক্ষে বিফল॥ ৩

দিবাকরেন্দ্বোঃ স্মরগৌ কুজার্কজৌ

গদপ্রদৌ পুরুষ যোষিতো স্তদা।

ব্যয়স্বগৌ মৃত্যুকরৌ যুতৌ তথা

তদেকদৃষ্ট্যা ... ব কল্পিতৌ॥ ৪॥

স্ত্রী পুরুষের সঙ্গম কালে যে রাশি ...
সেই রাশি হইতে সপ্তম রাশিতে ...
স্থিতি করে, তাহা হইলে পুরুষের ...
যে রাশিতে চন্দ্র থাকিবে সেই রাশি হইতে ...
শনি ও মঙ্গল থাকিলে স্ত্রীর পীড়া হইবে।
দ্বাদশ কিম্বা দ্বিতীয় স্থানে শনি ও মঙ্গল থাকিলে পুরুষের এবং চন্দ্র হইতে দ্বাদশ বা দ্বিতীয় স্থানে শনি ও মঙ্গল থাকিলে স্ত্রীর মৃত্যু হয়। আর রবি ও চন্দ্রের সহিত শনি ও মঙ্গল যুক্ত হইলে কিম্বা একের যোগ অপরের দৃষ্টি থাকিলে স্ত্রী ও পুরুষ উভয়ের মৃত্যু হয়॥৪॥

দিবার্কশুক্রৌ পিতৃমাতৃ সংজ্ঞিতৌ

শনৈশ্চরেন্দূ নিশি তদ্বিপর্য্যয়াৎ।

পিতৃবা মাতৃষ্বস্সংজ্ঞিতৌ চ তা
বথোক্ত যুগ্মর্ক্ষ গতৌ তয়োঃ শুভৌ ॥ ৫ ॥

গর্ভ গ্রহণ বা জন্ম, দিবাতে হইলে রবির পিতৃসংজ্ঞা, শুক্রের মাতৃসংজ্ঞা রাত্রিতে জন্ম হইলে শনির পিতৃসংজ্ঞা, চন্দ্রের মাতৃসংজ্ঞা হয়। এবং তদ্বিপরীতে অর্থাৎ দিবাতে জন্ম হইলে শনির পিতৃব্যসংজ্ঞা, চন্দ্রের মাতৃষ্বস্সংজ্ঞা, রাত্রিতে জন্ম হইলে রবির পিতৃব্যসংজ্ঞা শুক্রের মাতৃষ্বস্-সংজ্ঞা জানিবে। এইরূপ সংজ্ঞা করিবার তাৎপর্য্য এই যে উক্ত গ্রহ [illegible] অবস্থিতি ও বলাবলাদি দ্বারা জাত বালকের পিতা, মাতা, পিতৃব্য ও মাসী ইহাদিগের শুভাশুভ নির্ণয় হইয়া থাকে।

জাতবালকের দিবাতে জন্ম হইলে যদি রবি বিষম রাশি অর্থাৎ মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু ও কুম্ভ ইহাদের কোন এক রাশিস্থিত হয়, তবে পিতার শুভ এবং ঐ রূপ রাত্রিতে জন্ম হইলে পিতৃব্যের শুভ জানিবে। দিবাতে জন্ম হইলে যদি শুক্র বিষম রাশিস্থিত হয় তবে মাতার শুভ

* বৃহজ্জাতক কার প্রভৃতি গ্রন্থ কর্ত্তা জাত বালকের জন্ম পত্রিকা দৃষ্টে ঐ জাতকের পিতা, মাতা ও ভ্রাতা প্রভৃতির শুভাশুভ গণনার উপদেশ প্রদান করিয়াছেন, কিন্তু যে, সিবিলি সাহেব তাহার স্বীয় পুস্তকে জাত বালকের জন্ম কালে রবি প্রভৃতি গ্রহের স্থিতি অনুসারে যে প্রকার পিতামাতাদিগের জন্ম পত্রিকা কল্পনা করিয়া জাত বালকের জন্মাবধি তাহাদিগের শুভাশুভ ফল গণনার প্রণালী প্রকাশ করিয়াছেন তাহা উক্ত পুস্তক হইতে উদ্ধৃত করিয়া নিম্নে প্রকাশ করা গেল।

উক্ত গণনার প্রণালী এই, প্রথমতঃ দেখিবে যে জাত বালকের জন্ম দিবাতে কি রাত্রিতে হইয়াছে, -যদি দিবাতে জন্ম হইয়া থাকে, এবং পিতার শুভাশুভ ফল নির্ণয় করিতে হয়, তাহা হইলে জাত বালকের জন্মপত্রিকায় রবি গ্রহ কোন রাশির কত অংশে এবং রাত্রিতে জন্ম হইলে শনি গ্রহ কোন রাশির কোন অংশে অবস্থিতি করিতেছেন, তাহা নিরূপণ করিয়া সেই সেই রাশির অর্থাৎ লগ্নের তত অংশে পিতার জন্ম হইয়াছে, এই রূপ কল্পনা করিবে, পরে যথাবিধি দশমাদি লগ্ন, অংশ ও গ্রহ সংস্থাপন করিয়া একটী জন্ম কুণ্ডলী অঙ্কিত করিয়া তাহা দৃষ্টে শুভাশুভ ফল গণনা করিবে।

যদি মাতার শুভাশুভ ফল গণনা করিতে হয়, তাহা হইলে জাত বালকের দিবাতে জন্ম হইলে শুক্র গ্রহ কোন রাশির কত অংশে এবং রাত্রিতে জন্ম হইলে চন্দ্রগ্রহ কোন রাশির কত অংশে অবস্থিতি করিতেছেন তাহা নিরূপণ করিবে। পরে উক্ত প্রণালী মতে জন্ম কুণ্ডলী অঙ্কিত করিয়া লগ্ন নির্ণয় ও গ্রহসংস্থাপন পূর্ব্বক জাত বালকের জন্মাবধি মাতার শুভা- শুভ ফল গণনা করিবে এবং ভ্রাতাদির শুভাশুভ গণনা করিতে হইলে সহোদরাদি স্থানের গ্রহ দ্বারা ও অন্যান্য প্রণালীমতে শুভাশুভ ফল গণনা হয়, তাহা নিম্নে যে, সিবিলি সাহেবের পুস্তক হইতে উদ্ধৃত করা গেল।

পিতা মাতা প্রভৃতির শুভাশুভ ঘটনা দ্বারা জাত বালকের জন্ম পত্রিকা সংশোধন হইয়া থাকে।

–Thus from the nativity of [illegible]hild, may the principal concerns of the father and mother be sought out, [illegible]ined ; and such i[illegible] [illegible]npathy existing by this bond of nature and consanguinity, that little [illegible] be found, if compared with the proper nativity of each parent.

[illegible]eement in such cases with correctness, separate schemes must be erected for the father and [illegible]wing rule. In the figure erected for the father, if the nativity be diurnal, note the [illegible]e Sun is posited in the child's nativity, and make that the degree ascending upon the ho[illegible] father ; and conformable to that, order the cusps of all the other houses, by the rules here[illegible]wn. If the figure be erected for the mother, then take the degree of Venus, instead of the Sun, in all other respects the same. But if the nativity be nocturnal, take the degree of Saturn for the father, and that of the Moon for the mother. And in all these cases it must be observed, that the nativity of the first-born is to be preferred, than that of the second, and so on. And that whatever is prenoted in relation to the parents from these figures, is only such as shall happen to them after the birth of the child, and not to any thing before. The time in which any or each of these events will happen, is to be sought out by the archs of direction, or distances of that star which hath the dominion, in respect of the Sun, and the angles of the world ; and this I shall make perfectly easy to the meanest understanding, when I come to treat of directions in general.

Now the next consideration in the native's geniture, is the place of brethren, and this is taken from the sign on the mid-heaven, and the maternal place, which is the position of Venus by day, and the Moon by

এবং ঐরূপ রাত্রিতে জন্ম হইলে মাসীর শুভ জানিবে। রাত্রিতে জন্ম হইলে যদি শনি বিষম রাশিস্থিত হয় তবে পিতার শুভ এবং ঐরূপ দিনে জন্ম হইলে পিতৃব্যের শুভ নিশ্চয় করিবে।

রাত্রিতে জন্ম হইলে যদি চন্দ্র বিষম রাশিস্থিত হয় তবে মাতার শুভ এবং ঐ রূপ দিনে জন্ম হইলে মাসীর শুভ জানিবে।

দিবাতে জন্ম হইলে যদি রবি সমরাশি অর্থাৎ বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক, মকর ও মীন ইহাদের কোন এক রাশি গত হয় তবে পিতার অশুভ এবং ঐরূপ রাত্রিতে জন্ম হইলে পিতৃব্যের অশুভ জানিবে।

দিবাতে জন্ম হইলে যদি শুক্র সম রাশি গত হয় তবে মাতার অশুভ এবং ঐরূপ রাত্রিতে জন্ম হইলে মাসীর অশুভ নির্ণয় করিবে।

রাত্রিতে জন্ম হইলে যদি শনি সমরাশি গত হয়, তবে পিতার অশুভ এবং ঐরূপ দিবাতে জন্ম হইলে পিতৃব্যের অশুভ নিশ্চয় করিবে।

রাত্রিতে জন্ম হইলে যদি চন্দ্র সমরাশি গত হয় তবে মাতার অশুভ এবং ঐরূপ ,দিনে জন্ম হইলে মাসীর অশুভ জানিবে। ৫

অভিলসদ্ভিরুদয়র্ক্ষমসদ্ভির্ম্মরণমেতি শুভদৃষ্টি মযাতে।
উদয়রাশিসহিতে চ যমে স্ত্রী বিগলিতোড়ুপতি ভূসুতদৃষ্টে॥ ৬

গর্ভ গ্রহণ কালে কিম্বা প্রশ্ন সময়ে যে লগ্ন স্থির হইবে তাহা হইতে দ্বাদশ স্থানে যদি অনেক পাপগ্রহ থাকে এবং ঐ লগ্নে কোন শুভগ্রহের দৃষ্টি না থাকে কিম্বা উক্ত লগ্নে শনি থাকিলে যদি তাহাতে মঙ্গল ও ক্ষীণ-চন্দ্রের * দৃষ্টি থাকে তবে গর্ভিণীর মৃত্যু হয়। এই বিষয়ে গর্গাচার্য্য প্রণীত একটী বচন উদ্ধৃত করা গেল। যথা—

"অশুভৈর্ব্বাদশর্ক্ষস্থৈঃ শুভদৃষ্টি বিবর্জ্জিতৈঃ।
আধান লগ্নে মরণং যোষিতঃ প্রবদেদ্ বুধঃ,,। ৬
পাপদ্বয়মধ্য সংস্থিতৌ লগ্নেন্দূ ন চ সৌম্য বীক্ষিতৌ।
যুগপৎ পৃথগেব বা বদেৎ নারী গর্ভযুতা বিপদ্যতে॥ ৭॥

গর্ভগ্রহণ কালে যদি লগ্ন ও চন্দ্র উভয়ই পাপদ্বয় মধ্যগত হয়, অর্থাৎ দ্বিতীয় ও দ্বাদশ স্থানে রবি, মঙ্গল, শনি থাকে, তবে গর্ভবতী নারীর মৃত্যু হয়। কিন্তু লগ্ন ও চন্দ্র উভয়ই পাপদ্বয় মধ্যগত না হইয়া যদি লগ্ন বা চন্দ্র ইহাদের কোন একটী পাপদ্বয় মধ্যগত হয় তথাপি মৃত্যুযোগ জানিবে। ৭

ক্রূরৈঃ শশিনশ্চতুর্থগৈর্লগ্নাদ্বা নিধনাশ্রিতে কুজে।
বন্ধস্ত্যগয়োঃ কুজার্কয়োঃক্ষীণেন্দৌ নিধনায় পূর্ব্ববৎ॥ ৮॥

যে সময়ে গর্ভ গ্রহণ হইবে সে সময়ে যে রাশিতে চন্দ্র থাকে তাহা হইতে অষ্টম স্থানে মঙ্গল ও চতুর্থ স্থানে কোন পাপগ্রহ থাকিলে গর্ভবতী নারীর মৃত্যু হয়। গর্ভ-গ্রহণ সময়ে যে লগ্ন হইবে সেই লগ্ন হইতে অষ্টমে মঙ্গল, চতুর্থে পাপগ্রহ থাকে তবে গর্ভিণীর মৃত্যু জানিবে। অপর গর্ভগ্রহণ সময়ে ক্ষীণচন্দ্র হইলে যদি লগ্ন হইতে চতুর্থ স্থানে মঙ্গল ও দ্বাশ স্থানে রবি থাকে তাহা হইলে গর্ভবতী নারীর মৃত্যু হয়। ৮

night. For as this can only relate to children born of the same mother, this sig[n] it, being maternal, naturally constitutes the place of brethren.—

And here also we may observe, that from the geniture of one brother, the princip[al] another may be discovered, by constituting the place of the given planet as an hor[oscope] which has principal rule in the house of brethren, whether by day or night. The ruling planet, with the same degree he is found in, upon the ascendant, furnishing t[he] houses by this standard, as before stated in the case of parents.—

The foregoing speculations are deduced from an investigation of the position of the [time] of birth ; but in order to know whether the infant be male or female, during the st[ate] time of conception only must be considered,——

* কৃষ্ণ পক্ষের দশমী হইতে শুক্ল পক্ষের পঞ্চমী পর্য্যন্ত ক্ষীণ চন্দ্র।

উদয়াস্তগয়োঃ কুজার্করোর্নিধনং শস্ত্রকৃতং বদেত্তথা।
মাসাধিপতৌ নিপীড়িতে তৎকালং স্রবণং সমাদিশেৎ॥ ৯॥

গর্ভগ্রহণ সময়ে যে লগ্ন স্থির হইবে তাহাতে মঙ্গল ও তৎসপ্তমে রবি থাকিলে অস্ত্রাঘাতে গর্ভবতীর মরণ হইবে। মাসাধিপতি গ্রহ যৎকালে প্রপীড়িত হইবে সেই সময়ে নারীর গর্ভপাত জানিবে। ইহার বিশেষ বিবরণ ষোড়শ শ্লোকে প্রকাশ হইবে। ৯

শশাঙ্কলগ্নোপগতৈঃ শুভগ্রহৈ
স্ত্রিকোণ জায়ার্থ সুখাস্পদস্থিতৈঃ।
তৃতীয় লাভর্ক্ষ গতৈশ্চ পাপকৈঃ
সুখী তু গর্ভো রবিণা নিরীক্ষিতঃ॥ ১০॥

গর্ভগ্রহণ কালে যদি লগ্ন ও চন্দ্র, শুভগ্রহ অর্থাৎ বুধ, বৃহস্পতি, শুক্র ইহাদের মধ্যে কোন গ্রহের সহিত যুক্ত হয়, কিম্বা লগ্ন ও চন্দ্র হইতে দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম, সপ্তম, নবম বা দশম স্থানে শুভগ্রহ থাকে এবং তৃতীয় কিম্বা একাদশ স্থানে পাপগ্রহ অর্থাৎ রবি, মঙ্গল, শনি বা রাহু থাকে এবং লগ্নে ও চন্দ্রে রবির দৃষ্টি হয়, তবে গর্ভিণী সুখে সন্তান প্রসব করে। ১০

ওজর্ক্ষে পুরুষাংশকেষু বলিভির্লগ্নার্কগুর্বিন্দুভিঃ
পুংজন্ম প্রবদেৎ সমাংশকগতৈর্যুগ্মেষু তৈর্যোষিতঃ।
গুর্ব্বর্কৌ বিষমে নরং শশিসিতৌ বক্রশ্চ যুগ্মে স্ত্রিয়ং
দ্ব্যঙ্গস্থা বুধবীক্ষণাচ্চ যমলৌ কুর্ব্বন্তি পক্ষে স্বকে॥ ১১॥

গর্ভ গ্রহণ কালে জন্ম কালে বা প্রশ্ন কালের লগ্ন ও গ্রহ দ্বারা পুত্র কিম্বা কন্যার জন্ম নিশ্চয় করিবে।

যদি [illegible] শির নবাংশ জন্ম বা গর্ভ [illegible] রবি বৃহস্পতি ও চন্দ্র ইহারা [illegible]র নবাংশ গত হয়, তবে সেই [illegible] আর সম রাশিতে সম রাশির [illegible]নর লগ্ন হইলে যদি বলবান রবি, [illegible]ান সমরাশিতে সম রাশির নবাংশ- [illegible] কন্যার জন্ম নিশ্চয় করিবে। অপর [illegible] যে কোন নবাংশস্থিত হইয়া বিষম [illegible] এবং বলবান্ চন্দ্র, শুক্র বা মঙ্গল যে কোন নবাংশগত হইয়া সম রাশিস্থিত হইলে কন্যা জন্মিবে।

বলবান্ রবি কিম্বা বৃহস্পতি যে কোন রাশিস্থিত হইয়া মিথুন বা ধনুর নবাংশ গত হইলে যদি ঐ দুই গ্রহের প্রতি বুধের দৃষ্টি থাকে, তাহা হইলে যমজ পুত্র জন্মিবে। চন্দ্র, শুক্র ও মঙ্গল যে কোন রাশিস্থিত হইয়া কন্যা বা মীনের নবাংশ গত হইলে যদি ঐ তিন গ্রহের প্রতি বুধ গ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে যমজ কন্যার জন্ম নিশ্চয় করিবে। ১১

বিহায় লগ্নং বিষমর্ক্ষ সংস্থঃ
সৌরোঽপি পুংজন্মকরো বিলগ্নাৎ।
প্রোক্তগ্রহাণা মবলোক্য বীর্য্যং
বাচ্যঃ প্রসূতৌ পুরুষোঽঙ্গনা বা॥ ১২

যদি গর্ভ গ্রহণলগ্ন বা জন্মলগ্ন হইতে তৃতীয়, পঞ্চম, সপ্তম, নবম ও একাদশ ইহাদের কোন এক রাশিতে শনি থাকে, তাহা হইলে পুত্র জন্ম নিশ্চয় জানিবে।

যদি পুত্রজন্ম যোগ ও কন্যাজন্ম যোগ উভই একদা সম্ভব হয়, তাহা হইলে যোগকারক গ্রহ গণের বলাবল বিবেচনায় পুত্র কন্যার জন্ম স্থির করিবে। অর্থাৎ যেই যোগ কারক গ্রহ বলবান্ থাকিবে সেই সন্তান হইবে। ১২

অন্যোঽন্যং যদি পশ্যতঃ শশিরবী যদ্যার্কিসৌম্যা বপি।
বক্রো বা সমগং দিনেশ মসমে চন্দ্রোদয়ৌ চেৎ স্থিতৌ।
যুগ্মৌজর্ক্ষগতা বপীন্দুশশিজৌ ভূম্যাত্মজেনেক্ষিতৌ।
পুং ভাগে সিতলগ্নশীতকিরণাঃ ষট ক্লীবযোগা অমী॥ ১৩

যদি গর্ভসঞ্চার কালে সমরাশিস্থিত চন্দ্র ও বিষম রাশিস্থিত সূর্য্য ইহারা পরস্পরের প্রতি দৃষ্টি করে, তাহা হইলে সেই গর্ভে নপুংসক সন্তান জন্মিবে।

যদি গর্ভসঞ্চার কালে সমরাশি গত শনি ও বিষম রাশি গত বুধ ইহারা পরস্পরের প্রতি দৃষ্টি করে, তাহা হইলে সেই গর্ভে ক্লীব সন্তান হইবে।

বিষম রাশি গত মঙ্গল ও সম রাশি গত রবি ইহারা পরস্পরের প্রতি দৃষ্টি করিলে নারীর গর্ভে নপুংসক সন্তান হইবে।

বিষম রাশি গত চন্দ্রে ও লগ্নে সমরাশিস্থিত মঙ্গলের দৃষ্টি থাকিলে সেই গর্ভে নপুংসক সন্তান জন্মিবে।

সম রাশি গত চন্দ্র ও বিষম রাশিস্থিত বুধের প্রতি যে কোন রাশিস্থিত মঙ্গলের দৃষ্টি থাকিলে ক্লীব সন্তান হইবে।

যে কোন রাশিস্থিত শুক্র, লগ্ন ও চন্দ্র ইহারা মিথুন, তুলা, কুম্ভ, কন্যা ও ধনু ইহাদের কোন এক রাশির পূর্ব্বার্দ্ধগত কোন নবাংশে থাকিলে, ক্লীব সন্তানের জন্ম হইবে। ১৩

যুগ্মে চন্দ্রসিতৌ তথৌজভবনে স্যুর্জ্জার জীবোদয়াঃ।
লগ্নেন্দূ নৃনিরীক্ষিতৌ চ সমগৌ যুগ্মেষু বা প্রাণিনঃ।
কুর্য্যস্তে মিথুনংগ্রহোদয়গতান্ দ্ব্যঙ্গাংশকান্ পশ্যতি।
স্বাংশে জ্ঞে ত্রিতয়ংজ্ঞগাংশকবশাদ্ যুগ্মংত্বমিশ্রৈঃ সমং॥ ১৪

গর্ভ সঞ্চার কালে চন্দ্র ও শুক্র সম রাশিস্থিত হইলে যদি মঙ্গল, বুধ, বৃহস্পতি ও লগ্ন ইহারা বিষমরাশি গত হয়, তাহা হইলে সেই গর্ভে একটী পুত্র একটী কন্যা জন্মিবে।

লগ্ন ও চন্দ্র সমরাশি গত হইলে যদি ঐ লগ্নে ও চন্দ্রের প্রতি রবি, মঙ্গল ও বৃহস্পতি এই তিন গ্রহের কিম্বা ইহাদের মধ্যে দুই বা এক গ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে একটী পুত্র ও একটী কন্যা জন্মিবে।

যদি মঙ্গল, বুধ, বৃহস্পতি ও লগ্ন ইহারা বলযুক্ত হইয়া সম রাশি গত হয়, তাহা হইলে একটী পুত্র ও একটী কন্যা জন্মিবে।

বুধ ভিন্ন সমস্ত গ্রহ ও লগ্ন যদি মিথুন, কন্যা, ধনু, ও মীন ইহাদের মধ্যে কোন রাশির নবাংশ গত হয়, এবং বুধ গ্রহ মিথুন বা কন্যার নবাংশে অবস্থিতি করিয়া ঐ সকল গ্রহে ও লগ্নের প্রতি দৃষ্টি করে, তাহা হইলে এক গর্ভে তিনটী সন্তান জন্মিবে। ইহার বিশেষ এই যে যদি ঐ বুধ গ্রহ মিথুনের নবাংশ গত হয়, তাহা হইলে দুইটী পুত্র একটী কন্যা এবং কন্যার নবাংশ গত হইলে দুইটী কন্যা একটী পুত্র জন্মিবে। ঐ সমস্ত গ্রহ ও লগ্ন মিথুন বা ধনুর নবাংশ গত হইলে তিনটী পুত্র ও মীন বা কন্যার নবাংশ গত হইলে তিনটী কন্যা জন্মিবে। ১৪

ধনুর্দ্ধরস্যান্ত্যাংশ গতে বিলগ্নেগ্রহৈস্তদংশোপগতৈর্ব্বলিষ্ঠৈঃ।
জ্ঞেনাকিণা বীর্য্যযুতেন দৃষ্টে সন্তি প্রভূতা অপিকোষসংস্থাঃ॥ ১৫

ধনু লগ্নে ধনুর নবাংশ যদি গর্ভ সঞ্চারের লগ্ন হয়, এবং সমস্ত গ্রহ বলবিশিষ্ট হইয়া যে কোন রাশি গত ধনুর নবাংশে অবস্থিতি করে, ও ঐ লগ্নে বলবান্ বুধ এবং শনির দৃষ্টি থাকে, তাহা হইলে সেই গর্ভে অনেক সন্তান জন্মিবে। ১৫

কলল ঘনাঙ্কুরাস্থি চর্ম্মাঙ্গজ চেতনাঃ
সিত কুজজীব সূর্য্য চন্দ্রার্কি বুধাঃ পরতঃ।
উদয়পচন্দ্র সূর্য্যনাথাঃ ক্রমশো গদিতা
ভবতি শুভাশুভঞ্চ মাসাধিপতেঃ সদৃশং॥ ১৬

গর্ভ সঞ্চারের পর প্রথম মাসের অধিপতি শুক্র এবং এই মাসে শুক্র শোণিত মিশ্রিত হয়, দ্বিতীয় মাসের অধিপতি মঙ্গল এই মাসে উক্ত মিশ্রিত শুক্র শোণিত ঘনীভূত হইয়া পিণ্ডাকৃতি হয়, তৃতীয় মাসের অধিপতি বৃহস্পতি এই মাসে ঐ শুক্র শোণিত সম্ভূত পিণ্ড হইতে অঙ্কুর অর্থাৎ হস্তপদাদি জন্মে। চতুর্থ মাসের অধিপতি সূর্য্য এই মাসে অস্থি জন্মে, পঞ্চম মাসের অধিপতি চন্দ্র এই মাসে চর্ম্ম উৎপন্ন হয়, ষষ্ঠ মাসের অধিপতি শনি এই মাসে লোম জন্মে, সপ্তম মাসের অধিপতি বুধ এই মাসে চৈতন্য সঞ্চার হয়। অষ্টমাদি মাসে কোন অবয়ব জন্মে না মাতৃভুক্ত আহার দ্বারা সন্তান পুষ্ট হয়। যে লগ্নে গর্ভসঞ্চার হয়, সেই লগ্নাধিপতি গ্রহ অষ্টম মাসের অধিপতি, নবম মাসের অধিপতি চন্দ্র ও দশম মাসের অধিপতি সূর্য্য। যে মাসের অধিপতি যে গ্রহ সেই গ্রহের অবস্থিতি ও বলাবল দৃষ্টে সেই মাসের শুভাশুভ নিশ্চয় করিবে। ১৬

ত্রিকোণগেজ্ঞে বিবলৈস্তথা পরৈ-
র্মুখাঙ্ঘ্রি হস্তৈর্দ্বি গুণৈস্তথা ভবেৎ।
অবাগ্‌গবীন্দ্রা বগুভৈর্ভগস্থিতৈঃ
শুভেক্ষিতশ্চেৎ কুরুতে গিরং চিরাৎ॥ ১৭

যে লগ্নে গর্ভ সঞ্চার হইবে সেই লগ্ন হইতে পঞ্চমে বা নবমে বুধ থাকিলে যদি অন্য সমস্ত গ্রহই দুর্ব্বল থাকে তাহা হইলে জাত সন্তানের দুই মস্তক, চারি হস্ত, কিম্বা

চারি পদ হয়। আর গর্ভ গ্রহণকালে বৃষ রাশিতে চন্দ্র থাকিলে যদি পাপগ্রহগণ কর্কট, বৃশ্চিক বা মীনের নবাংশ গত হয়, তাহা হইলে জাত বালক মূক অর্থাৎ বোবা হইবে। ঐ চন্দ্রের প্রতি যদি কোন শুভ গ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে জাত সন্তান অপেক্ষা কৃত অধিক বয়সে কথা কহিতে পারে। ১৭

সৌম্যর্ক্ষাংশে রবিজ রুধিরৌ চেৎ সদন্তোঽত্রজাতঃ
কুব্জঃ স্বর্ক্ষে শশিনি তনুগে মন্দমাহেয় দৃষ্টে॥
পঙ্গুর্মীনে যমশশিকুজৈ র্বীক্ষিতে লগ্নসংস্থে।
সন্ধৌ পাপে শশিনি চ জড়ঃ স্যান্নচেৎ সৌম্য দৃষ্টঃ॥ ১৮

গর্ভ সঞ্চার কালে যদি শনি ও মঙ্গল যে কোন রাশি-স্থিত হইয়া কন্যা বা মিথুনের নবাংশ গত হয়, তাহা হইলে দন্ত সহিত বালকের জন্ম হয়।

চন্দ্র স্বীয় গৃহে অর্থাৎ কর্কট রাশিতে অবস্থিতি করিলে যদি ঐ কর্কট লগ্নে গর্ভাধান হয়, এবং ঐ চন্দ্রের প্রতি শনি ও মঙ্গলের দৃষ্টি থাকে, তবে জাত বালক কুব্জ অর্থাৎ কুঁজো হয়।

মীন লগ্নে গর্ভ সঞ্চার হইলে যদি ঐ মীন লগ্নে শনি, মঙ্গল, ও চন্দ্রের দৃষ্টি থাকে, তবে জাত সন্তান পঙ্গু অর্থাৎ খোঁড়া হয়।

গর্ভসঞ্চার কালে যদি রবি, মঙ্গল, শনি ও চন্দ্র ইহারা কর্কট, বৃশ্চিক বা মীনের শেষ নবাংশ গত হয় তবে জাত সন্তান বধির অর্থাৎ কালা হয়। উক্ত যোগ চতুষ্টয় কারক গ্রহগণের প্রতি যদি কোন শুভ গ্রহের দৃষ্টি না থাকে, তবেই কথিত রূপ ফল হইবে। আর শুভ গ্রহের দৃষ্টি থাকিলে বিশেষ রূপ বিবেচনা করিয়া ফল নিশ্চয় করিবে॥ ১৮

সৌরশশাঙ্কদিবাকরদৃষ্টে বামনকো মকরান্ত্যবিলগ্নে।
ধীনবমোদয়গৈশ্চ দৃকাণৈঃ পাপযুতৈ রভুজাঙ্ঘ্রি শিরাঃ স্যাৎ। ১৯

মকরের শেষ নবাংশ গর্ভসঞ্চারের লগ্ন হইলে যদি তাহাতে রবি, চন্দ্র ও শনির দৃষ্টি থাকে, তবে জাত সন্তান বামন অর্থাৎ খর্ব্বাকৃতি হয়।

লগ্নের প্রথম দ্রেক্কাণে গর্ভসঞ্চার হইলে যদি ঐ দ্রেক্কাণে শনি, রবি বা চন্দ্রের দৃষ্টি ও মঙ্গল গ্রহের যোগ থাকে তাহা হইলে গর্ভস্থ সন্তান মস্তক বিহীন হইবে।

লগ্নের দ্বিতীয় দ্রেক্কাণে গর্ভসঞ্চার হইলে যদি তাহাতে শনি, রবি বা চন্দ্রের দৃষ্টি ও মঙ্গল গ্রহের যোগ থাকে, তবে গর্ভস্থ সন্তান পদ বিহীন হইবে।

লগ্নের তৃতীয় দ্রেক্কাণে গর্ভসঞ্চার হইলে যদি তাহাতে শনি, রবি বা চন্দ্রের দৃষ্টি ও মঙ্গল গ্রহের যোগ থাকে তবে গর্ভস্থসন্তান হস্ত বিহীন হইবে॥ ১৯

রবি শশিযুতে সিংহে লগ্নে কুজার্কিনিরীক্ষিতে
নয়নরহিতঃ সৌম্যা সৌম্যৈঃ সবুদ্বুদলোচনঃ।
ব্যয় গৃহগতশ্চন্দ্রো বামং হিনস্ত্যপরং রবি-
র্ন শুভ গদিতা যোগা যাপ্যাভবন্তি শুভেক্ষিতাঃ॥ ২০

সিংহ লগ্নে গর্ভাধান বা জন্ম হইলে তাহাতে যদি রবি ও চন্দ্র থাকেন এবং ঐ লগ্নে মঙ্গল বা শনির দৃষ্টি থাকে তবে সন্তান অন্ধ হইবে।

ইহার বিশেষ এই যে যদি ঐ আধান লগ্নে রবি অবস্থিতি করেন ও শনি মঙ্গলের দৃষ্টি থাকে তবে সন্তান দক্ষিণ চক্ষু হীন এবং ঐ লগ্নে চন্দ্র অবস্থিতি করিলে যদি শনি মঙ্গলের দৃষ্টি থাকে তবে সন্তান বাম চক্ষু হীন হইবে।

ঐ আধান লগ্নে যদি রবি ও চন্দ্রের যোগ থাকে এবং শুভাশুভ গ্রহের দৃষ্টি থাকে তবে সন্তান বুদ্বুদ লোচন অর্থাৎ ছোট চক্ষু হয়।

ঐ রূপ আধান বা জন্ম লগ্নের দ্বাদশস্থান স্থিত চন্দ্র শনি ও মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইলে সন্তানের বাম চক্ষু ও ঐ দ্বাদশ স্থান গত রবি, শনি ও মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইলে দক্ষিণ চক্ষু নষ্ট হইবে।

পূর্ব্ব কথিত যোগ কারক গ্রহ গণের বলাবল বিবেচনায় যোগের শুভাশুভ ফলের তারতম্য নিশ্চয় করিবে॥ ২০

তৎকালমিন্দুসহিতো দ্বিরসাংশকোয-
স্তত্র ন্যারাশি সহিতে পুরতঃ শশাঙ্কে।
যাবান্ হ্রদেতি দিনরাত্রি সমানভাগো
তাবদ্ গতে দিননিশোঃ প্রবদন্তি জন্ম॥ ২১

আধান কালে বা প্রশ্ন কালে চন্দ্র যে রাশির যে দ্বাদশাংশে অবস্থিতি করিবেন, দশম মাসে যে দিবসে সেই রাশির সেই দ্বাদশাংশে চন্দ্র উদিত হইবেন সেই দিবসে প্রসব হইবে।

অপর আধান কালে চন্দ্র যত সংখ্যক দ্বাদশাংশে অবস্থিতি করিবেন মেষ অবধি গণনা করিয়া তত সংখ্যক রাশিতে চন্দ্র যে দিবসে গমন করিবেন সেই দিবসে প্রসব হইবে।

গর্ভাধান কালে যে রাশির যত সংখ্যক দ্বাদশাংশে চন্দ্র অবস্থিতি করিবেন দশম মাসে সেই রাশি হইতে গণনা করিয়া তত সংখ্যক রাশিতে যে দিবসে চন্দ্র গমন করিবেন, সেই দিবসে প্রসব হইবে।

যদি গর্ভাধান কালে সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক ও কুম্ভ ইহাদের মধ্যে কোন এক লগ্ন হয়, তবে দিবাতে প্রসব হইবে এবং মেষ, বৃষ, মিথুন, কর্কট ধনু ও মকর ইহাদের কোন এক লগ্ন হয় তবে রাত্রিতে জন্ম হইবে। আর যদি মীনলগ্নে গর্ভাধান হয় তবে দিবাতে ও প্রসব হইতে পারে রাত্রিতে ও প্রসব হইতে পারে।

গর্ভাধান কালে লগ্নের যত অংশ গত হইবে জন্ম-লগ্নের তত অংশ গতে প্রসব হইবে॥ ২১

উদয়তি মৃদুভাংশে সপ্তমস্থে চ মন্দে
যদি ভবতি নিষেকঃ সূতিরব্দত্রয়েণ।
শশিনি তু বিধিরেষ দ্বাদশেঽব্দে প্রকুর্য্যা
ন্নিগদিত মিহচিন্ত্যং সূতিকালেঽপি যুক্ত্যা॥ ২২

যদি মকর বা কুম্ভের নবাংশ আধান লগ্ন হয় এবং ঐ লগ্ন হইতে সপ্তম স্থানে শনি থাকেন তবে তিন বৎসর পরে প্রসব হইবে।

অপর যদি কর্কটের নবাংশ গর্ভাধান লগ্ন হয় এবং লগ্ন হইতে সপ্তম স্থানে চন্দ্র থাকে তবে দ্বাদশ বর্ষ পরে প্রসব হইবে।*

ইতি বৃহজ্জাতকে আধানাধ্যায়ঃ।

---

* যে লগ্নে আধান অর্থাৎ গর্ভাধান হইবে সেই লগ্ন নির্ণয় করিয়া তদ্দ্বারা গর্ভস্থ সন্তান দুর্ব্বল কি সবল, স্ত্রী কি পুরুষ, কি যমজ পূর্ণদেহ কি অপূর্ণ দেহ, এবং যথা কালে কি অকালে প্রসব হইবে ইত্যাদি গণনা হইয়া থাকে। এবং ইহা দ্বারা জন্ম লগ্ন ও সংশোধন হয়। ঐ আধান কালের লগ্ন কিরূপে নিরূপণ করিতে হইবে তাহা মেঃ সিবিলী নামক একজন ইংলণ্ডীয় জ্যোতির্ব্বিদ্ পণ্ডিত কোন প্রাচীন গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া তাহার স্বীয় গ্রন্থে সন্নিবেশিত করিয়াছেন তাহা পাঠক বর্গের পরি জ্ঞানার্থে উক্ত মেঃ সিবিলী সাহেবের পুস্তক হইতে উদ্ধৃত করিয়া ইংরাজী ভাষায় লিখিত হইল, মেঃ সিবিলী সাহেব যে প্রাচীন গ্রন্থ হইতে আধান বিষয়ের গণনা উদ্ধৃত করিয়াছেন সেই প্রাচীন গ্রন্থকার মেঃ হারমিজ সাহেব আধানের এইরূপ সিদ্ধান্ত করিয়াছেন যে আধান অর্থাৎ গর্ভাধান কালে যে রাশির যে অংশে চন্দ্র অবস্থিতি করে, সেই রাশির সেই অংশে গর্ভস্থ সন্তানের জন্ম হইয়া থাকে।

প্রসিদ্ধ জ্যোতির্ব্বিদ্ পণ্ডিত মেঃটলমি সাহেবের মত এই যে জন্ম কালে যে, রাশিতে চন্দ্র অবস্থিতি করেন, সেই রাশি আধান অর্থাৎ গর্ভ সঞ্চারের লগ্ন হয়, এবং ইহাও বলেন যে, গর্ভাধান কালে যে রাশিতে চন্দ্র স্থিত থাকেন সেই লগ্ন কিম্বা তাহার বিপরীত অর্থাৎ সপ্তমে যে রাশি হইবে তাহাই জন্ম লগ্ন হইয়া থাকে।

ইহাতে নিশ্চয় বোধ হইতেছে যে এই কারণেই রাশিদ্বারা জাতকের শুভাশুভ ফল গণনা হইয়া থাকে। ইতি।

By the Trutine of Hermes, erect the figure to the estimate time of birth, and rectify the Moon's place thereto; then take her distance from the ascendant, if she be under the earth; or from the seventh house, if above the earth, by subtracting the angles from the Moon's place; adding thereto the three hundred and sixty degrees of the zodiac, if subtraction cannot be made without; then with the remainder enter the following table under the column of Moon's distance, and even with it, in the second column, if the birth was in February; in the third column, if in January or December; in the fourth column, if in April or September; or in the fifth column, if in March, May, June, July, August, October, or November, will be found an

অথ বৃহজ্জাতকে বিযোনি জননাধ্যায়ঃ।

জ্রূর গ্রহৈঃ স্ববলিভির্ব্বিবলৈশ্চ সৌম্যৈঃ
ক্লীবে চতুষ্টয়গতে তদবেক্ষণাদ্বা।
চন্দ্রোপগ দ্বিরস ভাগ সমান রূপং।
সত্বং বদেদ্ যদি ভবেৎ স বিযোনি সংজ্ঞা॥ ১॥

যাহার জন্ম কালে বা আধান কালে পাপগ্রহ বলবান্ ও শুভগ্রহ দুর্ব্বল, ক্লীব গ্রহ অর্থাৎ বুধ শনি কেন্দ্রবর্ত্তী হইলে চন্দ্র সেই সময় যে দ্বাদশাংশে অবস্থিতি করিবেন সেই গর্ভে সেই রূপ প্রাণী জন্মিবে। অর্থাৎ চতুষ্পাদ ও

equation of days to be added to, or subtracted from, the day of birth, according to the letters A or S, at the top of each respective column, whose sum or difference gives the day of the mouth, in the month of conception ; always observing, that if the year of birth be a leap year, one day more must be added.

THE TABLE.

| The Moon under the Earth. MOON dist. | | A | A | A | S | The Moon above the Earth. MOON dist. | | A | A | A | A |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 0 | 0 | 3 | 2 | 1 | 0 | 6 | 0 | 0 | 1 | 2 | 3 |
| 0 | 13 | 2 | 1 | S | 1 | 5 | 17 | 1 | 2 | 3 | 4 |
| 0 | 26 | 1 | S | 1 | 2 | 5 | 4 | 2 | 3 | 4 | 5 |
| 1 | 9 | S | 1 | 2 | 3 | 4 | 21 | 3 | 4 | 5 | 6 |
| 1 | 21 | 1 | 2 | 3 | 4 | 4 | 9 | 4 | 5 | 6 | 7 |
| 2 | 4 | 2 | 3 | 4 | 5 | 3 | 26 | 5 | 6 | 7 | 8 |
| 2 | 17 | 3 | 4 | 5 | 6 | 3 | 13 | 6 | 7 | 8 | 9 |
| 3 | 0 | 4 | 5 | 6 | 7 | 3 | 0 | 7 | 8 | 9 | 10 |
| 3 | 13 | 5 | 6 | 7 | 1 | 2 | 17 | 8 | 9 | 10 | 11 |
| 3 | 26 | 6 | 7 | 8 | 9 | 2 | 4 | 9 | 10 | 11 | 12 |
| 4 | 9 | 7 | 8 | 9 | 10 | 1 | 21 | 10 | 11 | 12 | 13 |
| 4 | 21 | 8 | 9 | 10 | 11 | 1 | 9 | 11 | 12 | 13 | 14 |
| 5 | 4 | 9 | 10 | 11 | 12 | 0 | 26 | 12 | 13 | 14 | 15 |
| 5 | 17 | 10 | 11 | 12 | 13 | 0 | 13 | 13 | 14 | 15 | 16 |
| 6 | 0 | 11 | 12 | 13 | 14 | 0 | 0 | 14 | 15 | 16 | 17 |

If the birth was in January, the month of conception was April ; if February, the month of conception was May ; if March, June ; if April, July ; if May, August ; if June, September ; if July, October ; if August, November ; if September, December ; if October, January ; if November, February ; and if December, March. Then bring the Moon's place, the day of conception, to the sign, degree, and minutes ascending, at the estimate time, for the true time of conception. Or thus, subtract the right ascension of the Sun at the estimate time of conception, from the right ascension at the estimate time of birth, ( taken in the table of Houses right against the Moon's place, under the ascendant, adding the three hundred and sixty degrees of the zodiack as before, if subtraction cannot otherwise be made ) the remainder, converted into time, is the true hour and minute of conception. The degree and minute of the sign in which the Moon was posited at conception, is the true degree and minute ascending at birth, according to the true time of Hermes.

—Ptolomy further observes, that what sign the Moon is in at the time of birth, is the very sign which ascended at the conception ; and again, whatever sign the Moon is in at conception, that, or the opposite, will be the sign ascending at birth.

জলচর কীটাদি রাশির দ্বাদশাংশস্থিত হইলে চতুষ্পদ জলচর ও কীটাদি হইবে ॥ ১

পাপা বলিনঃ স্বভাগগাঃ পারক্যে বিবলাশ্চ শোভনাঃ।
লগ্নঞ্চ বিযোনি সংজ্ঞকং দৃষ্টাত্রাপি বিযোনিনা দিশেৎ ॥২॥

বলবান্ পাপগ্রহ স্বীয় নবাংশে ও বলহীন শুভ গ্রহ অপরের নবাংশে স্থিত হইলে যদি "বিযোনি সংজ্ঞক লগ্ন" অর্থাৎ মিথুন, তুলা, কুম্ভ, ও কন্যা ভিন্ন রাশি আধান লগ্ন হয় ও পূর্ব্বোক্ত মতে চন্দ্র যে দ্বাদশাংশে স্থিত হইবেন সেই গর্ভে সেইরূপ প্রাণী জন্মিবে ॥ ২

ক্রিয়ঃ শিরো বক্ত্র গলে বৃষোঽন্যে
পাদাংশকং পৃষ্ঠ মুখোঽথপার্শ্বে।
কুক্ষিস্বপানাজ্ঘ্র্যথ মেঢ্র মুষ্কঃ
স্ফিক্‌পুচ্ছমিত্যাহ চতুষ্পদাঙ্গে ॥ ৩ ॥

মেষ মস্তক, বৃষ মুখ ও গলদেশ, মিথুন সম্মুখের পাদ ও স্কন্ধ, কর্কট পৃষ্ঠ, সিংহ বক্ষঃস্থল, কন্যাপার্শ্বদ্বয়, তুলা কুক্ষিদ্বয়, বৃশ্চিক গুহ্য দেশ, ধনু পশ্চাতের পাদদ্বয়, মকর মেঢ্র ও মুষ্ক, কুম্ভ নিতম্বদ্বয়, মীন পুচ্ছ। পক্ষীরও এইরূপ বিভাগ জানিবে, বিশেষ এই সম্মুখের পাদ স্থলে ডানাদ্বয়। ইহার দ্বারা জাতবালকের কোন অঙ্গ চতুষ্পদ বা পক্ষীর ন্যায় হয় তাহা জানা যাইবে ইহার বিশেষ বিবরণ পশ্চাৎ লিখিত হইবে ॥ ৩

লগ্নাংশকাদ্ গ্রহযোগেক্ষণাদ্বা
বর্ণান্ বদেদ্বীর্য্য যুতাদ্বি যোনৌ।
দৃষ্ট্যা সমানাং প্রবদেত্ত্বসংখ্যয়া
রেখাং বদেৎস্মর সংস্থৈশ্চ পৃষ্ঠে ॥ ৪ ॥

লগ্নের নবাংশাধিপতি গ্রহের দ্বারা ও লগ্নে যে গ্রহ অবস্থিতি করিবে ও যাহাদিগের দৃষ্টি থাকিবে সেই গ্রহের ও রাশির পূর্ব্ব লিখিত বর্ণানুসারে বলবান্ গ্রহ ও রাশির স্বরূপ বর্ণাদি হইবে। লগ্নের সপ্তম স্থানস্থ গ্রহের অবস্থান ও দৃষ্টি দ্বারা পশ্বাদির পৃষ্ঠের অঙ্কিত রেখা স্থির হইবে। ৪

তথাচ সারাবল্যাং।

মেষাদিভিরুদয়স্থৈরংশৈর্ব্বা গ্রহ যুতৈশ্চ দৃষ্টৈর্ব্বা, স্ব গৃহাংশক সংযোগাৎ বিন্দ্যাৎ বর্ণান্ পরাংশকে স্থতৌ।১। সপ্তম সংস্থাঃ কুর্য্যুঃ পৃষ্ঠে রেখাং স্ববর্ণসমাংবীক্ষন্তে ন্যাবন্তো বিযোনি বর্ণাংশ্চতাবন্তঃ ॥২॥ বলদীপ্তো গগনচরঃ করোতি বর্ণং বিযোনীনাং। পীতং করোতি জীবঃ শশী সিতং ভার্গবো বিচিত্রঞ্চ ॥ ৩ ॥ রক্তৌ দিনকর রুধিরৌ রবিজঃ কৃষ্ণং বুধঃ শবলং। স্বেরাশৌ পরভাগে পররাশৌ স্বেনবাংশকেতিবর্ণন্ ॥ ৪ ॥

খগে দৃকাণে বলসংযুতেনবা গ্রহেণ যুক্তে চরভাংশকোদয়ে।
বুধাংশকে বা বিহগাঃ স্থলাম্বুজাঃ শনৈশ্চরেন্দ্বীক্ষণ যোগসম্ভবঃ ॥৫॥

বলবান্ গ্রহযুক্ত পক্ষিদ্রেক্কাণে জন্ম হইলে তাহাতে যদি শনির দৃষ্টি থাকে তাহা হইলে স্থলচর ও চন্দ্রের দৃষ্টি থাকিলে সেই গর্ভে জলচর পক্ষী জন্মিবে।

যে কোন লগ্নের চর নবাংশ বলবান্ গ্রহযুক্ত হইয়া শনি কর্ত্তৃক বীক্ষিত হইলে সেই গর্ভে স্থলচর ও চন্দ্র কর্ত্তৃক বীক্ষিত হইলে জলচর পক্ষী জন্মিবে।

যে কোন লগ্নের মিথুন বা কন্যার নবাংশে জন্ম হইবে তাহাতে যদি বলবান্ গ্রহ অবস্থিতি করে ও তাহাতে শনির দৃষ্টি থাকিলে সেই গর্ভে স্থলচর ও চন্দ্রের দৃষ্টি থাকিলে জলচর পক্ষী জন্মিবে ॥ ৫ ॥

হোরেন্দু সূরি রবিভির্ব্বিবলৈস্তরূণাং
তোয়স্থলে তরুভবাংশ কৃত প্রভেদঃ।
লগ্নাদ্ গৃহস্থল জলর্ক্ষপতিস্তু যাবাং
স্তাবন্ত এব তরবঃ স্থলতোয় জাতাঃ ॥ ৬ ॥

আধান কালে রবি চন্দ্র, বৃহস্পতি ও লগ্ন দুর্ব্বল হইয়া জল রাশির নবাংশ গত হইলে সেই গর্ভে জলজ বৃক্ষের জন্ম হয়। অন্য রাশির নবাংশ গত হইলে স্থলজ বৃক্ষের জন্ম হয়। ঐ নবাংশাধি পতি যত সংখ্যক নবাংশে অবস্থিতি করিবেন তত সংখ্যক বৃক্ষের জন্ম হইবে, আর সেই নবাংশাধিপতি তুঙ্গস্থ কিম্বা বক্র হইলে নবাংশ সংখ্যার ত্রিগুণ এবং স্বক্ষেত্রগত, স্বন বাংশস্থ বা স্বদ্রেক্কাণ গত হইলে সেই গর্ভে দ্বিগুণ বৃক্ষের জন্ম হয় ॥ ৬ ॥

অন্তঃসারান্ জনয়তি রবির্দুর্ভগান্ সূর্য্যসূনুঃ
ক্ষীরোপেতাংস্তুহিন কিরণঃ কণ্টকাঢ্যাংশ্চ ভৌমঃ।

বাগীশোজ্ঞো সফল বিফলান্ পুষ্পবৃক্ষাংশ্চ শুক্রঃ
স্নিগ্ধানিন্দুঃ কটুকবিটপান্ ভূমিপুত্রশ্চ ভূয়ঃ ॥ ৭ ॥

আধানকালে রবি নবাংশাধিপতি হইলে সারবান্, শনি নবাংশাধিপতি হইলে কুৎসিত, চন্দ্র নবাংশাধিপতি হইলে ইক্ষু প্রভৃতি সরস, ও স্নিগ্ধ, মঙ্গল নবাংশাধিপতি হইলে কণ্টকিত ও কটু, বৃহস্পতিনবাংশাধিপতি হইলে সফল, বুধ নবাংশাধিপতি হইলে নিষ্ফল, শুক্র নবাংশাধিপতি হইলে সেই গর্ত্তে সপুষ্প বৃক্ষের জন্ম হয় ॥ ৭ ॥

শুভোহশুভর্ক্ষে রুচিরং কুভূমিজং
করোতি বৃক্ষং বিপরীত মন্যথা।
পরাংশকে যাবতি বিচ্যুতঃ স্বকাৎ
ভবন্তি তুল্যাস্তরবস্তথাভিধাঃ ॥ ৮ ॥

নবাংশাধিপতি শুভগ্রহ পাপ গ্রহের ক্ষেত্রগত হইলে কুস্থানজাত উত্তম বৃক্ষের এবং নবাংশাধিপতি পাপগ্রহ শুভগ্রহের ক্ষেত্রস্থিত হইলে সেই গর্ত্তে সুস্থান জাত কুৎসিত বৃক্ষের জন্ম হয়। নবাংশাধিপতি স্বীয় নবাংশ হইতে যত নবাংশে অবস্থিতি করিবে সেই গর্ত্তে তত সংখ্যক বৃক্ষের জন্ম হইবে ॥ ৮ ॥

ইতি বৃহজ্জাতকে বিযোনি জননাধ্যায়।

---

অথ জাতচক্রং।

যস্মিন্নৃক্ষে বসেদ্ভানু স্তদাদি ত্রীণি মস্তকে
মুখে ত্রীণি তথা দ্বেদ্বে স্কন্ধয়ো র্ভুজয়োরুভে।
দ্বেহস্তয়োঃ পঞ্চ হৃদি নাভাবেকং তথাগুদে।
তথা জানুযুগে দ্বেদ্বে পাদযোর্জলধিং ন্যসেৎ ॥ ১ ॥

জাতকের একটী প্রতিমূর্ত্তি অঙ্কিত করিয়া তাহাতে নিম্ন লিখিত প্রণালীমতে নক্ষত্র বিন্যাস করিবে।

জন্ম কালে যে নক্ষত্রে রবি থাকিবে সেই নক্ষত্র হইতে আরম্ভ করিয়া ঐ জাত চক্রে অঙ্কিত করিতে হইবে যথা মস্তকে ৩ তিন, মুখে ৩ তিন, স্কন্ধ দেশে ২ দুই, বাহুতে ২ দুই, করতলে ২ দুই, বক্ষঃস্থলে ৫ পাঁচ, নাভীতে ১ এক, গুহ্য দেশে ১ এক, জানুতে ৬ ছয়, পাদতলে ৪ চারি, এইরূপে নক্ষত্র বিন্যাস করিয়া জন্ম নক্ষত্রানুসারে শুভাশুভ ফল নিরূপণ করিবে ॥ ১ ॥

দৃষ্টান্ত। জন্মকালে যদি রবি অশ্বিনী নক্ষত্রে অবস্থিত থাকেন, তাহা হইলে যেরূপে বচনানুসারে নক্ষত্র অঙ্কিত করিতে হইবে তাহা নিম্নলিখিত নরাকারচক্রে প্রকাশ করা গেল।

মস্তকে ১। ২। ৩।

মুখে ৪। ৫। ৬।
দক্ষিণস্কন্ধে ৭।
দক্ষিণবাহুতে ৯।
দক্ষিণহস্তে ১১।
হৃদয়ে ১৩। ১৪।
১৫। ১৬। ১৭।
নাভীতে ১৮।
দক্ষিণজানুতে
২০। ২১
দক্ষিণপদে ২৪। ২৫



বামস্কন্ধে ৮।
বামবাহুতে ১০।
বামহস্তে ১২।
গুহ্যে ১৯।
বামজানুতে ২২। ২৩।
বামপদে ২৬। ২৭।

অস্য ফলম্।

চরণর্ক্ষেষু যোজাতঃ সোহল্পায়ুর্ভবতি প্রিয়ে।
জানুনো র্ভ্রমণাশক্তো গুহ্যে স্যাৎ পারদারিকঃ।
নাভৌ স্বল্পধনো দেবি হৃদয়ে স্যান্মহাধনী।
পাণ্যোর্জাতো ভবেচ্চোরো ভুজয়ো র্দুঃখ ভাজনঃ।
মূর্দ্ধ্নি রাজা ভবেদ্দেবি বালানাং জন্মতঃ ক্রমাৎ ॥ ২ ॥

যাহার জন্ম নক্ষত্র জাতচক্রের চরণে দৃষ্ট হইবে সেই ব্যক্তি অল্পায়ু হয়। এইরূপ জানুতে দৃষ্ট হইলে ভ্রমণকারী, গুহ্য দেশে দৃষ্ট হইলে পরদারাশক্ত, নাভীতে দৃষ্ট হইলে অল্পধনী, হৃদয়ে দৃষ্ট হইলে অতিশয় ধনবান্, হস্তে দৃষ্ট হইলে চৌর, বাহুতে দৃষ্ট হইলে দুঃখী, স্কন্ধে দৃষ্ট হইলে ভোগবান্। মুখে দৃষ্ট হইলে ধার্ম্মিক ও বলবান্, মস্তকে দৃষ্ট হইলে রাজা হয় ॥ ২ ॥

মুখে শার্দ্ধৈশতং বর্ষং নবতিঃ স্কন্ধয়োর্দ্বয়োঃ
পঞ্চাশীতি হৃদিপ্রোক্তোহস্তয়োঃ সপ্ততিঃ ক্রমাৎ।
বাহ্বোঃ ষট্‌ষষ্টি বর্ষাণি গুহ্যে ষট্‌ষষ্টিকা ক্রমাৎ
পঞ্চাশৎ জানুনোঃ পাদে নির্ধনশ্চাল্পজীবনঃ ॥ ৩ ॥

যাহার জন্ম নক্ষত্র জাতচক্রের মস্তকে দৃষ্ট হইবে সেই ব্যক্তি ১০০ একশত বৎসর জীবিত থাকিবে। এইরূপ স্কন্ধে দৃষ্ট হইলে ৯০ নব্বুই বৎসর, হৃদয়ে দৃষ্ট হইলে ৮৫ পঞ্চাশীতি বৎসর, হস্তে দৃষ্ট হইলে ৭০ সত্তর বৎসর, বাহু ও গুহ্যদেশে দৃষ্ট হইলে ৬৬ ছয়াট্টি বৎসর, জানুতে দৃষ্ট হইলে ৫০ পঞ্চাশ বৎসর জীবিত থাকিবে এবং চরণে দৃষ্ট হইলে নির্ধন ও অল্পায়ু হইবে ॥ ৩ ॥

## অথ জাতকাভরণোক্ত জাতচক্রম্।

### ঢুণ্ডিরাজ মতে নামান্তরং ডিম্ভ চক্রম্।

ডিম্ভাখ্য চক্রং রবিভাচ্চ ভানাং ত্রয়ং ন্যসেন্মূর্দ্ধ্নি মুখে ত্রয়ঞ্চ।
দ্বে স্কন্ধয়োর্দ্ধে ভুজয়োর্দ্ব য়ঞ্চ পাণিদ্বয়ে বক্ষসি পঞ্চভানি।
নাভৌ চ লিঙ্গে চ তথৈকমেকং জান্বোর্ভষট্কং পরিকল্পনীয়ম্।
পাদদ্বয়ে ভদ্বিতয়ং ক্রমেণ মুনিপ্রবর্য্যৈঃ ফলমুক্ত মত্র ॥ ১ ॥

ঢুণ্ডিরাজমতে জাত চক্রের নামান্তর ডিম্ভচক্র। জাতচক্রে যেরূপে নক্ষত্র বিন্যাস করিতে হইবে তাহা প্রদর্শিত হইয়াছে, প্রভেদ এই জানুতে ছয়, পাদে দুই, এবং দীপিকোক্ত ফল বর্ণিত হইয়াছে, ঢুণ্ডিরাজমতে তাহার কিছু ব্যতিক্রম দেখা যায়, অতএব তাহা প্রকাশ করা গেল।

এই চক্রেও জাতবালকের জন্ম নক্ষত্র দৃষ্টে শুভাশুভ ফল নিশ্চয় করিতে হইবে। ১

### অস্য ফলম্।

সত্রস্থ চামীকর চারুবস্ত্র বিচিত্র তাল ব্যজনাতপত্রৈঃ।
বিরাজমানো মনুজো নিতান্তং মৌলিস্থলেভে নলিনী প্রভোশ্চেৎ ॥১

জাতকের যে নক্ষত্রে জন্ম হইয়াছে সেই নক্ষত্র যদি জাতচক্রের মস্তকে দৃষ্ট হয়, তবে জাতবালক উত্তম রত্ন, বিচিত্র বস্ত্র, ছত্র ও চামরাদি দ্বারা সেব্যমান হইয়া নানা প্রকার সুখে কালযাপন করিবে। ১

মিষ্টাশনানাং প্রজলাশনানাং ভোক্তা চ বক্তা সততং প্রসন্নঃ।
স্মিতাননঃ সদ্বদনো বিশুদ্ধো ভানোর্ভবেদ্ভং বদনে হি যস্য ॥ ২ ॥

যাহার জন্ম নক্ষত্র জাতচক্রের মুখে পতিত হইবে, সেই ব্যক্তি নানাবিধ মিষ্টান্নভোক্তা বক্তৃতাশীল প্রসন্নচিত্ত, হাস্যবদন, বিশুদ্ধস্বভাব ও সুশ্রী হয়। ২

বৃষাংশকো বংশবিভূষণঞ্চ মহোৎসবার্থঃ প্রথিতঃ প্রতাপী।
নরোৎতিস্থরো নিতরা মুদারো দিবাকরো ভূস্থিত ভাংশকে চেৎ ॥৩

যাহার জন্ম নক্ষত্র জাতচক্রের কন্ধদেশে পতিত হইবে সেই ব্যক্তি উন্নতস্কন্ধ, স্বীয় বংশের ভূষণ স্বরূপ, উৎসবামোদী, কীর্ত্তিমান্, প্রতাপান্বিত, বলবান্ ও উদারস্বভাব হয়। ৩

ক্রূরঃ সদোষঃ পুরুষো বিশেষাৎগর্ব্বোদ্ধতঃ শৌর্য্যযুতো নিতান্তম্।
বিদেশবাসশ্চ মহাপ্রতিষ্ঠো মার্ত্তণ্ডভং বাহুগতং প্রসূতৌ ॥ ৪ ॥

যাহার জন্মকালিক নক্ষত্র জাতচক্রের বাহুতে পতিত হইবে, সেই ব্যক্তি ক্রূর, দুষ্টাশয়, গর্ব্বিত, বলবান্, বিদেশবাসী ও যশস্বী হয়। ৪

বদান্যতা সদ্গুণবর্জ্জিতশ্চ পুণ্যাদি রত্নাদি পরীক্ষকশ্চ।
সত্যা নৃতাভ্যাং সহিতো হি মর্ত্তো দিবাপতের্ভং যদি পাণিসংস্থঃ॥৫

যাহার জন্মনক্ষত্র জাতচক্রের হস্তে পতিত হইবে সেই ব্যক্তি অদাতা, সদ্গুণহীন, পুণ্য ও রত্নাদির পরীক্ষক, ও সত্যমিথ্যাবাদী হয়। ৫

ভূপালতুল্যঃ স্বকুলে সুশীলো বালাবিলাসোত্তম কীর্ত্তিশালী।
শাস্ত্রে প্রবীণঃ পরিসূতিকালে বক্ষঃ স্থলে চেন্নলিনীশভং স্যাৎ ॥ ৬॥

যাহার জন্মকালীক নক্ষত্র জাতচক্রের বক্ষঃস্থলে পতিত হইবে, সেই ব্যক্তি রাজতুল্য, সুশীল ও শাস্ত্রজ্ঞ হইবে। ৬

ক্ষমাসমেতো রণকর্ম্মভীরুঃ কলাকলাপা কলনৈকশীলঃ।
ধর্ম্মপ্রবৃত্তিঃ সুতরা মুদারো নাভৌ সরোজেশ্বগুজ বন্ধুভঞ্চেৎ ॥ ৭ ॥

যাহার জন্মনক্ষত্র জাতচক্রের নাভীতে পতিত হয়, সেই ব্যক্তি ক্ষমাশীল, যুদ্ধভীরু, কলাশাস্ত্রজ্ঞ, ধার্ম্মিক ও উদারচরিত্র হইবে। ৭

কন্দর্প দর্পোদিত সাধুকর্ম্মা সদ্গীত নৃত্যাভিরুচিঃ কলাজ্ঞঃ।
চেজ্জন্মকালে নলিনীশভংস্যাদ্ গুহ্যস্থলে সোঽতুল কীর্ত্তিযুক্তঃ ॥৮

যাহার জন্মনক্ষত্র জাতচক্রের গুহ্যদেশে পতিত হয়, সেই ব্যক্তি কামদেবের ন্যায় কান্তিযুক্ত, সৎকর্ম্মশীল, গীতনৃত্যাভিলাষী ও অতুলকীর্ত্তি-বিশিষ্ট হইবে। ৮

নানাদেশানেকবাসপ্রচারঃ কার্য্যোৎসাহশ্চঞ্চলঃ শ্যামগাত্রঃ।
ধূর্ত্তোমর্ত্ত্যঃ সত্যহীনশ্চ নিত্যং জানুস্থানে ভানুভং জন্মনি স্যাৎ ॥৯॥

যাহার জন্মনক্ষত্র জাতচক্রের জানুস্থানে পতিত হয়,

| রবি নক্ষত্র | মস্তক | | | মুখ | | | স্কন্ধ | | বাহু | | হস্ত | | হৃদি | | | | | নাভী | গুহ্য | জানু | | | | পাদ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ অশ্বিনী | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ |
| ২ ভরণী | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ |
| ৩ কৃত্তিকা | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ |
| ৪ রোহিণী | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ |
| ৫ মৃগশিরা | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ |
| ৬ আর্দ্রা | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৭ পুনর্ব্বসু | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৮ পুষ্যা | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৯ অশ্লেষা | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১০ মঘা | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১১ পূর্ব্বফল্গুনী | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১২ উত্তরফল্গু | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১৩ হস্তা | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১৪ চিত্রা | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১৫ স্বাতী | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১৬ বিশাখা | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১৭ অনুরাধা | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ১৮ জ্যেষ্ঠা | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| ১৯ মূলা | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ২০ পূর্ব্বাষাঢ়া | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| ২১ উত্তরাষাঢ়া | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| ২২ শ্রবণা | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ |
| ২৩ ধনিষ্ঠা | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ |
| ২৪ শতভিষা | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ |
| ২৫ পূর্ব্বভাদ্রপদ | ২৫ | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ |
| ২৬ উত্তরভাদ্র | ২৬ | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ |
| ২৭ রেবতী | ২৭ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ |

এই চক্র দৃষ্টে জন্মকালে রবি যে নক্ষত্রে স্থিত থাকিবে সেই নক্ষত্র হইতে যাহার যে জন্ম নক্ষত্র হইবে সেই নক্ষত্র জাত চক্রের কোন স্থানে পতিত হইবে তাহা অতি সহজে জানা যাইবে। প্রথম স্তম্ভে রবি নক্ষত্র, দ্বিতীয় স্তম্ভে ঐ রবি নক্ষত্র হইতে যে যে নক্ষত্র মস্তকে পতিত হইয়াছে, তৃতীয় স্তম্ভে যে যে নক্ষত্র মুখে পতিত হইয়াছে, চতুর্থ স্তম্ভে যে যে নক্ষত্র স্কন্ধে পতিত হইয়াছে, পঞ্চম স্তম্ভে যে যে নক্ষত্র বাহুতে পতিত হইয়াছে, ষষ্ঠ স্তম্ভে যে যে নক্ষত্র হস্তে পতিত হইয়াছে, সপ্তম স্তম্ভে যে যে নক্ষত্র হৃদয়ে পতিত হইয়াছে, অষ্টম স্তম্ভে যে যে নক্ষত্র নাভীতে পতিত হইয়াছে, নবম স্তম্ভে যে যে নক্ষত্র গুহ্যে পতিত হইয়াছে, দশমে জানুস্থানে, একাদশে পাদে যে যে নক্ষত্র পতিত হইয়াছে, তাহা লিখিত হইল।

সেই ব্যক্তি নানাদেশবাসী, কার্য্যে উৎসাহবান্, চঞ্চল, শ্যামবর্ণশরীর, ধূর্ত্ত ও মিথ্যাবাদী হইবে। ৯

কৃষিক্রিয়ায়াং নিরতোঽল্পধর্ম্মঃ শশ্বৎ স্থিতিঃ সেবন কর্ম্মকর্ত্তা।
তারা যদি স্যাদরবিন্দবন্ধোঃ পাদারবিন্দে চ নরস্য সূতৌ ॥ ১০॥

যাহার জন্মনক্ষত্র জাতচক্রের পাদে পতিত হয়, সেই ব্যক্তি কৃষিকর্ম্মকারী অধার্ম্মিক ও ভৃত্য হইবে। ১০

ইতি বৃহজ্জাতকে জাতচক্রং।

---

## অথাষ্টবর্গম্।

### অষ্টবর্গস্য কারণং ঢুণ্ঢিরাজোক্তম্।

রাশৌ রাশৌ গোচরে খেচরাণাং
যুক্তং পূর্ব্বৈর্যৎফলং জন্ম রাশেঃ।
তন্মর্ত্ত্যানামেকভোৎপত্তিকানাং
ভিন্নং ভিন্নং দৃশ্যতেঽবশ্য মেব ॥ ১ ॥

জন্ম রাশি হইতে প্রতি রাশিগত গ্রহের গোচর ফল উক্ত হইয়াছে, যে যে মনুষ্য এক নক্ষত্রে ও এক রাশিতে জাত তাহাদিগেরও ভিন্ন ভিন্ন ফল দৃষ্ট হয় ॥ ১ ॥

যস্মিন্ রাশৌ শীতরশ্মিঃ প্রসূতৌ
সংস্থঃ প্রোক্তো জন্মরাশিঃ স এব।
এবং লগ্নেনান্বিতাঃ সপ্তখেটা-
স্তেকিং নস্যুঃ প্রাণিনাং জন্মভানি ॥ ২ ॥

জন্ম কালে যে রাশিতে চন্দ্র অবস্থিতি করে সেই রাশিকে জাতকের জন্ম রাশি বলে। এইরূপে সকল গ্রহই জন্মকালে রাশিবিশেষে তত্তৎ নক্ষত্রে অবস্থিতি করিয়া থাকে, সুতরাং ঐ ঐ গ্রহ ভোগ্য নক্ষত্রকে জন্ম নক্ষত্র ও ঐ সকল গ্রহ ভোগ্য রাশিকে জন্ম রাশি বলা যাইতে পারে ॥ ২ ॥

পুংসামতোঽষ্টৌ কিল রাশয়ঃস্যুঃ
শুভাশুভান্যত্র ফলানি তেভ্যঃ।
ততশ্চ ন স্বামিনমন্তরালাৎ
স্পষ্টং কলঙ্কাষ্টক বর্গজাতং ॥ ৩ ॥

পূর্ব্ব বচনানুসারে গ্রহ ও লগ্ন দ্বারা জাতকের আটটী জন্ম রাশি কল্পিত হয়, অতএব ঐ সকল রাশি হইতেও মনুষ্যের শুভাশুভ ফল নিরূপিত হইয়া থাকে; যে প্রণালীতে ঐ সকল ফল নির্দ্দিষ্ট হয় তাহাকে অষ্টবর্গ বলা যায়। গ্রহগণ অষ্ট বর্গে শুদ্ধ থাকিলে শুভ ফল আর অশুদ্ধ হইলে অশুভ ফল প্রদান করে, এই কারণে এক রাশিজাত ব্যক্তিরও ফলের তারতম্য হয়, কিরূপে ঐ সকল শুভাশুভ ফল জানা যায়, তাহা এই অষ্টবর্গ দ্বারা প্রকাশ পাইবে।

অষ্টবর্গ গণনার প্রণালী লিখিত হইতেছে। একটী রাশি চক্র অঙ্কিত করিয়া তাহাতে জন্ম কুণ্ডলীর অনুরূপ অর্থাৎ জন্ম কালে রাশি চক্রে যে রূপে গ্রহ অবস্থিত আছে সেইরূপ গ্রহ অঙ্কিত করিবে। পরে ঐ চক্রের যে যে রাশিতে যে যে গ্রহ অবস্থিত আছে সেই সেই গৃহ হইতে আরম্ভ করিয়া নিম্ন লিখিত প্রণালীমতে এক এক গ্রহের রেখা পাত করিবে ॥

রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, ও লগ্ন এই আট প্রকার অষ্টবর্গ, প্রত্যেক গ্রহের অষ্টবর্গে এক একটী রাশিচক্র করিতে হইবে, পরে ঐ রাশিচক্রে রবি প্রভৃতি গ্রহ সংস্থাপন করিয়া প্রথমতঃ রবি হইতে পরে চন্দ্র হইতে এইরূপে ক্রমশঃ সকল গ্রহ হইতে যে যে গ্রহের যে যে ঘরে রেখা পাত নির্দ্দিষ্ট আছে, সেই সেই ঘরে রেখা পাত করিতে হইবে। ৩

## বৃহজ্জাতকে অষ্টবর্গম্।

### অথ সূর্য্যাষ্টবর্গম্।

স্বাদর্কঃ প্রথমায় বন্ধু নিধন দ্ব্যাজ্ঞাতপো দ্যূনগো
বক্রাৎ স্বাদিনবত্তদেব রবিজাচ্ছুক্রাৎ স্মরান্ত্যারিগঃ।
জীবাদ্ধর্ম্মসুতায় শক্রষু দশত্র্যায়ারিগঃ শীতগো
রেখেবাস্ত্য-তপঃসু তেষু চ বুধাল্লগ্নাৎ স্ববন্ধস্তাগঃ ॥ ১ ॥

রবির অষ্টবর্গ করিতে হইলে প্রথমতঃ যে ঘরে রবি আছেন, সেই ঘরে এবং তাহার দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, নবম, দশম ও একাদশ ঘরে এক একটী রেখা পাত করিবে, পরে যে ঘরে চন্দ্র আছেন সেই ঘর হইতে তৃতীয়,

ষষ্ঠ, দশম ও একাদশ ঘরে, পরে যে ঘরে মঙ্গল আছেন সেই ঘরে ও দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম এবং একাদশ ঘরে রেখা পাত করিবে, এইরূপে বুধের ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, নবম, দশম, একাদশ ও দ্বাদশ ঘরে ; বৃহস্পতির ঘর হইতে পঞ্চম, ষষ্ঠ, নবম ও একাদশ ঘরে ; শুক্রের ঘর হইতে ষষ্ঠ, সপ্তম ও দ্বাদশ ঘরে ; শনি যে ঘরে আছেন সেই ঘরে ও দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম ও একাদশ ঘরে ; লগ্ন হইতে তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ, দশম, একাদশ ও দ্বাদশ ঘরে রেখা পাত করিবে দ্বাদশ ঘরের রেখা যোগ করিলে ৪৮ রেখা হইবে। ১

রেখা—৪৮।

| | |
|---|---|
| রবেঃ ১।২।৪।৭।৮।৯।১০।১১ | গুরোঃ ৫।৬।৯।১১ |
| চন্দ্রাৎ ৩।৬।১০।১১ | শুক্রাৎ ৬।৭।১২ |
| কুজাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১ | শনেঃ ১।২।৪।৭।৮।৯।১০।১১ |
| বুধাৎ ৩।৫।৬।৯।১০।১১।১২ | লগ্নাৎ ৩।৪।৬।১০।১১।১২ |

---

## অথ চন্দ্রাষ্টবর্গম্।

লগ্নাৎ ষট্ত্রিদশায়গঃ সধনধী ধর্ম্মেষুচারাচ্ছশী
স্বাৎ সাস্তাদিষু সাষ্ট সপ্তসু রবেঃ ষট্ত্র্যায় ধীস্থো যমাৎ।
ধীত্র্যায়াষ্টম কণ্টকেষু শশিজাজ্জীবা ছ্যয়ায়াষ্টগঃ
কেন্দ্রস্থশ্চ সিতাত্ত্ব ধর্ম্মসুখধীত্র্যায়াস্পদানঙ্গগঃ ॥ ২

চন্দ্রের অষ্টবর্গে যে ঘরে রবি আছেন সেই ঘর হইতে তৃতীয়, ষষ্ঠ, সপ্তম, অষ্টম, দশম ও একাদশ ঘরে রেখা পাত করিবে, এইরূপে চন্দ্র যে ঘরে আছেন সেই ঘরেও তাহার তৃতীয়, ষষ্ঠ, সপ্তম, দশম এবং একাদশ ঘরে ; মঙ্গলের ঘর হইতে দ্বিতীয়, তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, নবম, দশম ও একাদশ ঘরে ; বুধ যে ঘরে আছেন, সেই ঘরেও তাহার তৃতীয়, চতুর্থ, পঞ্চম, সপ্তম, অষ্টম, দশম এবং একাদশ ঘরে ; বৃহস্পতি যে ঘরে আছেন সেই ঘরে ও তাহার চতুর্থ, সপ্তম, অষ্টম, দশম, একাদশ এবং দ্বাদশ ঘরে ; শুক্রের ঘর হইতে তৃতীয়, চতুর্থ, পঞ্চম, সপ্তম, নবম, দশম একাদশ ঘরে ; শনির ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ এবং একাদশ ঘরে ; লগ্ন হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম এবং একাদশ ঘরে রেখা পাত করিবে, চন্দ্রাষ্টবর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিলে ৪৯ উনপঞ্চাশৎ রেখা হইবে। ২

রেখা—৪৯।

| | |
|---|---|
| রবেঃ ৩।৬।৭।৮।১০।১১ | গুরোঃ ১।৪।৭।৮।১০।১১।১২ |
| চন্দ্রাৎ ১।৩।৬।৭।১০।১১ | শুক্রাৎ ৩।৪।৫।৭।৯।১০।১১ |
| কুজাৎ ২।৩।৫।৬।৯।১০।১১ | শনেঃ ৩।৫।৬।১১ |
| বুধাৎ ১।৩।৪।৫।৭।৮।১০।১১ | লগ্নাৎ ৩।৬।১০।১১ |

---

## অথ মঙ্গলাষ্টবর্গম্।

বক্র স্তূপচয়েষ্বিনাৎ সতনয়েষ্বাদ্যাধিকেষূদয়াৎ
চন্দ্রাদ্দিগ্ধিফলেষু কেন্দ্র নিধন প্রাপ্ত্যর্থগঃ স্বাচ্ছুভঃ।
ধর্ম্মায়াষ্টম কেন্দ্র গোঽর্কতনয়াজ্জ্ঞাৎষট্ত্রিধী লাভগঃ।
শুক্রাৎ ষড়্ব্যয় লাভ মৃত্যুষু গুরোঃ কর্ম্মান্ত্য লাভারিষু ॥ ৩ ॥

মঙ্গলের অষ্টবর্গে রবির ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, দশম ও একাদশ ঘরে রেখা পাত করিবে এইরূপে চন্দ্রের ঘর হইতে তৃতীয়, ষষ্ঠ এবং একাদশ ঘরে ; মঙ্গল যে ঘরে আছেন সেই ঘরে ও দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, দশম এবং একাদশ ঘরে ; বুধের ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ এবং একাদশ ঘরে ; বৃহস্পতির ঘর হইতে ষষ্ঠ, দশম, একাদশ ও দ্বাদশ ঘরে ; শুক্রের ঘর হইতে ষষ্ঠ, অষ্টম, একাদশ এবং দ্বাদশ ঘরে ; শনি যে ঘরে আছেন সেই ঘরে ও চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম এবং একাদশ ঘরে ; যে ঘর লগ্ন হইবে, সেই ঘরে ও তাহার তৃতীয়, ষষ্ঠ, দশম এবং একাদশ ঘরে রেখা পাত করিবে। মঙ্গলাষ্টবর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিলে ৩৯ ঊনচত্বারিংশৎ রেখা হইবে। ৩

রেখা—৩৯।

| | |
|---|---|
| রবেঃ ৩।৫।৬।১০।১১ | গুরোঃ ৬।১০।১১।১২ |
| চন্দ্রাৎ ৩।৬।১১ | শুক্রাৎ ৬।৮।১১।১২ |
| কুজাৎ ১।২।৪।৭।৮॥১০।১১ | শনেঃ ১।৪।৭।৮।৯।১০।১১ |
| বুধাৎ ৩।৫।৬।১১ | লগ্নাৎ ১।৩।৬।১০।১১ |

---

## অথ বুধাষ্টবর্গ।

দ্ব্যাদ্যায়াষ্ট তপঃ সুখেষু ভৃগুজাৎ সত্র্যাত্মজেষ্বিন্দুজঃ
সাজ্ঞান্তেষু যমারয়ো র্ব্যয় রিপুপ্রাপ্ত্যষ্টগো বাক্‌পতেঃ।
ধর্ম্মায়ারি সুতব্যয়েষু সবিতুঃ স্বাৎ সাদ্য কর্ম্মত্রিগঃ
ষট্‌স্বায়াষ্টসুখাস্পদেষু হিমগোঃ সাদ্যেষু লগ্নাচ্ছুভঃ ॥ ৪॥

বুধের অষ্টবর্গে রবির ঘর হইতে পঞ্চম, ষষ্ঠ, নবম, একাদশ এবং দ্বাদশ ঘরে রেখাপাত করিবে, এইরূপে চন্দ্রের ঘর হইতে দ্বিতীয়, চতুর্থ, ষষ্ঠ, অষ্টম, দশম এবং একাদশ ঘরে; মঙ্গল যে ঘরে আছেন সেই ঘরে ও তাহার দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম এবং একাদশ ঘরে; বুধ যে ঘরে আছেন সেই ঘরে ও তাহার তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, নবম, দশম, একাদশ এবং দ্বাদশ ঘরে; বৃহস্পতির ঘর হইতে ষষ্ঠ, অষ্টম, একাদশ এবং দ্বাদশ ঘরে; শুক্র যে ঘরে আছেন সেই ঘরে ও তাহার দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, অষ্টম, নবম, ও একাদশ ঘরে; শনি যে ঘরে আছেন সেই ঘরে এবং তাহার দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম ও একাদশ ঘরে; যে ঘর লগ্ন হইবে সেই ঘরে ও তাহার দ্বিতীয়, চতুর্থ, ষষ্ঠ, অষ্টম, দশম এবং একাদশ ঘরে এক একটী রেখাপাত করিবে, বুধাষ্টবর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিলে ৫৪ চতুঃপঞ্চাশৎ রেখা হইবে।৪

রেখা—৫৪।

| | |
|---|---|
| রবেঃ ৫।৬।৯।১১।১২ | গুরোঃ ৬।৮।১১।১২ |
| চন্দ্রাৎ ২।৪।৬।৮।১০।১১ | শুক্রাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১১ |
| কুজাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১ | শনেঃ ১।২।৪।৭।৮।৯।১০।১১ |
| বুধাৎ ১।৩।৫।৬।৯।১০।১১।১২ | লগ্নাৎ ১।২।৪।৬।৮।১০।১১ |

---

## অথ গুরোরষ্ট বর্গ।

দিক্ স্বাদ্যাষ্টমদায় বন্ধুষু কুজাৎ স্বাৎ সত্রিগেষঙ্গিরাঃ
সূর্য্যাৎ সত্রিনবেষু ধী স্ব নব দিগ্‌লাভারিগো ভার্গবাৎ।
জায়ায়ার্থ নবাত্মজেষু হিমগোর্ম্মন্দাত্ত্রি ষড়্‌ধীব্যয়ে
দিগ্‌ধী ষট্‌ স্ব সুখায় পূর্ব্ব নবগো জ্ঞাৎ সম্মরশ্চোদয়াৎ ॥ ৫

বৃহস্পতির অষ্টবর্গে যে ঘরে রবি আছেন সেই ঘরে এবং তাহার দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম; নবম, দশম এবং একাদশ ঘরে এক একটী রেখা পাত করিবে এইরূপে চন্দ্রের ঘর হইতে দ্বিতীয়, পঞ্চম, সপ্তম, নবম এবং একাদশ ঘরে; মঙ্গল যে ঘরে আছেন সেই ঘরে, ও তাহার দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, দশম এবং একাদশ ঘরে, বুধ যে ঘরে আছেন সেই ঘরে ও তাহার দ্বিতীয় চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, নবম, দশম এবং একাদশ ঘরে, বৃহস্পতি যে ঘরে আছেন সেই ঘরে ও দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, দশম এবং একাদশ ঘরে; শুক্রের ঘর হইতে দ্বিতীয়, পঞ্চম, ষষ্ঠ, নবম, দশম, এবং একাদশ ঘরে, শনির ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, এবং দ্বাদশ ঘরে; যে ঘরে লগ্ন হইবে সেই ঘরে ও দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, নবম, দশম এবং একাদশ ঘরে এক একটী রেখাপাত করিবে; বৃহস্পতির অষ্টবর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিয়া ৫৬ ষট্ পঞ্চাশৎ রেখা হইবে।৫

রেখা—৫৬।

| | |
|---|---|
| রবেঃ ১।২।৩।৪।৭।৮।৯।১০।১১ | গুরোঃ ১।২।৩।৪।৭।৮।১০।১১ |
| চন্দ্রাৎ ২।৫।৭।৯।১১ | শুক্রাৎ ২।৫।৬।৯।১০।১১ |
| কুজাৎ ১।২।৪।৭।৮।১০।১১ | শনেঃ ৩।৫।৬।১২ |
| বুধাৎ ১।২।৪।৫।৬।৯।১০।১১ | লগ্নাৎ ১।২।৪।৫।৬।৭।৯।১০।১১ |

---

## অথ শুক্রাষ্টবর্গ।

লগ্নাদাসুত লাভ রন্ধ্র নবগঃ সাস্ত্যঃ শশাঙ্কাৎ স্থিতঃ
স্বাৎ সাজ্ঞেষু সুখত্রিধী নবদর্শ ছিদ্রাপ্তিগঃ সূর্য্যজাৎ।
রন্ধ্রায় ব্যয়গোরবের্নবদশপ্রাপ্ত্যষ্টধীস্থো গুরো-
র্জ্ঞাদ্ধীত্র্যায় ন বারিগস্ত্রি নব ষট্ পুত্রায় সাস্ত্যঃ কুজাৎ ॥ ৬ ॥

শুক্রের অষ্ট বর্গে রবির ঘর হইতে অষ্টম, একাদশ ও দ্বাদশ ঘরে একএকটী রেখাপাত করিবে এইরূপ যে ঘরে চন্দ্র আছেন, সেই ঘরে ও দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম অষ্টম, নবম, একাদশ এবং দ্বাদশ ঘরে; মঙ্গলের ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, নবম, একাদশ এবং দ্বাদশ ঘরে; বুধের ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, নবম, এবং একাদশ ঘরে; বৃহস্পতির ঘর হইতে পঞ্চম অষ্টম, নবম, দশম এবং একাদশ ঘরে, শুক্র যে ঘরে আছেন সেই ঘরে ও

দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, অষ্টম, নবম, দশম, এবং একাদশ ঘরে ; শনির ঘর হইতে তৃতীয়, চতুর্থ, পঞ্চম, অষ্টম, নবম, দশম, এবং একাদশ ঘরে ; যে ঘর লগ্ন হইবে সেই ঘরে ও দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, অষ্টম নবম এবং একাদশ ঘরে এক একটী রেখাপাত করিবে। শুক্রের অষ্ট বর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিয়া ৫২ দ্বিপঞ্চাশৎ রেখা হইবে ॥ ৬

রেখা—৫২।

| | |
|---|---|
| রবেঃ ৮।১১।১২ | গুরোঃ ৫।৮।৯।১০।১১ |
| চন্দ্রাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১১।১২ | শুক্রাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১০।১১ |
| কুজাৎ ৩।৫।৬।৯।১১।১২ | শনেঃ ৩।৪।৫।৮।৯।১০।১১ |
| বুধাৎ ৩।৫।৬।৯।১১ | লগ্নাৎ ১।২ ৩।৪।৫।৮।৯।১১ |

---

## অথ শনেরষ্টবর্গ।

মন্দঃ স্বাত্ত্রি স্থতায় শক্রষু শুভঃ সাঙ্কান্ত্যগো ভূমিজাৎ
কেন্দ্রায়াষ্ট ধনেম্বিনা ছ্পচয়েম্বাদ্যে স্থথেচোদয়াৎ।
ধর্ম্মায়ারি দশান্ত্য মৃত্যুষু বুধাচ্চন্দ্রাত্ত্রি ষড় লাভগঃ
ষষ্ঠায়ান্ত্যগতঃ সিতাৎ স্থরগুরোঃ প্রাপ্ত্যন্ত্যধী শক্রষু ॥ ৭ ॥

শনির অষ্টবর্গে রবি যে ঘরে আছেন সেই ঘরে ও দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, দশম এবং একাদশ ঘরে ; এক একটী রেখা পাত করিবে ঐ রূপে চন্দ্রের ঘর হইতে তৃতীয়, ষষ্ঠ, এবং একাদশ ঘরে ; মঙ্গলের ঘর হইতে তৃতীয় পঞ্চম, ষষ্ঠ, দশম, একাদশ, এবং দ্বাদশ ঘরে ; বুধের ঘর হইতে ষষ্ঠ, অষ্টম, নবম, দশম, একাদশ এবং দ্বাদশ ঘরে ; বৃহস্পতির ঘর হইতে পঞ্চম, ষষ্ঠ, একাদশ এবং দ্বাদশ ঘরে, শুক্রের ঘর হইতে ষষ্ঠ, একাদশ এবং দ্বাদশ ঘরে ; শনির ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, এবং একাদশ ঘরে ; যে ঘর লগ্ন হইবে সেই ঘরে ও তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ, দশম এবং একাদশ ঘরে রেখাপাত করিবে। শনির অষ্টবর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিয়া ৩৯ ঊনচত্ত্বারিংশৎ রেখা হইবে ॥৭

রেখা—৩৯।

| | |
|---|---|
| রবেঃ ১।২।৪।৭।৮।১০।১১ | গুরোঃ ৫।৬।১১।১২ |
| চন্দ্রাৎ ৩।৬।১১ | শুক্রাৎ ৬।১১।১২ |
| কুজাৎ ৩।৫।৬।১০।১১।১২ | শনেঃ ৩।৫।৬।১১ |
| বুধাৎ ৬।৮।৯।১০।১১।১২ | লগ্নাৎ ১।৩।৪।৬।১০।১১ |

গ্রন্থান্তরে লগ্ন ও রাহুর অষ্ট বর্গ যাহা লিখিত আছে তাহা প্রকাশ করা গেল।

## অথ লগ্নাষ্টবর্গ।

লগ্নাষ্টবর্গে রবি যে ঘরে আছেন সেই ঘরে ও দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, দশম, এবং একাদশ ঘরে এক একটী রেখাপাত করিবে। এইরূপে চন্দ্রের ঘর হইতে তৃতীয়, ষষ্ঠ এবং একাদশ ঘরে ; মঙ্গলের ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, ও একাদশ ঘরে ; বুধের ঘর হইতে ষষ্ঠ, অষ্টম, নবম, দশম, এবং একাদশ, ঘরে ; বৃহস্পতির ঘর হইতে পঞ্চম, ষষ্ঠ, একাদশ এবং দ্বাদশ ঘরে ; শুক্রের ঘর হইতে ষষ্ঠ, একাদশ এবং দ্বাদশ ঘরে ; শনির ঘর হইতে তৃতীয় পঞ্চম, অষ্টম, দশম এবং একাদশ ঘরে ; যে ঘর লগ্ন হইবে, সেই ঘরে ও তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ, দশম এবং একাদশ ঘরে এক একটী রেখা পাত করিবে, লগ্নাষ্টবর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিয়া ৩৭ সপ্তত্রিংশৎ রেখা হইবে।

রেখা—৩৭।

| | |
|---|---|
| রবেঃ ১।২।৪।৭।৮।১০।১১ | গুরোঃ ৫।৬।১১।১২ |
| চন্দ্রাৎ ৩।৬।১১ | শুক্রাৎ ৬।১১।১২ |
| কুজাৎ ৩।৫।৬।১১ | শনেঃ ৩।৫।৮।১০।১১ |
| বুধাৎ ৬।৮।৯।১০।১১ | লগ্নাৎ ১।৩।৪।৬।১০।১১ |

---

## অথ রাহোরষ্টবর্গ।

রাহুর অষ্টবর্গে রবির ঘর হইতে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ, এবং অষ্টম ঘরে এক একটী রেখাপাত করিবে। এই রূপে চন্দ্রের ঘর হইতে তৃতীয়, চতুর্থ এবং ষষ্ঠ ঘরে ; মঙ্গলের ঘর হইতে তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, এবং অষ্টম ঘরে ; বুধ যে ঘরে আছেন সেই ঘরে এবং দ্বিতীয়, তৃতীয়, পঞ্চম, এবং অষ্টম ঘরে; বৃহস্পতির ঘর হইতে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ, এবং অষ্টম ঘরে, শুক্রের ঘর হইতে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ, এবং অষ্টম ঘরে ; শনির ঘর হইতে দ্বিতীয়, পঞ্চম, এবং ষষ্ঠ

ঘরে; যে ঘরে রাহু আছেন সেই ঘরে এবং চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, ও অষ্টম ঘরে; লগ্ন হইতে পঞ্চম, অষ্টম, দশম, একাদশ এবং দ্বাদশ ঘরে রেখাপাত করিবে রাহুর অষ্টবর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিয়া ৪১ এক চত্ত্বারিংশৎ রেখা হইবে।

রেখা—৪১।

| | |
|---|---|
| রবেঃ ২।৩।৪।৬।৮ | গুরোঃ ২।৩।৪।৬।৮ |
| চন্দ্রাৎ ৩।৪।৬ | শুক্রাৎ ২।৩।৪।৬।৮ |
| কুজাৎ ৩।৪।৫।৬।৮ | শনেঃ ২।৫।৬ |
| বুধাৎ ১।২।৩।৫।৮ | রাহোঃ ১।৪।৫।৬।৮ |
| | লগ্নাৎ ৫।৮।১০।১১।১২ |

---

ইতি নিগদিতমিষ্টং নেষ্টমন্থদ্বিশেষা
দধিক ফল বিপাকং জন্মভাত্তত্রদছ্যঃ।
উপচয় গৃহমিত্র স্বোচ্চগৈঃ পুষ্ট মিষ্টং
ত্বপচয় গৃহ নীচা রাতিগৈর্নেষ্ট সম্পৎ॥ ৮॥

এইরূপে রেখা পাত করিয়া গ্রহের শুদ্ধাশুদ্ধ বিবেচনা করিবে। যে গ্রহের অষ্টবর্গ করিতে হইবে সেই গ্রহ যদি, যে ঘরে চারি কিম্বা ততোঽধিক রেখা থাকে সেই রাশিগত হয়, তবে শুদ্ধ এবং শুভফল প্রদ, আর যে ঘরে চারি রেখার কম হইবে সেই রাশি গত হইলে অশুদ্ধ ও অশুভ ফল-প্রদ জানিবে।

গ্রহগণ অষ্ট বর্গে শুদ্ধ হইয়া যদি উপচয় অর্থাৎ জন্ম রাশি বা লগ্ন হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম বা একাদশ রাশি গত কিম্বা মিত্র গৃহ স্থিত হয় অথবা স্বীয় উচ্চ স্থানে থাকে তবে সেই গ্রহ বিশেষ শুভ ফল প্রদান করে, আর অষ্টবর্গে শুদ্ধ না হইয়া যদি অপচয় অর্থাৎ তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশ ভিন্ন গৃহ গত অথবা শত্রু গৃহস্থিত কিম্বা নীচ গৃহে থাকে তবে সেই গ্রহ বিশেষ অশুভ ফল প্রদান করিবে।

জন্মকালে ও গোচরে অনিষ্ট কারী গ্রহও যদি অষ্ট-বর্গে শুদ্ধ হয় তবে সেই গ্রহ বিশেষ অনিষ্ট করেন না। আর জন্মকালে ও গোচরে মঙ্গল কারী গ্রহও যদি অষ্ট বর্গে শুদ্ধ না হয় তবে বিশেষ শুভ ফল প্রদান করিতে পারে না। ৮

ইতি বৃহজ্জাতকে অষ্টবর্গ।

---

# অথাষ্টবর্গ ফলম্।

গ্রন্থান্তরে।

যাবতী যাবতী রেখা গ্রহাণামষ্ট বর্গকে।
তাবতীং দ্বিগুণীকৃত্য চাষ্টাভিঃ পরিশোধয়েৎ॥ ১॥

লিখিত প্রণালী মতে রেখা পাত করিয়া এক এক ঘরে যত রেখা হইবে তাহা দ্বিগুণ করিয়া তাহা হইতে আট বিয়োগ করিবে॥ ১

অষ্টোপরিভবেদ্রেখা অষ্টাভ্যান্তর বিন্দবঃ।
অষ্টাভিশ্চ সমো যত্র স সমঃ পরিকীর্ত্তিতঃ॥ ২॥

ঐরূপ বিয়োগ করিয়া যত অবশিষ্ট থাকিবে তত অঙ্ক সেই সেই ঘরে বসাইতে হইবে, আর যে ঘরে রেখার দ্বিগুণে আটের কম হইবে সেই সেই ঘরে যত কম হইবে তত বিন্দু লিখিবে এবং যে ঘরে রেখার দ্বিগুণে আট হইবে সেই ঘরে সম লিখিবে॥ ২

অষ্টাভিশ্চাষ্টরেখা চ ষড়্রেখা সপ্তরেখকে।
ষড়্রেখেতু চতুরেখা দ্বিরেখা পঞ্চরেখকে।
সমো রেখা চতুষ্কে তু রেখাভিস্তু ফলং শুভং॥ ৩॥
শ্রীরানন্দ স্তথা শ্রেয়ো যোগো রাজ্য প্রদস্তথা।
দ্ব্যাদি দ্বিগুণ রেখাণাং ফলমে তদনুক্রমাৎ॥ ৪॥

যে ঘরে অষ্ট রেখা পড়িবে সেই ঘরে আট রেখাই থাকিবে। যে ঘরে সাত রেখা পড়িবে সেই ঘরে ছয় রেখা হইবে, যে ঘরে ছয় রেখা পড়িবে সেই ঘরে চারি রেখা হইবে, যে ঘরে পাঁচ রেখা পড়িবে সেই ঘরে দুই রেখা হইবে॥ ৩

যে ঘরে চারি রেখা পড়িবে সেই ঘরে সম হইবে। রেখা দ্বারা শুভ ফল অর্থাৎ যে গ্রহের অষ্ট বর্গ গণনা করা যাইবে সেই গ্রহ, যে ঘরে রেখা পড়িবে সেই রাশিতে শুভ ও যে ঘরে বিন্দু পতিত হইবে সেই রাশিতে অশুভ ফল প্রদান করিবে।

দুই রেখা হইলে শ্রীযোগ, চারি রেখা হইলে আনন্দ যোগ, ছয় রেখা হইলে শ্রেয়ো যোগ, অষ্ট রেখা হইলে রাজ্য প্রদ যোগ হইবে॥ ৪

শূন্যে চ বিন্দবশ্চাষ্টৌ রেখৈকেরস বিন্দবঃ।
চত্বারো বিন্দবো যুগ্মে দ্বিবিন্দূরাম রেখয়া ॥ ৫ ॥

যে ঘরে একটী ও রেখা পড়িবে না সেই ঘরে আট বিন্দু, যে ঘরে এক রেখা পড়িবে সেই ঘরে ছয় বিন্দু, যে ঘরে দুই রেখা পড়িবে সেই ঘরে চারি বিন্দু, আর যে ঘরে তিন রেখা পড়িবে সেই ঘরে দুই বিন্দু লিখিতে হইবে ॥ ৫

মলিনোঽথ বিপদ্ধানি র্যোগো মৃত্যু প্রদস্তথা।
দ্ব্যাদিদ্বিগুণবিন্দূনাং ফলমেতদনু ক্রমাৎ ॥ ৬ ॥

দুই বিন্দু হইলে মলিন যোগ, চারি বিন্দু হইলে বিপদ যোগ, ছয় বিন্দু হইলে হানি যোগ, আট বিন্দু হইলে মৃত্যুপ্রদযোগ জানিবে ॥ ৬

---

## অথ মহাষ্ট বর্গঃ।

সর্ব্ব গ্রহাণাং শুভমষ্টবর্গং
কৃত্বা পৃথক্ সপ্তসু চক্রকেষু।
মেষাখ্য রাশেঃ সকলাঙ্কমালাং
লিখেৎ সমাহৃত্য সমস্তচক্রাৎ ॥ ১ ॥

পূর্ব্বোক্ত প্রণালীমতে রব্যাদি সাত গ্রহের অষ্ট বর্গ অঙ্কিত করিয়া আর একটী রাশি চক্র অঙ্কিত করিবে অনন্তর রব্যাদি সাত গ্রহের অষ্টবর্গে প্রত্যেকের মেষের ঘরে যত অঙ্ক দেখিবে সেই সকল অঙ্ক একত্র যোগ করিয়া এই রাশি চক্রে মেষের ঘরে রাখিবে ॥ ১

মহাষ্টবর্গাহ্বয় চক্র মেত স্রাশৌ বৃষাদাবপি চৈব মেব।
বিলিখ্য যাত্রাদি বিবাহ রাজ্যা ভিষেক চূড়াদি মহেষু কুর্য্যাৎ॥ ২

রব্যাদি সাত গ্রহের অষ্টবর্গে ঐ রূপে প্রত্যেকের বৃষের ঘরে যত অঙ্ক দেখিবে ঐ সকল অঙ্ক একত্র যোগ করিয়া এই রাশি চক্রে বৃষের ঘরে রাখিতে হইবে এইরূপে মিথুনাদি সকল ঘরের অঙ্ক পৃথক্ পৃথক্ যোগ করিয়া এই রাশি চক্রের মিথুনাদি ঘরে সংস্থাপন করিতে হইবে। যাত্রা, বিবাহ, রাজ্যাভিষেক ও চূড়া প্রভৃতি উৎসব কার্য্যে অষ্টবর্গে গ্রহ শুদ্ধি বিবেচনা করা আবশ্যক ॥ ২

ত্রিংশাধিক কলা যে চ রাশয়স্তে শুভামতাঃ।
পঞ্চবিংশাদি ত্রিংশান্তফলা মধ্যাঃ প্রকীর্ত্তিতাঃ।
ততঃ ক্ষীণবলানিন্দ্যা অঙ্কপাতস্ততঃ পরঃ ॥ ৩ ॥

এইরূপে অঙ্কপাত করিয়া শুভাশুভ ফল গণনা করিবে এই মহাষ্ট বর্গ চক্রে যে ঘরে ২৪ পর্য্যন্ত অঙ্ক পতিত হইবে সেই রাশি সেই মনুষ্যের পক্ষে হীন বল ২৫ হইতে ৩০ পর্য্যন্ত অঙ্ক যে ঘরে পড়িবে সেই রাশি মধ্য বল আর ৩১ হইতে ৫৬ পর্য্যন্ত অঙ্ক যে ঘরে পতিত হইবে সেই রাশি পূর্ণ বল জানিবে ॥ ৩

শুভরাশৌ বিলগ্নে চ তন্মুহূর্ত্তেপিবা বুধঃ।
কুর্য্যাদেতৎ কর্ম্ম সর্ব্বং তদাপ্নুঃ সর্ব্বসম্পদঃ ॥ ৪ ॥

মহাষ্টবর্গ গণনায় যে রাশিটী শুদ্ধ হইবে সেই রাশিতে বা সেই লগ্নে সকল শুভ কর্ম্ম করিবে, অষ্টবর্গ শুদ্ধ রাশিতে শুভ কার্য্য করিলে সকল সম্পদ লাভ হয় ॥ ৪

কর্ম্ম রাশিঃ শুভশ্চেৎ স্যাত্তদাতীব মহৎ ফলম্।
মধ্যমশ্চ তদাপীষ্টং কলে নিন্দ্যোপি তচ্ছুভম্ ॥ ৫ ॥

মহাষ্টবর্গে যে রাশি শুদ্ধ অর্থাৎ পূর্ন বল হয় সেই রাশিতে কর্ম্ম করিলে অতিশয় শুভফল হইবে, মধ্যবল রাশিতে কর্ম্ম করিলেও শুভফল, আর কর্ম্ম কালীন রাশি যদি হীনবল হয় তথাপি ও কিঞ্চিৎ শুভফল জানিবে ॥ ৫

মূর্ত্যাদি ব্যয় পর্য্যন্তং দৃষ্ট্বাভাব ফলানিবৈ।
অধিকে শোভং বিদ্যাদ্ধীনে দোষং বিনির্দ্দিশেৎ ॥ ৬ ॥

মহাষ্ট বর্গে লগ্ন হইতে দ্বাদশ স্থান বিবেচনা করিয়া শুভাশুভ ফল নিরূপণ করিবে। যে স্থানে অধিক অঙ্ক থাকিবে সেই স্থানে শুভ ফল, আর যে স্থানে অল্প অঙ্ক থাকিবে সেই স্থানে অশুভ ফল জানিবে ॥ ৬

মীনাদি মিথুনং ব্যাপ্য প্রথমং খণ্ডমিষ্যতে।
কর্ক্যাদি তৌলিনং ব্যাপ্য দ্বিতীয়ং খণ্ডমিষ্যতে ॥ ৭ ॥

মহাষ্ট বর্গ চক্রে মীন মেষ, বৃষ, ও মিথুন এই চারি ঘরের অঙ্ক একত্র যোগ করিলে যত হইবে তাহা প্রথম খণ্ড। কর্কট, সিংহ, কন্যা ও তুলা এই চারি ঘরের অঙ্ক একত্র যোগ করিলে যত অঙ্ক হইবে, তাহা দ্বিতীয় খণ্ড। বৃশ্চিক, ধনু,মকর ও কুম্ভ এই চারি ঘরের অঙ্ক যোগ করিলে যত অঙ্ক হইবে তাহা তৃতীয় খণ্ড জানিবে ॥ ৭

যস্মিন্ খণ্ডেঽধিকা রেখা শুভং তৎপরিকীর্ত্তিতম্।
যত্র হীনা ন তত্তত্রং দেবশানঃ প্রভাষতে ॥ ৮ ॥

যে ব্যক্তির যে খণ্ডে অধিক অঙ্ক হইবে, সেই ব্যক্তি বয়সের সেই খণ্ডে সুখ ভোগ করিবে আর যে খণ্ডের অঙ্ক সর্ব্বাপেক্ষা কম হইবে বয়সের সেই খণ্ডে দুঃখ ভোগ করিবে ॥ ৮

কৌমারং প্রথমং খণ্ডং যৌবনঞ্চ দ্বিতীয়কম্।
তৃতীয়ং বার্দ্ধকঞ্চৈব শেষে দত্বাৰ্দ্ধয়স্তপি ॥ ৯ ॥

প্রথম খণ্ডকে বাল্যখণ্ড, দ্বিতীয় খণ্ডকে যৌবন খণ্ড, ও তৃতীয় খণ্ডকে বৃদ্ধখণ্ড বলে, ইহার মধ্যে যে খণ্ডের অঙ্ক অধিক হইবে সেই বয়সে সুখ ভোগ করিবে। ৯

লগ্ন প্রভৃতি মন্দান্ত মেকী কৃত্য ফলানিবৈ
সপ্তভির্গুণয়েৎ পশ্চাৎ সপ্তবিংশদ্বতাৎ ফলম্।
তৎসমাব্দে যদা পাপদশা ভবতি দেহিনাম্
ততো দুঃখং বিজানীয়াদ্রোগং বা মৃত্যু মেব চ ॥ ১০ ॥

মহাষ্ট বর্গ চক্রে যে ঘর লগ্ন, সেই ঘর হইতে যে ঘরে শনি আছেন সেই ঘর পর্য্যন্ত কয়েক ঘরে যত অঙ্ক থাকিবে সেই সকল অঙ্ক যোগ করিয়া সপ্ত দ্বারা গুণ করিবে, পরে ২৭ শ দ্বারা ভাগ করিয়া যত ভাগ ফল হইবে, তত বৎসরে যদি পাপ গ্রহের দশা হয়, তবে নানাবিধ দুঃখ, রোগ অথবা মৃত্যু হইয়া থাকে। ১০

চন্দ্র প্রভৃতি মন্দান্ত মপ্যেবং পরিকল্পয়েৎ।
ভৌমাল্লগ্নান্ততস্তদ্বল্লগ্নাদ্ভৌমান্তমেব বা ॥ ১১ ॥

মহাষ্ট বর্গ চক্রে যে ঘরে চন্দ্র থাকিবেন সেই ঘর হইতে যে ঘরে শনি আছেন, সেই ঘর পর্য্যন্ত কয়েক ঘরে যত অঙ্ক পড়িবে সেই সকল অঙ্ক একত্র যোগ করিয়া ৭ দ্বারা গুণ করিবে, পরে ঐ গুণিত অঙ্ককে ২৭ সাতাইশ দ্বারা ভাগ করিয়া যত ভাগ ফল হইবে, তত বৎসরে যদি পাপ গ্রহের দশা হয়, তবে নানাবিধ দুঃখ, ও রোগ অথবা মৃত্যু হইতে পারে।

এই রূপে মঙ্গল হইতে লগ্ন পর্য্যন্ত এবং লগ্ন হইতে মঙ্গল পর্য্যন্ত ঘরের অঙ্ক যোগ করিয়া ৭ দ্বারা গুণ করিতে হইবে, পরে ২৭ সাতাইশ দ্বারা ভাগ করিয়া উক্ত রূপ ফল নিশ্চয় করিবে। ১১

---

## অথ গুরোরষ্টবর্গে অপত্য বিচারঃ।

গুরো রেবাষ্ট বর্গেতু সন্তানং কল্পয়েদ্বুধঃ।
গুরুস্থিতাৎ সুতস্থানে যাবন্তি স্যুঃ ফলানিবৈ।
শত্রুনীচ গৃহং ত্যক্ত্বা তাব দ্ব্রুয়াদপত্যকম্ ॥ ১ ॥

বৃহস্পতির অষ্টবর্গে সন্তানের শুভাশুভ নিশ্চয় করিতে হয়। অষ্টবর্গ চক্রে যে গৃহে বৃহস্পতি আছেন সেই গৃহ হইতে পঞ্চম স্থানে যত রেখা পড়িবে তত সংখ্যক সন্তান হইবে। কিন্তু ইহাতে বিশেষ এই যে ঐ পঞ্চম স্থানে যে যে গ্রহের রেখা পড়িবে তাহাদের মধ্যে যে যে গ্রহের শত্রু স্থান বা নীচ স্থান ঐ পঞ্চম গৃহ হইবে সেই সেই গ্রহের রেখা বাদ দিতে হইবে। ১

গুরোস্তুঙ্গং সুতস্থানং যদি স্যাত্ত্রিগুণং ভবেৎ।
স্বক্ষং মূলত্রিকোণং বা যদিস্যাদ্দ্বিগুণং তদা।
তত্রৈব যদি সর্ব্বেষাং শুভানাং দৃষ্টি জুষ্টতা।
তদোক্তা দপি বৃদ্ধিঃ স্যাদ্দেবশানঃ প্রভাষতে ॥ ২॥

বৃহস্পতির অষ্ট বর্গ চক্রে যে গৃহে বৃহস্পতি আছেন, সেই গৃহ হইতে পঞ্চম গৃহ যদি বৃহস্পতির তুঙ্গ স্থান হয়, তবে ঐ ঘরে যত রেখা পড়িবে, তাহার ত্রিগুণ সংখ্যক সন্তান হইবে, আর ঐ পঞ্চম স্থান যদি বৃহস্পতির মুল ত্রিকোণ হয়, তবে সেই গৃহস্থিত রেখার দ্বিগুণ সংখ্যক সন্তান হইবে।

বৃহস্পতি হইতে পঞ্চম স্থান যদি বৃহস্পতির তুঙ্গ বা মুল ত্রিকোণ হয়, ও তাহাতে সকল শুভ গ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে উক্ত দ্বিগুণ ত্রিগুণ হইতে ও অধিক সন্তান জন্মিবে। ২

যাবন্তো বা নবাংশাশ্চ ভুক্তা স্তৎ সুতভেশিনা।
তাবন্ত্যপত্যানি বদেদ্বিশেষ স্তত্র কথ্যতে ॥ ৩॥

যে গৃহে বৃহস্পতি আছেন সেই গৃহ হইতে পঞ্চম স্থানের অধিপতি গ্রহ জন্ম কালে যে কোন রাশিতে অবস্থিতি করিয়া যত সংখ্যক নবাংশ ভোগ করিয়াছেন, তত সংখ্যক সন্তান হইবে। ৩